

# বিপির বাণী

# বিপির বাণী

স্কাউট আন্দোলনের জনক লর্ড ব্যাডেন পাওয়েলের
বিভিন্ন লেখা থেকে উদ্ধৃতি সংকলন

[মারিও সিকা কর্তৃক সংকলিত
**FOOTSTEPS OF THE FOUNDER**
বইয়ের অনুবাদ]

অনুবাদ : মাহবুবুল আলম

রোভার প্রকাশনী
বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল



প্রথম সংস্করণ ঃ প্রকাশকাল : ষোড়শ রোভার মুট ফেব্রুয়ারি ২০০৪
দ্বিতীয় সংস্করণ ঃ মার্চ ২০১৩

প্রকাশক : মোঃ মনিরুজ্জামান
সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০

বর্ণবিন্যাস :
আইডিয়া ঃ ৪৪, আরামবাগ, ঢাকা-১০০০

প্রচ্ছদ : উত্তম সেন

মুদ্রণে ঃ দাগ
১৪২/১, আরামবাগ, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০, মোবাইল ঃ ০১৮১৭-০৭৬১৩৬

মূল্য : ৫০/= (পঞ্চাশ) টাকা

উৎসর্গ

ডক্টর কে এম মোহসীন
স্কাউটিংয়ের প্রতি যাঁর অনিঃশেষ ভালবাসা

# ভূমিকা

বিশ্বজোড়া স্কাউট আন্দোলনের জনক লর্ড ব্যাডেন পাওয়েল (১৮৫৭-১৯১৪) বিপি নামেই বেশি পরিচিত। তাঁর নিজের জীবনেই সাধনার সফলতা প্রত্যক্ষ করতে পেরেছিলেন। তাঁর মৃত্যুর অনেক পরবর্তী কালেও স্কাউট আন্দোলনের উপযোগিতা ও জনপ্রিয়তা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। স্কাউট আন্দোলন শিশু কিশোর ও তরুণ সমাজকে সফল জীবন গঠনের জন্য এক আনন্দময় পথে পরিচালিত করছে।

এই মহান আন্দোলনের শুরু ও সম্প্রসারণে বিপির অবদান সর্বাধিক গুরুত্বপূর্ণ। তাঁর লেখা বত্রিশটি বইয়ে তাঁর চিন্তাধারা প্রতিফলিত হয়েছে এবং বইগুলো স্কাউট আন্দোলনকে এগিয়ে নিতে সাহায্য করেছে। তাঁর বিচিত্র জীবনের বাস্তব অভিজ্ঞতা এসব বইয়ে অনবদ্য ভাষায় বিধৃত হয়েছে। বিপি জন্মেছিলেন ইংলন্ডে, কিন্তু তাঁর জীবনের মূল্যবান সময় কেটেছে ভারত ও আফ্রিকায়। সৈনিক জীবন থেকে অবসর নিয়ে তিনি স্কাউট আন্দোলন সম্প্রসারণে সর্বাত্মকভাবে আত্মনিয়োগ করেন। জীবনের বাস্তব অভিজ্ঞতার আলোকে ভবিষ্যৎ নাগরিকদের জীবন গঠনের দিক নির্দেশনা আছে তাঁর বইয়ে। এতে সব বয়সী ছেলেমেয়েদের, সঙ্গে সঙ্গে পরিণত বয়সের ব্যক্তিত্বের কাছেও আছে তাঁর বক্তব্যের সমাদর।

বিপির রচনাবলি ও ভাষণ থেকে সুনির্বাচিত পাঁচ শতাধিক উদ্ধৃতি সম্বলিত সংকলন Footsteps of the founder বইটির অনুবাদ বিপির বাণী নামে প্রকাশিত হল। বিপির আদর্শ ও ধ্যান-ধারণার পরিচয় লাভে বইটি স্কাউট স্কাউটার ও সাধারণ পাঠকের উপকারে আসবে।

রোভার অঞ্চলের সাবেক সম্পাদকদ্বয় প্রফেসর সায়েদুর রহমান ও প্রফেসর আবদুর রহমান এবং বর্তমান সম্পাদক প্রফেসর মোঃ মনিরুজ্জামান বইটি প্রকাশে যে আগ্রহ দেখিয়েছিলেন তার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

বইটি স্কাউটিংয়ের উপকারে আসুক এটাই আমার প্রত্যাশা।

সৌরভ<br>
১৩/১ বর্ধন বাড়ি<br>
মিরপুর, ঢাকা-১২১৮

মাহবুবুল আলম

# মুখবন্ধ

রোভার স্কাউটিংয়ের স্বার্থে সকলের চাহিদার কথা বিবেচনা করে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল কর্তৃক অধ্যাপক মাহবুবুল আলম রচিত বিপি'র বাণী বইটি প্রথম প্রকাশ করা হয় ২০০৪ সালে ষোড়শ আঞ্চলিক রোভার মুটে। ২০১৩ সালে বইটির প্রথম সংস্করণে লেখক কর্তৃক সংশোধন ও পরামর্শ মোতাবেক প্রকাশ করা হয়েছে। বইটি প্রকাশে মুদ্রণজনিত কোন ত্রুটি থাকলে রোভার অঞ্চলকে অবহিত এবং ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। বিপি'র বাণী বই সম্পর্কে যে কোন পরামর্শদানের জন্য সকলের প্রতি আহ্বান জানাচ্ছি। আপনার পরামর্শ বিবেচনায় নিয়ে পরবর্তী সংস্করণ ও পুনঃ মুদ্রণের উদ্যোগ নেয়া হবে।

মোঃ মনিরুজ্জামান-এল.টি.
সম্পাদক
বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল

# যে সব বই থেকে উদ্ধৃতি নির্বাচন করা হয়েছে

a) Books
African Adventures (1937)
Aids to Scoutmastership, 1919 edition
Aids to Scoutmastership, 1944 World Brotherhood edition
Adventuring to Manhood (1936)
Aids to Scouting for N.C.O.s and Men (1899)
Birds and Beasts of Africa (1938)
B.-P.'s Outlook : Selections from *The Scouter*, 1957 edition
Girl Guiding, 1966 reprint of 1936 edition
Indian Memories (1915)
Life's Snags and How to Meet them (1927)
Lessons from the Varsity of Life (1933)
Marksmanship for Boys (1915)
More Sketches of Kenya (1940)
An Old Wolf's Favourites (1921)
Paddle Your Own Canoe (1939)
Quick Training for War (1914)
Rovering to Success, 1959 reprint of 1922 edition
Scouting for Boys, 1946 World Brotherhood edition
Scouting for Boys, 26th edition (1951)
Scouting and Youth Movements (1929)
The Wolf Cub's Handbook, definitive edition (17th, 1977)
The Wolf Cub's Handbook, 15th edition (1960)
What Scouts can do (1921)
Yarns for Boy Scouts (1909)
Young Knights of the Empire (1916)

b) Periodicals
Headquarters' Gazette
Jamboree
The Scouter

সুচিপত্র


| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| অগ্রগতি | ৯ | দেশপ্রেম | ৩০ |
| অর্থ | ৯ | ধর্ম | ৩১ |
| অভিনয় | ১০ | ধূমপান | ৩৪ |
| অভিযাত্রা | ১১ | ধৈর্য | ৩৫ |
| আত্মনির্ভরশীলতা | ১১ | নাগরিকতা | ৩৬ |
| আত্মসংযম | ১২ | নারী | ৩৬ |
| আত্মসম্মান | ১৩ | নীরবতা | ৩৬ |
| আশা | ১৩ | নেতৃত্ব | ৩৭ |
| উদারতা | ১৪ | পূর্বতারোহণ | ৩৭ |
| উদ্যোগ | ১৪ | পর্যবেক্ষণ ও অনুমান | ৩৮ |
| উপদল নেতা | ১৪ | পরিকল্পনা | ৩৯ |
| উপদল পদ্ধতি | ১৫ | পরিচ্ছন্নতা | ৩৯ |
| একাদশ আইন | ১৭ | পারদর্শিতা ব্যাজ | ৪০ |
| কর্তব্য | ১৭ | পিতামাতা | ৪১ |
| কমমেধাসম্পন্ন বালক | ১৮ | পোশাক | ৪১ |
| কষ্টসহিষ্ণুতা | ১৮ | পৌরুষ | ৪২ |
| কাজ | ১৯ | প্রকৃতি | ৪৩ |
| কাব স্কাউট | ২০ | প্রতিবন্ধী স্কাউট | ৪৪ |
| কৌতুহল | ২০ | প্রথম শ্রেণির স্কাউট ও গাইড | ৪৫ |
| ক্ষতি | ২১ | প্রফুল্লতা | ৪৫ |
| খেলা | ২১ | প্রশিক্ষণ | ৪৬ |
| খেলোয়াড়ি মনোভাব | ২১ | প্রস্তুত থাকা | ৪৭ |
| গল্পবলা | ২৩ | প্রাক্তন স্কাউট ও গাইড | ৪৮ |
| গাইডিং | ২৩ | প্রাথমিক প্রতিবিধান | ৪৮ |
| চরিত্র | ২৪ | প্রার্থনা | ৪৯ |
| চিত্রাংকন | ২৫ | বই | ৪৯ |
| চিহ্ন অনুসরণ | ২৬ | বখশিশ | ৫০ |
| চেতনা | ২৬ | বদভ্যাস | ৫০ |
| জাম্বুরি | ২৬ | বন্ধুত্ব | ৫০ |
| জীবন | ২৭ | বিশ্বভ্রাতৃত্ব | ৫০ |
| জীবের প্রতি ভালবাসা | ২৮ | বিশ্বভ্রাতৃত্ববোদ বনাম দেশত্ববোধ | ৫২ |
| ঝুঁকি | ২৮ | বিয়ে | ৫২ |
| দরিদ্র বালক | ২৮ | বিশ্রাম | ৫৩ |
| দলের আকার | ২৯ | ব্যক্তি বনাম সমাজ | ৫৪ |
| দান | ৩০ | ব্যায়াম | ৫৪ |
| দায়িত্ব | ৩০ | ভদ্রতা | ৫৪ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ভাগ্য | ৫৪ | সৎকাজ | ৭১ |
| ভালবাসা বনাম ভয় | ৫৪ | সাঁতার | ৭২ |
| ভ্রমণ | ৫৫ | সাধারণ বুদ্ধি | ৭২ |
| মধ্যপান | ৫৫ | সামরিক প্রশিক্ষণ | ৭৩ |
| মনের স্বাধীনতা | ৫৫ | সাহস | ৭৪ |
| মা | ৫৬ | সুখ | ৭৪ |
| যথাসাধ্য চেষ্টা | ৫৭ | সুনাম | ৭৫ |
| যশ | ৫৭ | সেবা | ৭৫ |
| যুদ্ধ | ৫৭ | সেলাই | ৭৬ |
| যোগ্যতা | ৫৮ | সৌন্দর্য | ৭৭ |
| যৌনতা | ৫৮ | স্কাউট আইন | ৭৭ |
| রসবোধ | ৫৯ | স্কাউট আন্দোলন | ৭৮ |
| রাজনীতি | ৫৯ | স্কাউট পদ্ধতি | ৭৯ |
| রোভারিং | ৫৯ | স্কাউটারের ভূমিকা | ৮০ |
| শখ | ৬০ | স্কাউটিং | ৮১ |
| শিক্ষা | ৬০ | স্কাউটিং ও গাইডিং | ৮২ |
| শিক্ষার অগ্রগতি | ৬৪ | স্কাউটিংয়ের চেতনা | ৮২ |
| শিবিরবাস | ৬৫ | স্কাউটিংয়ের লক্ষ্য | ৮২ |
| শুনে নেওয়া | ৬৬ | স্কাউটিংয়ের সংজ্ঞা | ৮৪ |
| শৃঙ্খলা | ৬৬ | স্থানীয় পরিবেশ | ৮৫ |
| সময়ানুবর্তিতা | ৬৮ | স্বর্গ | ৮৫ |
| সফলতা | ৬৮ | স্রষ্টার প্রতি কর্তব্য | ৮৫ |
| সম্ভাবনা | ৬৮ | স্বার্থপরতা | ৮৬ |
| সম্মানবোধ | ৬৯ | স্বাস্থ্য | ৮৭ |
| সরলতা | ৬৯ | হাঁটা | ৮৭ |
| সহনশীলতা | ৬৯ | হাতে কলমে শেখা | ৮৮ |
| সহযোগিতা | ৭০ | হীনতা | ৮৮ |
| সহশিক্ষা | ৭১ | শেষকথা | ৮৮ |

## অগ্রগতি

স্থির হয়ে দাঁড়িয়ে থাকায় কোন লাভ নেই। অগ্রসর হন অথবা বিশ্রাম করুন– যেকোন একটি কাজ করুন। চলুন আমরা এগিয়ে যাই– হাসিমুখে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

পুরানো দিনের নাইটেরা তাঁদের পৃষ্ঠপোষক, দেশ ও মহিলাদের সম্মানের জন্য বিপদ ও যুদ্ধে জড়িত হতেন। আজকের দিনের কাব স্কাউটেরা তাদের কাব দলের সুনামের জন্য বয় স্কাউট দলে যোগ দিবে। তারা যতই এগিয়ে যাবে তারা ততই বিপদ ও দুঃখের প্রত্যাশা করবে।

–উলফ কাবস হ্যান্ডবুক

কাবেরা বয় স্কাউট দলে গিয়ে নিজেদের ভাবনা ভাবে এবং নিজের পায়ে দাঁড়াবে। তখন তোমরা স্কাউট কাজের সঙ্গে জড়িত নয় এমন মানুষের অনুসরণ করা থেকে নিজেকে বিরত রাখবে। কোন কাজ নিরানন্দ ও কঠিন মনে হলে তা থেকে নিজেকে সরিয়ে রাখবে। তোমার দরকার কাজে সুচয়ন ও স্থিরচিত্ততা।

–উলফ কাবস হ্যান্ডবুক




## অর্থ

পয়সা জমাও, টাকা পাবে।

–স্কাউটিং ফর বয়েজ

অনেক লোক অর্থ সঞ্চয় করতে ভালবাসে, কিন্তু কখনও ব্যয় করে না। মিতব্যয়ী হওয়া ভাল, তবে দরকার মত অর্থ ব্যয় করাও উত্তম। আসলে এটাই হল অর্থ সঞ্চয়ের অন্যতম লক্ষ্য।

–স্কাউটিং ফর বয়েজ

যার চাহিদা সবচেয়ে কম সে-ই সবচেয়ে ধনী।

–লাইফস স্ন্যাগস

বাল্যকালে যে অর্থ আয় করতে অভ্যাস করে বড় হলে সে আয় করতেই থাকে।

–স্কাউটিং ফর বয়েজ

হঠাৎ করে ধনী হওয়ার আশা করো না। বড় কিছু পাওয়ার জন্য ছোট দিয়েই শুরু করতে হবে–ঠিক যেমন তুমি বড় হওয়ার আগে ছিলে একটি ছোট্ট শিশু।

–উলফ কাবস হ্যান্ডবুক

গাইড বুদ্ধি করে তার অর্থ ব্যয় করতে শিখে এবং যতদূর সম্ভব যুক্তিসঙ্গতভাবে আয় করে। এতে বেকার থাকার সময়ও তার হাতে অর্থ থাকে। এভাবে সে অপরের ওপর বোঝা হয় না এবং অপরের প্রয়োজনের সময়ে সাহায্য করতে পারে।

–গার্ল গাইডিং

ধনী লোকের কিছু সীমাবদ্ধতা আছে। তার হয়ত একাধিক বাড়ি থাকতে পারে এবং সেখানে হয়ত অসংখ্য কক্ষ থাকতে পারে। কিন্তু সে কেবল একটি কক্ষেই বাস করতে পারে, কারণ শরীর মাত্র একটিই। এ ব্যাপারে সে দরিদ্রতম ব্যক্তির চেয়ে ভাল অবস্থায় নেই। সে হয়ত যৎসামান্য সূর্যাস্ত দেখে তার প্রশংসা করতে পারে বা সূর্যালোক উপভোগ করতে পারে, কিন্তু গরিব লোক তা পারে পুরোপুরিভাবে।

–রোভারিয়ং টু সাকসেস

তোমার নিজের বিলাসিতার জন্য অর্থ ব্যয়ের ব্যবস্থা করো না, কারণ তোমার চারপাশে মানুষের জীবনে রয়েছে অনেক অভাব।

–রোভারিং টু সাকসেস

## অভিনয়

মনীষী বেকন বলেছেন, অভিনয় শিশুদের শিক্ষার অন্যতম শ্রেষ্ঠ পদ্ধতি। তাঁর একথা সহজেই বিশ্বাস করা যায়। অনুকরণের জন্য অভিনয় শিশুদের স্বাভাবিক শক্তি যোগায়; তারা রসিকতা ও কল্পনা শক্তি অর্জন করে। এ সবই চরিত্র গঠনের সহায়ক। সেই সঙ্গে ইতিহাস ও নৈতিকতার পাঠ, চরিত্র অনুধাবন ও ঘটনাবলি অভিনয়ের মাধ্যমে অনেক ভাল ভাবে মনের ওপর প্রভাব ফেলতে পারে–যা কোন শিক্ষকের পক্ষে তেমনভাবে শিক্ষা দেওয়া যায় না।

–স্কাউটিং ফর বয়েজ

অভিনয় জনতার উদ্দেশ্যে ভাষণ প্রদানের জন্য সম্ভাব্য সর্বোত্তম প্রশিক্ষণ দান করে।

–স্কাউটিং ফর বয়েজ

চরিত্রগঠনের অপর একটি মূল্যবান ও সবচেয়ে জনপ্রিয় পদ্ধতি হল অভিনয়ের পোশাক পরা এবং অভিনয় করা। আমি চরিত্রগঠনের বিভিন্ন উপায়–যেমন,

আত্মপ্রকাশ, মনোনিবেশ, কণ্ঠস্বর উন্নয়ন, কল্পনাশক্তি, বেদনাবোধ, রসিকতা, ভারসাম্য, শৃঙ্খলা, ঐতিহাসিক ও নৈতিক শিক্ষা, আত্মসচেতনতার বিলোপ ইত্যাদি নিবিড়ভাবে বিবেচনা করেছি। কাব মাস্টার নিজে অভিনয়ের সংস্পর্শে এসে তা উপলব্ধি করতে পারবেন এবং শিশুরা কীভাবে তাঁর উদ্যোগ মোকাবিলা করার জন্য নাটকীয়তার সাহায্য নেয় তাও বুঝতে পারবেন।

–উলফ কাবস হ্যান্ডবুক

অভিনয় বালকদের উৎফুল্ল করে। এতে আছে রোমান্স, বড়দের দ্বারা সংগঠিত হওয়ার সুযোগ এবং বিচিত্র ধরনের পোশাক পরার আনন্দ।

কিন্তু, এসব ছাড়া কাবেরা আসল মজা লাভ করে মহড়া ও দর্শকদের সামনে চূড়ান্ত অভিনয়ের মাধ্যমে। এতে তারা লাভ করে আত্মবিশ্বাস, সুস্পষ্টভাবে কথা বলার শিক্ষা, স্মরণশক্তির চর্চা, ধৈর্যশীলতা, আত্মনিয়ন্ত্রণ ও আন্তরিকতা।

–উলফ কাবস হ্যান্ডবুক

গান গাওয়া ও অভিনয় করা আত্মবিকাশের চমৎকার পদ্ধতি। তাছাড়া এতে আছে দলগতভাবে কাজ করা, প্রত্যেকে নিজের কাজ সম্পর্কে সচেতন থেকে ভালভাবে তা সম্পন্ন করা। এতে নিজের বাহাদুরি প্রকাশের চেষ্টা থাকে না, থাকে সম্মিলিত সাফল্যের লক্ষ্য।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আত্মবিকাশের জন্য অভিনয় প্রত্যেক বালকের শিক্ষার অংশ হওয়া উচিত।

–এইডস টু স্কাউট মাষ্টারশিপ

## অভিযাত্রা

বালকেরা নোংরা ডোবার মধ্যেও অভিযাত্রার আনন্দ উপভোগ করতে পারে। স্কাউট মাস্টারের মাঝে যদি বালকসুলভ মন-মানসিকতা থাকে তবে তিনিও তা উপভোগ করতে পারেন।

–এইডস টু স্কাউট মাষ্টারশিপ

অভিযাত্রার চেতনা প্রায় সব বালকের মধ্যেই নিহিত আছে। কিন্তু জনবহুল শহরে তার পক্ষে সে আনন্দ উপভোগ করা খুবই কঠিন।

–দি স্কাউটার

## আত্মনির্ভরশীলতা

কোন বালককে আত্মনির্ভর করা এবং জীবনযুদ্ধে তাকে যোগ্য করে তোলার জন্য দুনিয়াতে স্কাউটিং হল সর্বোত্তম জিনিস।

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

একজন গলফ খেলোয়াড় হিসেবে আমি খেলার সরঞ্জাম বহনের জন্য কোন ভৃত্য নিয়োগ করতাম না। আমি নিজের খেলা নিজেই করতে পছন্দ করি। সেটা শূকর শিকার করাই হোক, কি মাছ ধরাই হোক-সবখানে তা একই রকম। এমন কী আমার চুলও আর এক জনকে দিয়ে কাটাই না, আর যতদিন আমার চুল থাকবে ততদিন তাই করব।

–রোভারিং টু সাকসেস

তোমাদের সব সময় নিজের ওপর নির্ভর করার চেষ্টা করা উচিত–অন্যেরা তোমার জন্য কী করতে পারে, তার ওপর নয়। নিজের ডিঙি নিজেই বেয়ে যাও।

–পেডল ইউর ওন ক্যানো

## আত্মসংযম

আত্মসংযম চরিত্রের তিন ভাগ।

–রোভারিং টু সাকসেস

যে লোক তার বিবেক ও তার লজ্জা ছাড়া তার নিজেকে, তার রাগ, তার ভয়, তার লোভ-সবকিছুই নিয়ন্ত্রণ করতে পারে সে ভদ্রলোক হওয়ার যোগ্যতা রাখে।

–রোভারিং টু সাকসেস

আত্মসংযম তোমাকে কেবল বদভ্যাস নিয়ন্ত্রণে সক্ষম করে না, তা তোমার চিন্তাভাবনাকেও পরিচালিত করে।

–রোভারিং টু সাকসেস

তোমার মেজাজকে চড়তে দেওয়া অন্যের কাছে বিরক্তিকরই নয়, বরং তা তোমার নিজের ব্যাপারেও ক্ষতিকর। যদি যুক্তিতে তুমি ঠিক থাক তাহলে তোমার মেজাজ গরম করার দরকার পড়ে না। আর তুমি যদি ভুলের মধ্যে থাক তাহলে তা করতে পার না।

–লাইফস স্ন্যাগস

আমি নিজে দেখেছি রাগের সবচেয়ে ভাল ঔষধ হল শিস দেওয়া শুরু করা।

–লাইফস স্ন্যাগস

মেজাজ এমন একটা জিনিস যা ভাল বা মন্দ হোক–দেখা দিবেই। যখন আপনি বোঝেন যে রাগান্বিত হচ্ছেন তখন আপনার খারাপ মেজাজ চাপা দিলে খুব তাড়াতাড়িই তা জয় করতে পারবেন।

চাপা দেওয়ার উপায় হল শিস দেওয়া এবং পরে হেসে ফেলতে নিজেকে বাধ্য করা।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## আত্মসম্মান

বালককে দায়িত্ব দিয়ে এবং একজন সম্মানিত ব্যক্তি হিসেবে তাকে মনে করে তার ক্ষমতা অনুসারে কর্তব্য পালনে বিশ্বাস করে, তার ক্ষতি না করে তার সঙ্গে সম্মান ও সুবিবেচনাসহ আচরণ করলে তার আত্মসম্মান বাড়ানো যায়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আত্মসম্মানই অপরের কাছ থেকে সম্মান আনয়ন করতে পারে।

–রোভারিং টু সাকসেস



## আশা

সবচেয়ে কাল মেঘের আড়ালে উজ্জ্বল রেখা দেখার জন্য সবসময় নিজেকে পরিচালনা করবে। তাহলে তুমি পূর্ণ আস্থা সহকারে অন্ধকার মোকাবিলা করতে সমর্থ হবে।

–রোভারিং টু সাকসেস

আশা হল এক ধরনের সাহস– যা অপরকে আস্থাশীল করে এবং নিজেকে সফলতার দিকে পরিচালিত করে।

–রোভারিং টু সাকসেস

কোন মানুষকে পরিপূর্ণ দেখবে বলে আশা করো না–তার কিছু না কিছু ত্রুটি থাকবেই। যে কোন গর্দভই মানুষের ত্রুটি বের করতে পারে। আসল কাজ হল, লোকের ভাল দিক খুঁজে বের করা এবং মনে তা সবার ওপরে স্থান দেওয়া–যাতে তারা ধীরে ধীরে খারাপ দিকটি মুছে ফেলতে পারে।

–দি স্কাউটার

আমার (কেনিয়া) পর্বত বলে : 'প্রসারিত দৃষ্টিতে দেখ, ওপরের দিকে দেখ, আরও সামনে দেখ–তাহলেই পথ দেখা যাবে।'

–দি স্কাউটার

প্রত্যেক জিনিসের উজ্জ্বল দিক দেখবে, অন্ধকার দিকে তাকাবে না।

–শেষ বাণী

কাজ ঠিক ভাবে করার চেষ্টাকেই একমাত্র উচ্চ আশা হিসেবে গণ্য করা যায়।

–রোভারিং টু সাকসেস

## উদারতা

উদারতা এমন একটি গুণ যা শিখে অর্জন করা যায় না–তা স্বভাবজাত।

–জাম্বুরি, ১৯২৬

স্কাউট হিসেবে নিজের মত চাপানোর আগে অপরের মতামতের প্রতি শ্রদ্ধা দেখানো উচিত। আমরা সব দিকেই উদার দৃষ্টিভঙ্গির প্রত্যাশী।

–স্কাউট কনফারেন্স, ১৯৩৫

## উদ্যোগ

সুযোগ হল এমন একটি বাসের মত যা খুব কম জায়গায়ই থামে।

–স্কাউটিং ফর বয়েজ

যখন তুমি খেলায় অংশগ্রহণ কর তখন তুমি আশা করতে পার না যে, অধিনায়ক প্রত্যেক সময় তোমাকে বলে দেবে কখন দৌড়াতে হবে অথবা কখন বল দলের সহযোগী খেলোয়াড়দের কাছে পাঠাতে হবে। এসব তুমি নিজে নিজেই করে থাক। তুমি জান, অধিনায়ক তোমার কাছে কি আশা করে এবং তার কিছু বলার জন্য অপেক্ষা না করে তুমি ঠিক কাজটি করে যাও।

–উলফ কাবস হ্যান্ডবুক

## উপদল নেতা

[উপদল নেতাদের প্রতি] একজন বা দুজন বালক মেধাবী আর বাকিরা সব অকাজের–এমন হলে কোন লাভ নেই। তোমার উচিত তাদের সবাইকে বেশ ভাল করে গড়ে তোলার চেষ্টা করা। এক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হল তোমার নিজের দৃষ্টান্ত স্থাপন। কারণ তুমি নিজে যা করবে, তোমার স্কাউটেরাও তা করবে।

মনে রেখো তুমি তাদের অবশ্যই পরিচালিত করবে, কিন্তু ঠেলবে না।

–স্কাউটিং ফর বয়েজ

যে সব দলে উপদল নেতাদের হাতে ক্ষমতা ও দায়িত্ব দেওয়া হয়েছে সে সব দলেরই সবচেয়ে উন্নতি হয়েছে।

তোমার উপদল নেতাদের কাছে অনেক আশা রেখো। তাহলে তারা তোমার আশার দশ ভাগের নয় ভাগই পূরণ করতে পারবে।

–হেড কোয়ার্টারস গেজেট

যখন তুমি একজন উপদল নেত্রীর দায়িত্ব গ্রহণ করতে আস তখন মনে রেখো তুমি খুবই দায়িত্ব ও গুরুত্বপূর্ণ পদ লাভ করছ। কারণ তখন তুমি একদল বালিকার দায়িত্ব নিচ্ছ–যারা তোমার দৃষ্টান্তে নির্দেশনায় তাদের চরিত্র গড়ে তুলবে। তুমি যদি নিজেকে শিথিল কর, তবে তারাও শিথিল হবে। তুমি যদি নিজেকে একজন ভাল গাইড হিসেবে প্রমাণ কর তবে তারা সবাই ভাল গাইড হবে।

তোমাকে তোমার উপদল চালাতে হবে। তোমার নিজের ওপর আস্থা থাকলে, তাদেরও আস্থা লাভ করবে। তুমি যদি তোমার কাজ খুব ভালভাবে জান তবেই তুমি নিজের ওপর আস্থা লাভ করতে পারবে।

তুমি সম্পূর্ণ নিজের উদাহরণের মাধ্যমে উপদল পরিচালনা করবে। একথা কখনও ভুলে যেও না। যা বলা হল সেটাই সফলতা লাভের সহজ পথ এবং তা কেবল সহজই নয়–তা একমাত্র পথ।

–গার্ল গাইডিং

যে উপদল নেতা তার উপদল নিয়ে সফলতা অর্জন করেছে সে যখন তার জীবনে বাইরের জগতে কাজে নামবে তখন তার জন্য সফলতা অর্জনের পরিপূর্ণ সুযোগ রয়েছে।

–পেডল ইউর ওন ক্যানো



## উপদল পদ্ধতি

উপদল পদ্ধতি এমন একটি অত্যাবশক বৈশিষ্ট্য যা স্কাউট প্রশিক্ষণকে অপরাপর সংগঠনের প্রশিক্ষণ থেকে পৃথক করে থাকে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আমি অর্ধ ডজন উপদল নিয়ে শিবির বাসের পক্ষে জোরালো পরামর্শ দিই। এতে প্রত্যেক উপদলের পৃথক পৃথক তাঁবু ও আঙিনা থাকবে–যাতে তারা একটি বিরাট

দলের অংশ হিসেবে নিজেদের গণ্য না করে একটি স্বাধীন ও দায়িত্বপূর্ণ দল হিসেবে মনে করে।

সকল অবস্থাতেই উপদলকে অখণ্ড রাখা উচিত।

–হেড কোয়ার্টারস গেজেট

উপদল পদ্ধতি থেকে যদি প্রথম শ্রেণীর ফলাফল আশা করেন তাহলে নেতাকে প্রকৃত স্বাধীনতাপূর্ণ দায়িত্ব প্রদান করতে হবে। যদি তাকে আংশিক দায়িত্ব দেন তাহলে ফলও পাবেন আংশিকভাবে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

উপদল পদ্ধতিকে সঠিকভাবে প্রয়োগ করার মধ্যে তার একটা বিরাট চরিত্রগঠনের প্রশিক্ষণ মূল্য আছে। এ থেকে প্রতিটি বালক তার উপদলের মঙ্গলের জন্য তার ব্যক্তিগত দায়িত্ব সম্পর্কে সচেতন হয়। প্রত্যেক উপদল তার দলের কল্যাণ সম্পর্ক অবহিত হয়। এর মাধ্যমে স্কাউট মাস্টার যে কেবল তাঁর নির্দেশনা প্রদান করতে সমর্থ হন তা নয়, বরং তাঁর স্কাউটদের নৈতিক দৃষ্টিভঙ্গিতে নিজের ধ্যানধারণা প্রদান করতে পারেন। এর মাধ্যমে স্কাউটেরা ক্রমান্বয়ে তাদের দলের কর্তব্য সম্পর্কে নিজেদের বিশিষ্ট করে রাখতে শিখে। উপদল পদ্ধতিউ দলকে–সামগ্রিকভাবে স্কাউটিংকে একটি প্রকৃত সহযোগিতামূলক উদ্যোগ হিসেবে রূপ দেয়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউটিং বালকদের খেলা, অনিষ্ট অথবা অলসতায়– সব ক্ষেত্রেই তাদের স্বাভাবিক সংগঠন বন্ধুত্বের দলে পরিণত করে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

ছয় বা আটজন বালকের এক একটি স্থায়ী উপদল গঠন করে যদি তাদের নিজের একজন দায়িত্বশীল নেতার অধীনে পৃথক দল হিসেবে বিবেচনা করা হয় তাহলে তা হবে উত্তম দলের চাবিকাঠি। কাজে বা খেলায়, শৃঙ্খলা বা কর্তব্যে সবসময় উপদল হল স্কাউটিংয়ের এক একটি দল।

–স্কাউটিং ফর বয়েজ

উপদল হল ব্যক্তির জন্য চরিত্রগঠনের বিদ্যালয়। তা উপদল নেতাকে দেয় দায়িত্ববোধ ও নেতৃত্বের গুণাবলি চর্চার সুযোগ। আর স্কাউটকে দেয় সকলের স্বার্থে নিজেকে নিয়োজিত করার এবং সহযোগিতা ও উত্তম বন্ধুত্বের দলগত চেতনার জন্য নিজের স্বার্থ ত্যাগ করে আত্মনিয়ন্ত্রণের শিক্ষা।

–এইডস টু স্কাউট মাস্টারিশপ

উপদল পদ্ধতির উদ্দেশ্য হল চরিত্র গঠনের জন্য প্রধানত সর্বাধিক সংখ্যক বালককে প্রকৃত দায়িত্ব প্রদান। যদি স্কাউট মাস্টার তাঁর উপদল নেতাকে প্রকৃত ক্ষমতা দেন,

তার কাছ থেকে অনেক কিছু আশা করেন এবং তার কাজ চালানোর জন্য স্বাধীনতা দেন–তাহলে তিনি বালকদের চরিত্র গঠনের জন্য অনেক কিছু করবেন–যা কোন বিদ্যালয়ের শিক্ষক থেকে কখনই লাভ করা যাবে না ।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## একাদশ আইন

স্কাউট বিধিতে একাদশ আইন নামে একটি অলিখিত আইন আছে–তা হল : 'স্কাউট বোকা নয় ।'

–রোভারিং টু সাকসেস



## কর্তব্য

স্কাউটেরা কাজ করে কর্তব্য মনে করে, কোন পুরস্কারের লোভে নয় ।

–হোয়াট স্কাউটস ক্যান ডু

স্কাউট বা গাইডের পক্ষে ভদ্রতা দেখানোর জন্য বা সাহায্য করার জন্য পারিতোষিক গ্রহণ মোটেই উচিত নয় ।

–স্কাউটিং ফর বয়েজ

স্কাউটিং কেবল আমোদ নয়, তা তোমার কাছে অনেক কিছু আশা করে ।

–স্কাউটিং ফর বয়েজ

প্রথমে নিজের কর্তব্য শেষ কর, পরে তার সুফল পাবে ।

–স্কাউটিং ফর বয়েজ

ভাল স্কাউট কখনও ফাঁকিবাজ হয় না । অনেক সময় দেখা যায় যে, স্কাউটেরা অপরের কল্যাণের জন্য নিজের ভাগের কাজেরও বেশি করে ফেলে ।

–উলফ কাবস হ্যান্ডবুক

আনন্দময় মনে না হলেও অথবা লোকে বাহবা না দিলেও তোমার কর্তব্য করে যাও ।

–উলফ কাবস হ্যান্ডবুক

গাইডকে নিজের স্বাচ্ছন্দ্য, আরাম ও নিরাপত্তা বিসর্জন দিয়ে হলেও অন্য কিছু করার আগে নিজের কর্তব্য পালন করতে হবে ।

–গার্ল গাইডিং

বন্ধুর প্রতি অনুগত হও। তাই বলে তোমার কর্তব্যের প্রতি অবহেলা করবে না। এতে অনেক সময় তুমি উভয় সংকটে পড়তে পার। কিন্তু তা থেকে রেহাই পেতে হলে প্রথমে কর্তব্য পালনের প্রতি দৃষ্টি দিতে হবে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

যোগ্যতা থাকা উত্তম। কিন্তু তার সঙ্গে আরও কিছু থাকতে হবে। তা হল সাহস, উদ্যম ও কাজ করার দৃঢ় সংকল্প। এতে যদি তোমার কোন ঝুঁকি ও বিপদ আসে তাতে কিছু যায় আসে না।

–পেডল ইউর ওন ক্যানো

## কম মেধাসম্পন্ন বালক

কেবল প্রতিশ্রুতিবান বালককে সহায়তা করাই নেতার লক্ষ্য হওয়া উচিত নয়, বরং কম মেধাসম্পন্ন বালকের দিকেও তাঁর বিশেষ দৃষ্টি রাখতে হবে।

–স্কাউটিং ফর বয়েজ

যে প্রতিযোগিতায় নির্বাচনের অনেক বিষয় থাকে সেখানে অমীমাংসিত বিষয় বিজয়ীদের পরিবর্তে বিজিতদের দ্বারা নিষ্পত্তি করাই উত্তম। খেলার উদ্দেশ্য হওয়া উচিত উচ্চমানের খেলার বিষয়ের পরিবর্তে নিম্নমানের বিষয়ের প্রতি দৃষ্টি দেওয়া। পুরস্কার লাভের জন্য ভাল খেলোয়াড়েরা সবসময়ই প্রতিযোগিতার ফল যাতে খারাপ না হয় সেজন্য আন্তরিক চেষ্টা করবে। এ ধরনের প্রতিযোগিতা কম মেধাসম্পন্ন প্রতিযোগীদের বিশেষ অনুশীলন করার অনুপ্রেরণা যোগাবে।

–স্কাউটিং ফর বয়েজ

এক জনের বিরুদ্ধে আরেক জনের একক প্রতিযোগিতা করা ঠিক নয়। সব সময় এক একটি উপদলকে দল হিসেবে গণ্য করবে। তখন প্রতিযোগিতায় যারা সবচেয়ে খারাপ করে, তারা চেষ্টা করবে যাতে দলের সবাই মিলে ভাল ফল করতে পারে। এভাবে একার জন্য নয়, উপদলের সবার জন্য ভাল করতে চেষ্টা করবে।

–গার্ল গাইডিং

যারা ধীর গতিসম্পন্ন তাদের গতি অনুযায়ী অগ্রসর হও।

অশ্বারোহী সেনাদলে থাকাকালীন সবচেয়ে ধীরগতি-সম্পন্ন ঘোড়ার মত চলার জন্য আমাদের শিক্ষা দেওয়া হয়েছিল।

–স্কাউটিং এন্ড ইয়ুথ মুভমেন্ট

## কষ্টসহিষ্ণুতা

কষ্টসহিষ্ণুতার দৃশ্য দেখানোতে (যখন বালকেরা খেলাধুলায় আঘাত পায়) কাবমাস্টারের আশা ও উৎসাহিত করা উচিত। 'সুখ দুঃখের প্রতি উদাসীনতা মতবাদ' কাবদের কাছে বেশ নতুন ধারণা বলে মনে হবে-তবে তা হবে চমৎকার। মাঠে মরণযন্ত্রণা বা চোখের পানিতে ভেসে যাওয়া মেনে নেওয়া উচিত নয়।

কোন বালকের পক্ষে খেলায় চিবুক কেটে যাওয়া বা এ ধরনের কোন আঘাতের ঘটনার যন্ত্রণার মারাত্মক প্রদর্শন তামাশা দিয়ে চাপা দিতে হবে–তবে সে আঘাত খুবই সামান্য হতে হবে।

–উলফ কাবস হ্যান্ডবুক



## কাজ

আমরা ভালভাবে করা কাজ থেকে অনেক আনন্দ পেতে পারি–যদিও তা কেবল সফলভাবে কেতলি মাজাঘষাও হয়।

–গার্ল গাইডিং

তুমি যদি বর্গাকার পেরেক হয়ে থাক, তাহলে একটি বর্গার গর্ত তৈরি কর এবং তা না করা পর্যন্ত তুমি সন্তুষ্ট হয়ো না।

–রোভারিং টু সাকসেস

কোন কোন লোক কাজের সীমাবদ্ধতা ও একঘেঁয়েমি দেখে কাজে আকর্ষণ অনুভব করে না। তাদের পক্ষে ভাল হবে সবকিছু ঘুরেফিরে দেখা এবং কোথায় তারা ঠিক মত কাজে লাগবে তা বের করা। যদি তারা সামনের দিকে তাকায় এবং কারখানা বা অফিসের দেয়ালের বাইরে কোন কাজে আসলে কী মূল্য পাবে তা বোঝা তাদের পক্ষে উত্তম হবে।

–রোভারিং টু সাকসেস

কোন জিনিসের প্রতি ভালবাসার জন্য কাজ করলে কি কোন পার্থক্য দেখা যায়?

–রোভারিং সাকসেস

তোমার আকাঙ্ক্ষা এমন হোক যে, তুমি কাজ থেকে কতটুকু পেয়েছ তা না দেখে, কাজটি কতটুকু করতে পেরেছ তা দেখা।

–রোভারিং টু সাকসেস

কাজ হল নিজেকে তরুণ রাখার গোপন মন্ত্র। যে লোক কাজ করে না বা কাজ পছন্দ করে না, সে উদ্ভিদের মত অচল হতে বাধ্য এবং তাড়াতাড়ি সে সজীবতা হারিয়ে ফেলে। কাজ মানুষকে মরণ থেকে দূরে রেখে জীবনকে সতেজ করে।

—

## কাব স্কাউট

কাবদের প্রশিক্ষণ ভিন্ন রকম, কিন্তু তা বয় স্কাউটদের প্রশিক্ষণের দিকে একটি পদক্ষেপ।

–উলফ কাবস হ্যান্ডবুক

কাবিংকে বয় স্কাউটিং থেকে যথা সম্ভব পৃথক রাখা দরকার, যাতে স্কাউট বয়সে পৌঁছে তারা স্কাউট হওয়ার জন্য আগ্রহশীল হয়। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে বালকেরা পরিবর্তন ও বৈচিত্র্য চায়। তাই বয স্কাউটিং যদি কোন বালকের কাছে কাবিংয়ের একটি স্তর বিবেচিত হয় তবে তার কাছে তা বিরক্তিকর মনে হবে। বয় স্কাউট হয়ে সে নতুন নতুন কাজ আর নতুন নতুন ধারণা পেতে চায়।

–একটি প্রবন্ধ

কাবদের প্রশিক্ষণ দেওয়া হয় তাদের জীবনের সবেচেয় গুরুত্বপূর্ণ সেই সময়ে যখন তারা নতুন নির্দেশনা লাভের জন্য দেহমনে তৈরি থাকে।

–উলফ কাবস হ্যান্ডবুক

কাব দলের সঙ্গে কাজ করার প্রধান নীতি এবং শিশুদের আকৃষ্ট করার ও তাদের ব্যর্থতা সংশোধনের উপায় হল–কাবদের একটি সুখী পরিবার হিসেবে গড়ে তোলা। বালকেরা হৈহল্লা পছন্দ করে, তাদের হৈহল্লা করতে দাও। খেলার সময় তাদের প্রাণভরে খেলতে দাও।

–উলফ কাবস হ্যান্ডবুক

ব্যাজ অর্জনের দক্ষতা দেখানোই কাব দলের পরীক্ষার সঠিক উপায় নয়। সুখী পরিবারের চেতনাই সবচেয়ে মূল্যবান।

–উলফ কাবস হ্যান্ডবুক

## কৌতূহল

কোন বিষয়ে শুধু 'কী'-এর উত্তর জেনেই সন্তুষ্ট থাকা ঠিক নয়। 'কেন' এবং 'কীভাবে' তার উত্তরও জানার চেষ্টা করা উচিত।

–রোভারিং টু সাকসেস

## ক্ষতি

যেখানে কোন দল আনন্দের হাসি প্রতিধ্বনিত করে, প্রতিযোগিতায় বিজয় উপভোগ করে এবং নতুন অভিযাত্রায় অভিনব উত্তেজনা অনুভব করে সেখানে একঘেঁয়েমির জন্য কোন সদস্যকে হারাতে হয় না।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## খেলা

সত্যিকারের ক্রীড়া বলতে যে কোন খেলা ও কাজকে বুঝি যা তোমার কল্যাণ করে এবং যা দর্শক হওয়ার বদলে তুমি নিজে খেলতে পার।

–রোভারিং টু সাকসেস

## খেলোয়াড়ি মনোভাব

খেলোয়াড় সবচেয়ে উত্তেজনা ও প্ররোচনামূলক পরিস্থিতিতে সর্বদা নিজের মেজাজ ঠিক রাখে। সকল খেলায় পরাজিত হলেও তুমি অবশ্যই দিশেহারা বা বদমেজাজি না হওয়ার শিক্ষা গ্রহণ করবে। খেলায় সারাক্ষণ সাধ্যানুযায়ী চেষ্টা কর। কখনও বলো না বা নিজেকে ভাবতে দিয়ো না যে, 'বিপক্ষ দল জয়লাভ করেছে, কিন্তু আমরা আরও ভাল দল ছিলাম।' একজন ভাল খেলোয়াড় অসন্তুষ্ট না হয়ে বা ঝামেলা না করে পরাজয় মেনে নেয় এবং যখন পরাজিত হয় তখন সবসময় বিজয়ীকে তার প্রাপ্য মর্যাদা দিতে তৈরি থাকে।

–উলফ কাবস হ্যান্ডবুক

রেফারির সিদ্ধান্তকে কখনও সমালোচনা করো না। প্রত্যেক রেফারি ভুল করতে পারে, আসলে মানুষ তাই করে। এমনকি একজন কারও কখনও ভুল করে ফেলে। যদি তুমি রেফারির বিরুদ্ধে আক্রোশ অনুভব কর তাহলে দু একটা খেলায় তুমি নিজে রেফারি হও–তখন তুমি তার কাজের প্রতি সহানুভূতি প্রকাশ করতে পারবে।

–উলফ কাবস হ্যান্ডবুক

খেলার সময় যে কড়াকড়ি নিয়ম মানা হয় তার লক্ষ্য খেলোয়াড়ের আত্মসংযম ও ভাল মেজাজ। খেলার শেষে সঠিক কাজ হবে বিজয়ী যেন বিজিতকে সহানুভূতি জানায়। সেটা বিজয়ীকে উৎফুল্ল করা ও অভিনন্দন জানানোর প্রথম সুযোগ। অভ্যাস না হওয়া পর্যন্ত এর চর্চা করা উচিত।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

বালকদের পক্ষে কাজটি হওয়া উচিত, কোন পক্ষ পরাজিত হলে ঈর্ষান্বিত না হওয়া, বিচারকের কাজের অথবা বিপক্ষের কৌশলের দোষ না ধরা। যতই নৈরাশ্য অনুভূত হোক অপর পক্ষের প্রতি আন্তরিক প্রশংসা জানাতে হবে। এর অর্থ সত্যিকার আত্মশৃঙ্খল ও স্বার্থহীনতা।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

তুমি যদি তোমার খেলা প্রকৃত খেলোয়াড়সুলভ চেতনায় খেলতে না পার, তাহলে তোমার পক্ষে তা ছেড়ে দেওয়াই উত্তম।

–হোয়াট স্কাউটস ক্যান ডু

খেলা হল সর্বপ্রথম বড় শিক্ষাদান–মানুষের জন্য যেমন তা সত্য অপর প্রাণীর জন্যও তেমন সত্য।

আমরা কাব স্কাউটদের ছোট জিনিস খেলতে শেখাই। এতে তারা আন্তরিকভাবে বড় কাজ করার যোগ্য হয়ে উঠবে।

–উলফ কাবস হ্যান্ডবুক

বালকের জীবনে খেলা হল সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।

–উলফ কাবস হ্যান্ডবুক

সৈনিকের প্রশিক্ষণের প্রথম বিষয় হল তাকে জাতীয় দলের একজন আন্তরিক খেলোয়াড় হিসেবে তৈরি করা।

–এইডস টু স্কাউটিং

(সামরিক) স্কাউটিং হল ফুটবল খেলার মত। তুমি একজন অগ্রগামী খেলোয়াড় হিসেবে নির্বাচিত হয়েছ। তুমি খেলে যাও যাতে তোমার পক্ষ জয়লাভ করতে পারে। তুমি তোমার নিজের গৌরব বা ঝুঁকি সম্পর্কে ভাববে না–তোমার পক্ষ তোমাকে সমর্থন দিচ্ছে। খেলতে থাক এবং তোমার পাওয়া সুযোগের সর্বোত্তম সদ্ব্যবহার কর। ফুটবল ভাল খেলা, কিন্তু এর চেয়ে ভাল বা যে কোন খেলার চেয়ে ভাল খেলা হল স্কাউটিং।

–এইডস টু স্কাউটিং

আমরা অনেকটা দেয়ালের ইটের মত। আমাদের প্রত্যেকের এক একটি নিজস্ব স্থান আছে– যদিও তা খুব বড় দেয়ালের মধ্যে দেখতে খুব ছোট দেখায়। কিন্তু একটি ইট যদি ক্ষয় হয়ে যায় বা খসে পড়ে তাহলে অন্যগুলোর ওপর চাপ পড়ে। তখন দেয়ালে ফাটল দেখা দেয় এবং দেয়াল পড়ে যাওয়ার মত হয়।

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

স্কাউটিংয়ের অন্যতম উদ্দেশ্য হল দলীয়ভাবে খেলা ও কর্মসূচির ব্যবস্থা করা–যা বালকদের স্বাস্থ্য ও শক্তি বৃদ্ধি করতে পারে এবং চরিত্র উন্নয়নে সহয়তা করতে পারে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

সকল খেলা ও প্রতিযোগিতা এমনভাবে আয়োজন করতে হবে যাতে সকল স্কাউটই অংশগ্রহণ করতে পারে। কারণ আমরা চাই না, একটি বা দুটি কৃতী অংশগ্রহণকারী থাকুক এবং অন্যেরা কোন কাজে না লাগুক। সবাইকে অনুশীলনে অংশ নিতে হবে এবং সবাইকে বেশ ভাল করতে হবে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

তুমি খেলা করবে শুধু নিজের আনন্দের জন্য নয়, বরং তোমার পক্ষ যাতে জয়লাভ করে সেজন্য।

–উলফ কাবস হ্যান্ডবুক

সেবাপরায়ণ নাগরিক অনেকটা ভাল ফুটবল খেলোয়াড়ের মত। সে তার প্রথম অবস্থানে ব্যক্তিগত দক্ষতা দেখায় যাতে সে তার দলীয় অবস্থানে দক্ষতার সঙ্গে খেলতে পারে।

–রোভারিং টু সাকসেস

আমরা যখন কাজকে খেলা হিসেবে দেখি তখন তা হালকা হয়ে আসে। আমরা যখন কোন দলের খেলোয়াড় হই, প্রত্যেকেই নিজ নিজ অবস্থানে খেলতে থাকি, নিজের পক্ষ ভাল করার জন্য যখন একত্রে খেলতে থাকি এবং যখন আমরা একই চেতনা অনুভব করি তখন তাকে শুধু আনন্দের খেলা হিসেবে দেখি না, দেখি বড় খেলা হিসেবে।

–লাইফস স্ন্যাগস

খেলা কর–শুধু তাকিয়ে দেখো না।

–রোভারিং টু সাকসেস

বালকদের পৌরুষের অধিকারী হওয়ার জন্য খেলতে শিক্ষা দাও–সে খেলা যাই হোক না কেন। শুধু, তাকিয়ে দেখা বা অলসভাবে দাঁড়িয়ে থাকা কোন শিক্ষা নয়।

–স্কাউটিং ফর বয়েজ

ফুটবল এমন একটি চমৎকার খেলা যা তোমাকে শক্তিশালী সক্রিয় ও উত্তম মেজাজের অধিকারী করে তোলে। কিন্তু নিজে খেলার তুলনায় শুধু তাকিয়ে দেখার মধ্যে কোন আমোদ নেই।

–এডভেঞ্চারিং টু ম্যানহুড

## গল্পবলা

কাব মাষ্টার গল্প বলে যে কোন সময়ে খুব তাড়াতাড়ি কাবদের মন আকৃষ্ট করতে পারেন এবং তিনি যা মনে ঢোকাতে চান এর মাধ্যমে তার পাঠ দিতে পারেন।

–উলফ কাবস হ্যান্ডবুক

## গাইডিং

গার্ল গাইডিংয়ের দুটি অর্থ : কারও কাছে এর অর্থ গার্ল গাইডদের খেলা খেলানোর কৌতুক, আবার কারও কাছে মেয়েদের নির্দেশনার জন্য খেলার আনন্দ।

–গার্ল গাইডিং

গার্ল গাইডেরা বোনের বন্ধনে আবদ্ধ। এর অর্থ ওপর থেকে নিচের স্তর পর্যন্ত সকল সদস্য বড় বা ছোট বোন হিসেবে কাজের আনন্দে একত্রে কাজ করে থাকে।

–গার্ল গাইডিং

ব্যক্তিগতভাবে আমি স্বীকার করি যে, দুইয়ের (স্কাউটিং ও গাইডিং) মধ্যে বালিকা শাখাটিকেই বেশি গুরুত্বপূর্ণ বলে বিশ্বাস করি। কারণ আমাদের উত্তারাধিকারী বালকদের মা যারা হবে তারাই এ দ্বারা প্রভাবিত হয়।

–স্কাউটিং এন্ড ইয়ং মুভমেন্ট

'গাইড' কথাটির লক্ষ্য রোমান্স ও অভিযাত্রার ধারণা প্রদান। সেই সঙ্গে সঠিক পথে পুরুষদের পরিচালনা ও ছেলেমেয়েদের বড় করে তোলার ভবিষ্যৎ দায়িত্বও নির্দেশ করে।

–লেসনস ফ্রম দি ভার্সিটি অব লাইফ

## চরিত্র

কোন দেশ তার সেনাবাহিনীর শক্তি দিয়ে নয় বরং তার জনগণের চরিত্র দিয়ে অপর দেশের চেয়ে উন্নত হয়ে ওঠে।

–হেড কোয়ার্টারস গেজেট

নাগরিকদের যোগ্যতা বিচার করার ব্যাপারে পুঁথিগত বিদ্যার চেয়ে চরিত্রের ওপর বেশি গরুত্ব দেওয়া হয়। তবু প্রয়োজন মত তা শিক্ষার অন্তর্ভুক্ত করার বাস্তব কোন পরিকল্পনা নেই।

–উলফ কাবস হ্যান্ডবুক

চরিত্রগঠনে নিঃসন্দেহে মায়ের প্রভাব স্বভাবতই প্রথম শক্তি জোগায়। মায়ের নিজের মধ্যে কোন গুণ না থাকলে তিনি সন্তানকে কিছুই দিতে পারেন না। তাই আমাদের মায়েদের উন্নত চরিত্রের অধিকারিণী হতে হবে–যাতে তাঁরা তা তাঁদের সন্তানদের মধ্যে সঞ্চার করতে পারেন।

–গার্ল গাইডিং

চরিত্র প্রধানত পরিবেশ ও প্রশিক্ষণের বিষয় এবং পরে তা অভিজ্ঞতার বিষয়ে পরিণত হয়। বিদ্যালয়ের শিক্ষার চেয়ে বিদ্যালয়ের বাইরের পরিবেশ চরিত্র গঠন করে বেশি। সে পরিবেশ ভালর জন্যও হতে পারে, আবার তা সহজেই খারাপ করার জন্যও হতে পারে।

–গার্ল গাইডিং

চরিত্র ছাড়া জ্ঞানের কোন দাম নেই।

–জাম্বুরি, ১৯২১

জীবনে যে কোন গুণের চেয়ে চরিত্রের দাম অনেক বেশি।

–রোভারিং টু সাকসেস

কাজে সফলতার ব্যাপারে ভাগ্য, আনুকূল্য, আগ্রহ, এমনকি শিক্ষা থেকে ততটা আসে না–যতটা আসে যোগ্যতা ও চরিত্র থেকে। কাজে দক্ষতা থাকলে তা প্রকাশ

পায়। তবে উচ্চ পর্যায়ে সফলতা লাভ করতে হলে সীমাহীন বিশ্বস্ততা, কুশলতা ও কর্মোদ্যম সম্বলিত চরিত্র অপরিহার্য।

–লোভারিং টু সাকসেস

চরিত্র শ্রেণীকক্ষে শিক্ষা দেওয়া যায় না। এটা ব্যক্তি বিশেষের মধ্যে অবশ্যই ছড়িয়ে দেওয়া দরকার এবং প্রধানত শিক্ষার্থীর নিজের চেষ্টায় তা অর্জন করা উচিত।

–লেসনস ফ্রম দি ভার্সিটি অব লাইফ



## চিত্রাংকন

চেষ্টা করলে সবাই আঁকতে পারে। তার জন্য শিক্ষার দরকার হয় না।

দেখা গেছে বিশ্ববিখ্যাত শিল্পীও একসময় তাঁর বাল্যকালে যে কোন শিশুর চেয়ে ভাল আঁকতে পারতেন না। রাতারাতি কেউ শিল্পী হতে পারে না। প্রথমে আঁকা অবশ্যই খারাপ হবে, তবে চেষ্টা অব্যাহত রাখলে ক্রমেই উন্নতি হতে থাকবে।

এটা বিদ্যালয়ের শিক্ষা ছাড়াও শেখা যায়।

–উলফ কাবস হ্যান্ডবুক

চিত্রাংকন কাঁচা বা অসুন্দর হলেও ছোটদের প্রতিকূল পরিবেশে রং ও গঠনের সৌন্দর্য চিনতে উৎসাহিত করতে হবে–যাতে তারা বুঝতে পারে যে, পরিবেশেও আলোছায়া, রং-সৌন্দর্য নিহিত আছে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## চিহ্ন অনুসরণ

চিহ্ন অনুসরণ ছাড়া স্কাউটিং হল রুটি ছাড়া রুটিমাখন।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## চেতনা

বালকদের কাজের চেতনা ও উদ্দেশ্য যতদূর সম্ভব শিক্ষার আইনের অনুষঙ্গী হিসেবে বিবেচনা করতে হবে।

–উলফ কাবস হ্যান্ডবুক

আমি সবসময় এ নীতি রক্ষা করেছি যে, যদি সঠিক চেতনা থাকে তাহলে তা 'অসম্ভব' শব্দ থেকে 'অ'-কে ধাক্কা দিয়ে সরিয়ে দিতে পারে।

–লেসনস ফ্রম দি ভার্সিটি অব লাইফ

## জাম্বুরি

স্কাউট আন্দোলন একটি বিশ্বজোড়া ভ্রাতৃত্ববোধ। জাম্বুরিতে বহু জাতির স্কাউটদের সঙ্গে মিলনের মাধ্যমে তা উপভোগ করার সুযোগ পাওয়া যায়।

আমি জোর দিব যে, জাম্বুরিতে আমাদের বালকেরা যেন ভিন্ন জাতির বালকের সঙ্গে মিশে অনেক তথ্য লাভের ওপর গুরুত্ব না দেয়। বরং তাদের উৎসাহিত করা উচিত যাতে তারা অল্প সময়ের প্রতিটি মিনিট কাজে লাগিয়ে সকলের সঙ্গে পরিচিত হয় এবং এই পরিচয়ের মাধ্যমে তারা আগামী বিশ্বের মানুষ এই স্কাউট ভাইয়ের সঙ্গে বন্ধুত্ব গড়ে তোলে। এর ফলে প্রত্যেক বালক জাম্বুরি থেকে শান্তি ও শুভেচ্ছার দুতের নতুন দায়িত্ব নিয়ে তার নিজের জেলায় ফিরে যেতে পারবে।

–জাম্বুরি, ১৯২৯

বালকদের বয়স্কাউট জীবন তুলনামূলকভাবে সংক্ষিপ্ত। তাই প্রত্যেক স্কাউটের জীবনে অন্তত একবার কোন বড় সামাবেশে অংশগ্রহণ করা উচিত। এতে সে নিজেকে মহান ভ্রাতৃত্বের প্রকৃত সদস্য হিসেবে উপলব্ধি করতে পারে। সেই সঙ্গে সে অন্যান্য অঞ্চল ও ভিন্ন জাতির বয় স্কাউট ভাইদের সঙ্গে ব্যক্তিগত যোগাযোগ গুড়ে তুলতে পারে।

–দি স্কাউটার

বিভিন্ন সময়ে আমাকে প্রশ্ন করা হয়েছে, 'জাম্বুরি কি বালকের জন্য, আন্দোলনের জন্য, দেশের জন্য বা আন্তর্জাতিক সম্পর্কের জন্য কোন কল্যাণকর কিছু'? এ ব্যাপারে আমার নিজের জবাব আছে। কিন্তু এ ব্যাপারে কোন সিদ্ধান্ত ব্যক্ত করার আগে আমি এর যে উত্তম কর্তৃপক্ষ সেই বালকদের সঙ্গে আলোচনা করি।

–ভাষণ, ১৯৩৭

## জীবন

তর্ক করার জন্য জীবনটা খুবই ছোট ।

—হেড কোয়ার্টারস গেজেট

সুখী নাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য প্রশিক্ষণরত বালকের দুটি সহজ অথচ শক্তিশালী উপকরণ হল :

১. বালকের নিজের মধ্যে নিহিত অনির্বাণ উৎসাহ ।

২. প্রশিক্ষকের নিজের জীবনের অভিজ্ঞতা ।

—হেড কোয়ার্টারস গেজেট

যখন কোন লোক মারা যায় তখন সে তার সারা জীবনের অর্জিত জ্ঞান সঙ্গে নিয়ে চলে যায়—এটা আমার কাছে সব সময় খুব অদ্ভুত মনে হয় ।

—রোভারিং টু সাকসেস

বাঁচার জন্য আমরা খুব কম সময় পাই । সুতরাং যা কিছু মূল্যবান কাজ তা দেরি না করে শেষ করা উচিত ।

আমার নিজের ব্যাপারে আমি অতীতে বহু বছর ধরে নিজেকে বলেছি : তিন বছরের মধ্যে আমি মারা যাব । তাই আমাকে অবশ্যই কাজ করতে হবে এবং তা ভালভাবে শেষ করতে হবে । নইলে তা খুবই দেরি হয়ে যাবে ।

—রোভারিং টু সাকসেস



## জীবের প্রতি ভালবাসা

স্কাউট/গাইডেরা কষ্ট থেকে প্রাণীদের যথাসম্ভব রক্ষা করবে এবং অনর্থক কোন প্রাণীকে-এমনকী বিধাতার ক্ষুদ্রতম সৃষ্টিকেও হত্যা করবে না।

–স্কাউটিং ফর বয়েজ

জীবজন্তুর স্বাভাবিক পরিবেশে ক্রমাগত পর্যবেক্ষণের মাধ্যমে কেউ শিকার করার মতই তাদের পেতে পারে। জীবজন্তু শিকারের সম্পূর্ণ আনন্দ নিহিত আছে অলক্ষে সতর্কতার সঙ্গে কাছে যাওয়ার বনকলার মধ্যে–তাদের হত্যা করার মধ্যে নয়।

–স্কাউটিং ফর বয়েজ

তোমার মত অন্যান্য প্রাণীকেও বিধাতা সৃষ্টি করেছেন। তাই সেসব প্রাণী তোমার সহসৃষ্টি। আমাদের ভাষায় কথা বলার ক্ষমতা তাদের নেই। কিন্তু ঠিক আমাদের মতই তারা আনন্দ বা বেদনা অনুভব করতে পারে এবং তাদের প্রতি যারা সদয় তাদের প্রতি কৃতজ্ঞতা অনুভব করতে পারে।

স্কাউটেরা সব সময় পঙ্গু, অন্ধ বা মূকবধিরদের প্রতি উপকারী। তাই তারা আমাদের এইসব বোবা প্রাণীবন্ধুদের প্রতিও উপকারী।

–এন ওল্ড উলফ রোভারিটস

## ঝুঁকি

সব কিছুর আগে 'নিরাপত্তা প্রথমে' স্থান দেওয়ার আধুনিক প্রবণতাতে আমি দুঃখবোধ করি। জীবনে কিছু পরিমাণ ঝুঁকি দরকার। জীবনের সম্প্রসারণের জন্য ঝুঁকি গ্রহণের কিছু অনুশীলন দরকার। স্কাউটদের জীবনের অসুবিধা ও বিপদাপদ মোকাবিলা করার জন্য প্রস্তুতি নিতে হবে। তাই আমরা তাদের প্রশিক্ষণকে সহজ করতে চাই না।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## দরিদ্র বালক

আমাদের লক্ষ্য সবাইকে সমান সুযোগ দান এবং কম ভাগ্যবানদের সর্বাধিক সাহায্য করা।

–গার্ল গাইডিং

স্কাউট প্রশিক্ষণ উঁচু ও নিচু, ধনী ও গরিব সকল ধরনের বালককে, এমনকী শারীরিক দিক থেকে পঙ্গু, মূকবধির ও অন্ধকেও আকর্ষণ করে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

সাধারণত আপত্তি আছে যে, অপেক্ষাকৃত গরিব বালকেরা খেলা সম্পর্কে আগ্রহী নয়–তারা নিজেরা খেলতে পারে না।

এর প্রধান কারণ তাদের কখনও এ ব্যাপারে শিক্ষা বা উৎসাহ দেওয়া হয়নি।

স্কাউটিংয়ে আমরা এখানেই কাজে আসতে পারি। আমরা গরিব বালকদের দেখাতে পারি কী করে খেলায় খেলোয়াড় হওয়া যায় এবং জীবন উপভোগ করা চলে। একই সঙ্গে তার শরীর ও মনকে শক্তিশালী করা যায়।

–জাম্বুরি, ১৯২৪

ভাল অবস্থায় আছে এমন বালকদের জন্য নৌচালনার প্রচুর সুযোগ রয়েছে। সী-স্কাউটে আমাদের উদ্দেশ্য হল গরিব বালকদের সকল আনন্দ ও সুবিধা দিয়ে শখের নাবিক হয়ে ওঠার সুযোগ দান করা।

–স্কাউটিং এন্ড ইয়ুথ মুভমেন্ট

আমাদের ইচ্ছা হল বালকদের-বিশেষত অপেক্ষাকৃত দরিদ্র বালকদের অপরের সেবার আদর্শ নিয়ে আত্মসম্মানবোধসম্পন্ন, সুখী ও সফল নাগরিক হয়ে ওঠার সুযোগ দেওয়া-যা থেকে অতীতে তাদের অনেকটা বঞ্চিত রাখা হয়েছে।

–স্কাউটিং এন্ড ইয়ুথ মুভমেন্ট

## দলের আকার

স্কাউট দলে স্কাউট সংখ্যা ৩২ পার হওয়া উচিত নয়। আমি এই সংখ্যা সুপারিশ করি এ কারণে যে, আমি নিজে বালকদের প্রশিক্ষণে দেখেছি প্রত্যেক ব্যক্তি-চরিত্র গঠনের জন্য ১৬ জনকে নিয়ে কাজ করতে পারি। আমি অন্য লোকদের জন্য আমার দ্বিগুণের অনুমতি দিই। তাই মোট সংখ্যা হয় ৩২।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ



## দান

তোমাকে দেওয়া কোন উপহারই তোমার হবে না যতক্ষণ পর্যন্ত তুমি উপহারদাতাকে ধন্যবাদ না দাও।

—স্কাউটিং ফর বয়েজ

প্রায় প্রত্যেক মানুষের মনে এমন গোপন কিছু আছে যাকে বিধাতার 'দান' বলা যায়। কেউ সহজাত শিল্পী বা অভিনেতা হতে পারে, কিন্তু সে হয়ত মুদির দোকানে বা কাঠমিস্ত্রির কাজ করছে। কেউ হয়ত চালাক জাদুকর বা গায়ক হতে পারে, কিন্তু সে হয়ত হোটেলের বেয়ারা বা চুল্লীতে কয়লা নিক্ষেপক হিসেবে জীবিকা অর্জন করছে।

কেন তাকে 'দান' বলা হবে?

কারণ তা প্রকৃতির গুণ-বিধাতার দান। তাই এ গুণের অধিকারীকে বিধাতার কাজে লাগতে হবে। অপরকে তা দেওয়ার মাধ্যমে সে তা করতে পারে।

এসব গুণ নিজের জন্য না রেখে অপরের কল্যাণের জন্য কাজে লাগাতে হবে। এতে সে বিধাতার কাজ করতে পারবে এবং আসল সুখ বলতে কি বোঝায় তার খোঁজ পাবে।

—রোভারিং টু সাকসেস

## দায়িত্ব

যুবকদের কাঁধের ওপর দায়িত্ব তুলে দিতে পারার মধ্যে মিলবে আমাদের প্রশিক্ষণের অর্ধেক মূল্য।

—হেড কোয়ার্টারস গেজেট

বালকদের কাছে অনেক কিছু আশা কর, তাহলেই সাধারণত তা পাবে।

—হেড কোয়ার্টারস গেজেট

যদি তুমি জীবন গঠনের জন্য ভাল কিছু করতে চাও, তাহলে তোমাকে দায়িত্ব গ্রহণে সমর্থ হতে হবে।

আর দায়িত্ব গ্রহণে সমর্থ হতে চাইলে দরকার নিজের ওপর আস্থা, কাজের জ্ঞান ও দায়িত্বকে কাজে লাগানোর চর্চা।

—রোভারিং টু সাকসেস

## দেশপ্রেম

'নিজের চেয়ে দেশ আগে'—এটাই তোমার লক্ষ্য হওয়া উচিত।

—স্কাউটিং ফর বয়েজ

স্বদেশের প্রতি আনুগত্য মানুষের দৃষ্টিভঙ্গির ভারসাম্য এবং তার যথাযথ প্রেক্ষিতে রক্ষার জন্য সর্বাধিক মূল্যবান। অপরের জন্য সেবা ও আত্মত্যাগ অবশ্যই প্রয়োজনীয়। সেই সঙ্গে বৈদেশিক আগ্রাসনের বিরুদ্ধে দেশকে রক্ষার প্রয়োজনীয়তার মধ্যে থাকবে

স্বদেশের প্রতি সেবার প্রস্তুতি। এটা প্রত্যেক নাগরিকের কর্তব্য। কিন্তু এ থেকে এমন মনে করা যায় না যে তাকে রক্তপিপাসু বা আক্রমণাত্মক চেতনা বৃদ্ধি করতে হবে অথবা বালকদের জন্য সামরিক শিক্ষা ও যুদ্ধচেতনা প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে।

—এইডস টু স্কাউট মাস্টারশিপ

## ধর্ম

স্রষ্টার ওপর বিশ্বাস করে না এবং তাঁর আইন মানে না এমন কেউ কখনও ভাল মানুষ হতে পারে না। তাই প্রত্যেক স্কাউটের একটি ধর্ম থাকা উচিত।

—স্কাউটিং ফর বয়েজ

যে লোকের কোন না কোন ধর্ম নেই, তার তেমন কোন মুল্য নেই।

—ইয়ার্ন ফর বয় স্কাউটস

ধর্ম খুবই সহজ জিনিস :

প্রথমত, স্রষ্টাকে ভালবাস ও তাঁর সেবা কর।

দ্বিতীয়ত, তোমার প্রতিবেশীকে ভালবাস ও তার সেবা কর।

—স্কাউটিং ফর বয়েজ

ধর্মের বিরাজমান অভাব প্রথমেই অত্যধিক আধাত্মিকতা দ্বারা নয়, বরং বাস্তব কার্যকর ধর্ম দ্বারা দূর করা উচিত।

—স্কাউটিং ফর বয়েজ

বালকদের ধর্ম শিক্ষা দেওয়া যায় এবং দেওয়াও উচিত। কিন্তু তা দুধভাতের মত সহজ পথেও নয়, আবার হাস্যময় ও নিরানন্দ উপায়েও নয়। এর আদর্শের দিকটি যদি দেখানো যায় এবং প্রত্যেক যোগ্য মানুষের স্বাভাবিক দৈনন্দিন গুণ হিসেবে তুলে ধরা হয়, তাহলে বালকেরা খুব সহজেই তা গ্রহণ করতে চাইবে। প্রকৃতি পর্যবেক্ষণের মাধ্যমে তা বালকদের মধ্যে ভালভাবে চালু করা যায়।

—স্কাউটিং ফর বয়েজ

আমরা লক্ষ রাখি প্রতিদিনের জীবনে ও আচরণে ধর্মীয় আদর্শের চর্চা করতে, শুধু রবিবারের আধ্যাত্মিকতার পেশায় নয়।

—স্কাউটিং ফর বয়েজ

বালকেরা স্বভাবতই ধর্মে আসক্ত থাকে। কিন্তু বড়দের কাছে গ্রহণযোগ্য এমন পদ্ধতিতে তাকে শিক্ষা দিলে তা তার কাছে হয়ত একঘেঁয়েমি মনে হবে, নয় তাকে ছিঁচকে চোর করে ফেলবে।

প্রকৃতি পর্যবেক্ষণই আন্তরিকভাবে স্রষ্টাকে উপলব্ধির নিশ্চিত পথ। ধর্মের কর্তব্য স্কাউটদের পরোপকার ইত্যাদি অভ্যাসের মাধ্যমে সম্পন্ন করা যায়।

—স্কাউটিং ফর বয়েজ

স্কাউটিংকে 'নতুন ধর্ম' বলে বর্ণনা করা হয়েছে। এটা অবশ্যই নতুন কোন ধর্ম নয়। এটা কেবল ধর্মনিরপেক্ষতা শেখার লক্ষ্যে বর্তমানে অনুমোদিত আদর্শের ধর্মীয় প্রশিক্ষণ প্রয়োগ–এর একটি সুনির্দিষ্ট উদ্দেশ্য রয়েছে এবং তা শিশুদের নিজেদের জন্য শিক্ষা ও অনুশীলনের সুযোগ দিচ্ছে।

–হেড কোয়ার্টারস গেজেট

তুমি তোমার চিন্তাভাবনা দেখতে পাও না। কিন্তু তুমি জান যে তা আছে। তুমি যখন কোন জিনিস উপলব্ধি কর তখন তোমার চিন্তার ফল তুমি দেখতে পাও। একইভাবে স্রষ্টাকে দেখা যায় না, কিন্তু তিনি আছেন। যখন তুমি ভাল কাজ কর তখন তার ফল দেখতে পাও। কখনও কখনও তুমি সে ভাল কাজ কর না অথবা এমন কাজ করে ফেল যা স্রষ্টার অনুমোদিত নয়। এ রকম ঘটলে তুমি লজ্জা বোধ করতে পার এবং পুনরায় তা করবে না বলে ঠিক করতে পার। তাই কোন কাজ করার আগে চেষ্টা কর ও চিন্তা কর এবং নিজেকে প্রশ্ন কর–'স্রষ্টা কি চান যে আমি এ কাজটি করি?' যদি জবাবে তোমার মন বলে 'হ্যাঁ', তাহলে কাজটি কর। যদি মন বলে 'না', তাহলে তা করো না। তুমি যদি প্রথমে চিন্তা কর এবং পরে কাজটি করার কথা মনে রাখ তাহলে সোজা ও স্বচ্ছ জীবন যাপন কঠিন হবে না।

–গার্ল গাইডিং

স্কাউট কার্যক্রম এমন একটি পদ্ধতি যার মাধ্যমে সত্যিকারের গুণ্ডাকেও উন্নত চিন্তা ও স্রষ্টার বিশ্বাসের মধ্যে আনা যায়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্রষ্টার প্রতি শ্রদ্ধা, প্রতিবেশীর প্রতি শ্রদ্ধা এবং স্রষ্টার সেবক হিসেবে কারও প্রতি শ্রদ্ধা সব ধরনের ধর্মের ভিত্তি।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আমাদের আন্দোলনে যেখানে এত বেশি ধর্ম সম্প্রদায় বিদ্যমান এবং স্রষ্টার প্রতি কর্তব্য প্রকাশের যে বৈচিত্র্য রয়েছে তার প্রেক্ষিতে ধর্মীয় প্রশিক্ষণের সংজ্ঞা নির্ণয় অনেক কঠিন হতে পারে। তাই স্থানীয় কর্তৃপক্ষের হাতে তা বহুলাংশে ছেড়ে দেওয়া যায়। কিন্তু আমরা জোর দিই বালকেরা যে ধরনের ধর্মের অনুসারী হোক না কেন তা যেন পালন করে ও চর্চা করে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

ধর্ম কেবল 'ধরা' যায়, 'শিক্ষা দেওয়া' যায় না। এটা কেবল রবিবারে পরার মত বাইরে থেকে সাজানো কোন পোশাক নয়। এটা বালকের চরিত্রের আসল অংশ, আত্মার উন্নয়ন এবং তা এমন কোন আবরণ নয় যার খোসা ফেলে দেওয়া যায়। এটা ব্যক্তিত্বের বিষয়, অন্তরের প্রত্যয়–কোন নির্দেশনা নয়। বর্তমানে আমাদের বেশির ভাগ

জনগণের কার্যকলাপ খুব কমই ধর্মীয় বিশ্বাস দ্বারা পরিচালিত হয়। এ ধরনের ব্যাপার বালকদের ক্ষেত্রে ঘটতে পারে যদি তাদের ধর্মীয় প্রশিক্ষণ শিক্ষার মাধ্যমে না দিয়ে নির্দেশনার মাধ্যমে দেওয়া হয়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

তুমি যদি আসলেই তোমার পথ সফল করতে চাও–অর্থাৎ সুখ চাও–তাহলে অবশ্য জীবনের একটি ধর্মীয় ভিত্তি থাকতে হবে। এটা কেবল গির্জায় যাওয়া নয়, বাইবেলের ইতিহাস জানা বা ধর্ম বোঝার বিষয় নয়। এসব প্রায় না জেনে বা না পড়ে অনেকেই আন্তরিকভাবে ধর্মপরায়ণ। খুব সংক্ষেপে ধর্ম বলতে বোঝায় :

প্রথমত, স্রষ্টা কী ও কে তা অনুধাবন করা,

দ্বিতীয়ত, স্রষ্টা যে জীবন দান করেছেন তার সর্বোত্তম রূপ দেওয়া এবং তিনি আমাদের কাছে কী চান তা সম্পন্ন করা। এটা প্রধানত অপর লোকদের জন্য কিছু করা বোঝায়।

–রোভারিং টু সাকসেস

বিধাতা কোন সংকীর্ণমনা ব্যক্তিত্ব নন; যদিও কিছু লোক তা ভাবে। কিন্তু তাঁর মধ্যে বিশাল ভালবাসার চেতনা যা আকার, বর্ণ ও শ্রেণির ছোটখাট পার্থক্য উপক্ষো করে থাকে। বিধাতার সেবা করার জন্য নিজ নিজ পথে যথাসাধ্য চেষ্টা করে এমন প্রত্যেক মানুষকেই তিনি আশীর্বাদ করেন।

–রোভারিং টু সাকসেস

ভারতে প্রায়ই এক ধরনের সন্ন্যাসী দেখা যায়, যারা ব্রত হিসেবে একটি বাহু ওপর দিকে তুলে রাখে এবং তা কখনই ব্যবহার করে না। সে বাহুটি শুকিয়ে মরে যায়। এ রকমভাবে প্রত্যেক মানুষের মধ্যে বিরাজমান ভালবাসার চেতনা ব্যবহার না করায় তা শুকিয়ে শেষ হয়ে যায়। কিন্তু যদি তার চর্চা করা হয় তাহলে তা প্রতিদিন ক্রমশ বড়, শক্তিমান ও উল্লসিত হয়ে ওঠে।

–রোভারিং টু সাকসেস

স্রষ্টার দলে খেলোয়াড় হও।

–রোভারিং টু সাকসেস

আমি যখন স্কাউটিং ও গাইডিংকে প্রাতিষ্ঠানিক রূপ দান করি তখন ধর্ম সম্পর্কে আমার মনে কী আছে সে ব্যাপারে আরও বিস্তারিত বর্ণনা করার জন্য আমাকে জিজ্ঞেস করা হয়েছিল, 'ধর্ম কোথায় আসে?'

আমার জবাব হল, 'আসলে তা আসে না। এটা তার মধ্যেই আছে। স্কাউটিং ও গাইডিংয়ে তা হল মূল বৈশিষ্ট্য।'

–একটি ভাষণ, ১৯২৬

ধর্ম জ্ঞানীদের জন্য সংরক্ষিত কোন বিজ্ঞান নয়; এটা কেবল পণ্ডিতদের কল্যাণ করার এবং গরিবদের নাগালের বাইরে থাকবে এমনও নয়, এটা অন্ধ ভক্তিও নয়। দুর্বল চরিত্র, আবেগপ্রবণ ও গোঁড়ামির মধ্যেও তা থাকতে পারে।

–ভাষণ, ১৯২৬

যে কোন বালককে-এমনকী বস্তিতে বসবাসরত বালককেও আদর্শ হিসেবে ধর্মের প্রতি শ্রদ্ধাশীল করে তোলা যায়–যদি বালকের স্বভাবের কাছে আবেদনশীল করে ধর্মকে উপস্থাপন করা যায়। অর্থাৎ পৌরুষ, সাহস, বিরত্ব রসিকতা এমন কী মানসিক ঘৃণাবোধের কোনটিই যেন বেদনাকাতর না করে তোলে।

–একটি প্রবন্ধ, ১৯২৮

প্রত্যেক মানুষের মধ্যে স্রষ্টার ভালবাসা রয়েছে যাকে আত্মা বলে অভিহিত করা হয়েছে। এর বিকাশকে যদি উৎসাহিত করা হয়, তাহলে বালকের চরিত্রের মধ্যে তার প্রবেশ ঘটে। ভালবাসা রেডিয়ামের মত ছড়িয়ে যায়। বালকদের মধ্যে তা যদি একবার চালু হয় তাহলে পূর্ণবয়স্ক হলেও তা মরে যায় না। তার প্রবণতা হল পরিপূর্ণতা লাভ না করা পর্যন্ত বেড়ে চলা। তার প্রত্যেক কাজ এই দুনিয়াতে স্বর্গসুখের মত উপভোগ্য হয় এবং সে যেন বিধাতা ও অমরত্বের স্বাদ অনুভব করে। ভাইয়েরা আমার, আমরা যখন তা পারি, তখন যা পারি চল তাই করি।

–একটি প্রবন্ধ, ১৯২৮

## ধূমপান

প্রত্যেক স্কাউটই স্কাউট আইন জানে। কিন্তু সে আইনে একটা বাড়তি বিষয় আছে। সেটা লেখা নেই, কিন্তু প্রত্যেক স্কাউট তা বোঝে। সেটা হল : 'স্কাউট বোকা নয়।' আর সে কারণেই স্কাউটেরা বাড়ন্ত বালক বলে ধূমপান করে না।

–স্কাউটিং ফর বয়েজ

কোন বালক পছন্দ করে বলেই যে ধূমপান শুরু করে তা নয়। সে ধূমপানে ভয় পায় বলে অন্যান্য বালকেরা ঠাট্টা করে তাই সে সাধারণত ধূমপান করে; অথবা সে মনে করে যে ধূমপান করলে তাকে বড়সড় মানুষের মত দেখা যাবে। অথচ সব সময় তাকে একজন ছোটখাট বালক বলেই মনে হয়।

–স্কাউটিং ফর বয়েজ

যে লোক ধূমপান করে সাধারণত যে ধূমপান করে না এমন লোকের মত সে ঘ্রাণ নিতে পারে না। তাই দেখা যাবে প্রকৃত স্কাউটেরা ধূমপান করে না।

–উলফ কাবস হ্যান্ডবুক


এক সময় এক লোক 'স্কাউটিং ফর বয়েজ' বইটির একটি উন্নত সংস্করণ তৈরি

করছিলেন। সেখানে এই বলে তিনি আদেশ দিলেন যে, 'স্কাউটেরা কোন অবস্থাতেই ধূমপান করবে না।' সাধারণত কোন কিছু না করার জন্য বালকদের আদেশ দেওয়া খুবই ঝুঁকির বিষয়। এতে তখনই আদেশের বিপরীত কিছু করার জন্য তারা অভিযান শুরু করবে।

কোন জিনিসের বিরুদ্ধে তাদের উপদেশ দিন, অথবা তাকে ঘৃণ্য বা তুচ্ছ বলুন, তখন তারা তা পরিত্যাগ করবে। আমি নিশ্চিত যে, নোংরা কথা, জুয়া খেলা, ধূমপান ও অন্যান্য যুবসুলভ দোষের ব্যাপারে এমন ঘটে।

'অন্যদের সামনে চটপটে দেখানোর জন্য শিশুরা কি করে' এ বিষয়ে আপনার বালকদের সামনে কোন উত্তম আবহ ও জনমত প্রতিষ্ঠা করা ভাল।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ



## ধৈর্য

আফ্রিকার পশ্চিম উপকূলের অধিবাসিদের বানর ধরার মত ধৈর্য কাজে লাগাও। খুব দৌড়িয়ে চেষ্টা করেও তাদের ধরতে পারবে না। বরং খুব কোমলভাবে বানর ধরার চেষ্টা কর।

–উলফ কাবস হ্যান্ডবুক

ধৈর্য হল জীবনের সফলতার গোপন চাবি।

–রোভারিং টু সাকসেস

আমি অনেক মানুষকে জানি যারা মদ্যপান, প্রবঞ্চনা ও নারীর জন্য জীবন নষ্ট করেছে। কিন্তু আমি আরও বেশি সংখ্যক লোককে জানি যারা ধৈর্যের অভাবে জীবন নষ্ট করেছে।

–বিপি'স আউটলুক

ধৈর্যের অভ্যাস করা কঠিন। কাজে আশুফল লাভে তুমি আগ্রহী। কিন্তু আমি মনে করি তুমি যদি শেষ লক্ষ্যের দিকে তাকিয়ে মধ্যবর্তী পদক্ষেপ প্রয়োজনীয়তা বুঝতে পার তাহলেই ধৈর্য অর্জিত হবে।

–বিপি'স আউটলুক

## নাগরিকতা

সংক্ষেপে নাগরিকতার সংজ্ঞা হল, সমাজের প্রতি সক্রিয় আনুগত্য প্রদর্শন। নিস্ক্রিয় নাগরিকত্ব প্রদর্শন যথেষ্ট নয়, কেবল সক্রিয় নাগরিকতাই কার্যকর।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## নারী

তোমার মা বা বোন যে মেয়েকে তোমার সঙ্গে দেখতে পছন্দ করবেন না, সে মেয়েকে নিয়ে সময় ব্যয় করো না।

যাকে বিয়ে করতে চাও না এমন মেয়ের সঙ্গে প্রেমের খেলা করো না।

স্ত্রী ও কয়েকটি ছেলেমেয়ের ভরণপোষণের মত তোমার অবস্থা না হওয়া পর্যন্ত বিয়ে করো না।

–স্কাউটিং ফর বয়েজ

কোন মেয়ে যদি তার ভাইয়ের সঙ্গে কাজ করার মত সমান যোগ্যতা অর্জন করে তাকে অবশ্যই তার সঙ্গে চরিত্রগঠন ও দক্ষতা অর্জনে, শৃঙ্খলা ও শারীরিক স্বাস্থ্য লাভে এবং সে সব প্রয়োগে সমান সুযোগ দিতে হবে।

–গার্ল গাইডিং

মেয়েদের কাছে পেশাগত জীবনে সাফল্য অর্জন করা জীবনের শেষ লক্ষ্য বা সবচেয়ে বড় আনন্দ নয়। একটি নিজস্ব সংসার লাভের গৌরবময় পুরস্কার তার সামনে থাকে–সেটা তার জীবনে পরম পবিত্র স্থান্ সেখানে তার অন্তরঙ্গ সঙ্গী ও রক্ষক হওয়ার জন্য তার নিজের হৃদয়ের একজন অংশীদার থাকে। তার যুগে সে যতই স্বাধীন ও আত্মনির্ভর হোক না কেন, একটি প্রেমময় বলিষ্ঠ ডান হাতের আশ্রয়ে সে উষ্ণ আনন্দ অনুভব করবে। সেখানে সে সবের মোহে সে চিন্তা ও কাজে সঠিক পথে প্রশিক্ষণ গ্রহণ করবে।

–গার্ল গাইডিং

মেয়েদের মধ্যে অনেক মেয়েও আছে, আবার পুতুলও আছে।

–রোভারিং টু সাকসেস

## নীরবতা

নীরবতা বজায় রাখার মধ্যে অনেক মূল্য ও কৌশল আছে। তুমি এভাবেই শিখ। কথা বলার কারণে অনেক মানুষ নীরব প্রহরী হতে পারেনি।

নীরব লোকেরা সত্যিকার গুরুত্বপূর্ণ কিছু বলার মত পেলে কথা বলেন। সবাই তাঁর কথা শোনে।

'নীরব লোকেরাই কাজ করে।'

–রোভারিং টু সাকসেস

প্রকৃতি আমাদের একটি জিভ ও দুটি কান দিয়েছে–যাতে আমরা যা বলি তার দ্বিগুণ যেন শুনি।

–রোভারিং টু সাকসেস

## নেতৃত্ব

সচরাচর উল্লেখ করা হয় এমন একটি প্রবাদ হল : 'যারা প্রথমে অনুগত থাকতে শিখেছে কেবল তারাই নেতৃত্ব দিতে পারে।' তবে অনেক সত্যের মত এরও সীমাবদ্ধতা আছে। আমি নেতৃত্ব দিতে শিক্ষা লাভ করেছে এমন লোককেও নেতা হিসেবে পছন্দ করি।

–হেড কোয়ার্টারস গেজেট

নেতা ও অধিনায়কের মধ্যে পার্থক্য এমন : যদি আদেশ পালনে অস্বীকারকারীকে শাস্তিদানের পর্যাপ্ত ক্ষমতা থাকে তবে যে কোন বোকাই আদেশ দিতে পারে এবং লোককে তার আদেশ পালনে বাধ্য করতে পারে। তবে কোন বড় কাজে মানুষকে সঙ্গে চালিয়ে নেওয়া এবং তাদের নেতৃত্ব দান আলাদা জিনিস।

–লাইফস স্ন্যাগস

সফলতার মূল হল নেতৃত্ব। কিন্তু নেতৃত্বের সংজ্ঞা দেওয়া কঠিন এবং নেতা খুঁজে পাওয়াও কঠিন। আমি প্রায়ই বলে থাকি : 'যে কোন গর্দভই অধিনায়ক হতে পারে এবং কোন প্রশিক্ষণপ্রাপ্ত লোকই শিক্ষক হতে পারে। কিন্তু একজন নেতা হবেন কবির মত–যিনি জন্মগ্রহণ করেন, তৈরি হন না।

নেতার মধ্যে চারটি প্রয়োজনীয় বৈশিষ্ট্য থাকতে হয় :

১. তাঁর কাজের যথার্থতার ওপর তাঁর অবশ্যই পরিপূর্ণ বিশ্বাস ও আস্থা থাকতে হবে।

২. তাঁর অবশ্যই অনুসারীদের সহানুভূতি ও বন্দুত্বপূর্ণ আস্থাসহ হাসিখুশি ও সাহসী ব্যক্তিত্ব থাকতে হবে।

৩. তাঁর নিজের কাজ জানার মাধ্যমে নিজের ওপর অবশ্যই আস্থা থাকতে হবে।

৪. তিনি যা দীক্ষা দিবেন তা অবশ্যই নিজেকে চর্চা করতে হবে।

নেতৃত্বের আবশ্যকীয় বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে বলা যায়–'বন্ধুত্ব ও যোগ্যতা'।

–দি স্কাউটার, ১৯৩৯

## পর্বতারোহণ

দলবদ্ধভাবে আরোহণ কর। কিন্তু যখন তুমি গৌরবময় শীর্ষে পৌছে বিশাল শূন্যতার দৃশ্য দেখবে, তখন একাকী আলাদা বস এবং চিন্তা কর।

চিন্তা করে এর বিস্ময়কর প্রেরণায় নিজেকে পূর্ণ কর। যখন তুমি আবার মাটিতে নেমে আসবে তখন তুমি নিজেকে দেহ মন ও চেতনার দিক থেকে আলাদা মানুষ বলে উপলব্ধি করতে পারবে।

–রোভারিং টু সাকসেস

পর্বতারোহণ আমার কাছে কেবল আরোহণের জন্যই আরোহণ বলে মনে হয় না। কারণ এতে শরীরের জন্য যেমন ব্যায়াম হয়, তেমনি আত্মার জন্যও কল্যাণকর আধ্যাত্মিক কিছু এতে রয়েছে।

–লেসনস ফ্রম দি ভার্সিটি অব লাইফ

## পর্যবেক্ষণ ও অনুমান

এক জোড়া প্রশিক্ষণ প্রাপ্ত চোখ এক ডজন প্রশিক্ষণহীন চোখের সমান।

–এইডস টু স্কাউটিং

যে কোন স্কাউট-সে যুদ্ধের স্কাউট বা শিকারি বা শান্তি স্কাউট-যাই হোক না কেন তার অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হল কোন কিছুই যেন তার চোখকে ফাঁকি দিতে না পারে।

–স্কাউটিং ফর বয়েজ

স্কাউট কেবল তার সামনের দিকেই দেখবে না, সে দুদিকে ও পেছন দিকেও তাকাবে। কথায় বলে, তার মাথার পেছন দিকেও চোখ থাকবে।

–স্কাউটিং ফর বয়েজ

ছোট জিনিসের খুঁটিনাটি লক্ষ করা ও মনে রাখা স্কাউটদের প্রশিক্ষণের সবেচেয়ে গুরুত্বপূর্ণ দিক। এটা এমন একটা বিষয় যা সে যেখানেই থাকুক না কেন প্রতিদিনের প্রত্যেকটি ঘণ্টায় তাকে শিখতে ও অভ্যাস করতে হবে।

–স্কাউটিং ফর বয়েজ

অতি ক্ষুদ্র সামুদ্রিক প্রাণীর দেহ একত্রিত হয়ে যেমন বিশাল প্রবাল দ্বীপ তৈরি হয়, তেমনি ছোটখাট জিনিসের খুঁটিনাটি লক্ষ করে এবং তা স্মরণ করার মাধ্যমে মনে সঞ্চয় করে মানুষের বিশাল জ্ঞান ভাণ্ডার গড়ে ওঠে।

–স্কাউটিং ফর বয়েজ

কোন স্কাউট অপর লোকের সঙ্গে থাকাকালীন সে যদি বড় বা ছোট, কাছের বা দূরের, উঁচু বা নিচু কোন জিনিস নিজে লক্ষ না করে তবে তা তার জন্য অগৌরবের।

–স্কাউটিং ফর বয়েজ

পর্যবেক্ষণ ও অনুমান সকল জ্ঞানের ভিত্তি। তরুণ নাগরিকদের পর্যবেক্ষণ ও অনুমানের ক্ষমতার গুরুত্ব উপক্ষো করার মত নয়। শিশুদের পর্যবেক্ষণ ক্ষমতার কথা প্রবাদের মত। কিন্তু বড় হওয়ার সঙ্গে সঙ্গে তার বিনাশ ঘটে। এর প্রধান কারণ, প্রথম অভিজ্ঞতা শিশুদের মনোযোগ যত আকর্ষণ করে কিন্তু পুনরাবৃত্তিতে তা হয় না।

আসলে 'পর্যবেক্ষণ' এমন একটা অভ্যাস যাতে বালকদের প্রশিক্ষণ নিতে হয়। 'চিহ্ন অনুসরণ' এ ব্যাপারে একটি চমৎকার পদক্ষেপ। 'অনুমান' হল পরবর্তী যুক্তি বের করা এবং পর্যবেক্ষণের বিষয় থেকে অর্থ বের করে আনা। বালকের মধ্যে পর্যবেক্ষণ ও

অনুমানের অভ্যাস গড়ে তোলা হলে তা তার চরিত্রের উন্নয়নে একটি বড় পদক্ষেপ অর্জিত হয়।

—এইডস টু স্কাউট মাস্টারশিপ

## পরিকল্পনা

আমি মনে করি, আমার চেয়ে বেশি সমর্থ লোকেরা কোন বিশেষ পদ্ধতিতে কাজ না করেই তাঁদের বালকদের ব্যস্ত রাখতে ও জ্ঞান বাড়াতে পারে। কিন্তু আমি স্বীকার করি যে, আমি তা পারি না। তবে আমি নিজে আগেই নির্দিষ্ট কর্মসূচী তৈরি করে যে কোন বিষয়ে কাজ করতে পারি।

এটা বলা হয়ত বাহুল্য মনে হবে না যে, এলোমেলো ব্যবস্থার মাধ্যমে যে ফল পাওয়া যায় তার চেয়ে চারগুণ বেশি ফল পাওয়া যায় কাজের পদ্ধতিগত পরিকল্পনার মাধ্যমে। আগেই কাজের পরিকল্পনা তৈরি শিক্ষা দেওয়া বালকদের চরিত্রের জন্য উত্তম। তারা তাদের লক্ষ্য সম্পর্কে আগেই জেনে দ্বিগুণ আগ্রহী হয়ে ওঠে।


—হেড কোয়ার্টারস গেজেট

কাজের পরিকল্পনা কর—তারপর পরিকল্পনা মত কাজ কর।

—উলফ কাবস হ্যান্ডবুক

যে লোক কোন পরিকল্পনা করে না, সে জীবনে কোন উন্নতি করতে পারে না।

—লাইফস স্ন্যাগস



## পরিচ্ছন্নতা

স্কাউটেরা শিবিরে থাকুক বা না থাকুক সবসময় স্বভাবতই পরিচ্ছন্ন থাকে। যদি কেউ বাড়িতে পরিচ্ছন্ন না থাকে তাহলে সে শিবিরেও পরিচ্ছন্ন থাকতে পারে না। যদি কেউ শিবিরে পরিচ্ছন্ন না থাকে সে কচিকদমই থাকবে, কখনও স্কাউট হতে পারবে না।

—স্কাউটিং ফর বয়েজ

প্রতিকূল অবস্থায় শিবিরেই পরিচ্ছন্নতা আশা করা স্কাউট নেতার একটা সুযোগ।

–হেড কোয়ার্টারস গেজেট

পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ।

–হোয়াট স্কাউটস ক্যান ডু

গরিব হলেও চেষ্টা করলে পরিষ্কার পরিচ্ছন্ন থাকা সম্ভব। এর জন্য কোন খরচ লাগে না।

–এডভেঞ্চারিং টু ম্যানহুড

## পারদর্শিতা ব্যাজ

পারদর্শিতা ব্যাজের লক্ষ্য বালককে তার আকর্ষণের বিষয়ে স্বশিক্ষা দানের জন্য উৎসাহিত করা।

–হেড কোয়ার্টারস গেজেট

পারদর্শিতা ব্যাজের বিষয় হল ত্রুটি সংশোধন এবং চরিত্র ও দৈনিক স্বাস্থ্যের উন্নয়নে সাহায্য করা।

–উলফ কাবস হ্যান্ডবুক

ব্যাজের উদ্দেশ্য কেবল বালককে কোন শখ বা পেশা গ্রহণে এবং তাতে কিছু অগ্রগতি সাধনে উৎসাহিত করা। বাইরের লোকের কাছে তা হবে তার কাজের প্রমাণমাত্র। সে পরীক্ষিত কাজে চূড়ান্ত দক্ষতা অর্জন করেছে– এমন কিছু বোঝানো নয়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আমাদের ব্যাজ অর্জনের মান বলতে জ্ঞান বা দক্ষতার মানের বিশেষ কোন স্তর অর্জন বোঝায় না। বরং এ ধরনের জ্ঞান বা দক্ষতা অর্জনের জন্য কোন বালক কি পরিমাণ উদ্যোগ গ্রহণ করেছে তা বোঝায়। এটা বেশির ভাগ হতাশ বালককে তার মেধাবী বা উত্তম ভাইয়ের সমান সম্ভাবনার ভিত্তির ওপর দাঁড় করায়।

এভাবে ব্যাজের পরীক্ষা কোন প্রতিযোগিতা নয়, বরং তা ব্যক্তিগত যাচাই মাত্র।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

ব্যাজের কাজে যেখানে ব্যবধানের প্রয়োগ হয়, সেখানে আমরা অলস ও পেছনে পড়া বালককে এমন সুযোগ দিই যাতে সে তার চেয়ে ভাল বা মেধাবী বন্ধুর সঙ্গে সমান সুযোগ পায়। আমরা তার মধ্যে আকাঙ্ক্ষা, আশা ও অর্জনের বোধ সৃষ্টি করতে পারি যা তাকে বৃহত্তর উদ্যোগের দিকে নিয়ে যাবে।

–দি স্কাউটার

## পিতামাতা

আপনার দলের কাবদের পিতামাতার সঙ্গে যোগাযোগ রাখলে, তাঁদের কাছ থেকে ধারণা লাভের জন্য আলোচনা করলে এবং বিশেষভাবে আপনার গৃহীত বিভিন্ন কার্যক্রমের যুক্তি তাঁদের কাছে ব্যাখ্যা করলে আপনার সাফল্যের ব্যাপারে যথেষ্ট সাহায্য হবে।

বছরে অন্তত একবার তাঁদের সঙ্গে আপনার সাক্ষাৎ করা উচিত। দলের অনুষ্ঠানে ও শিবিরে তাঁদের আমন্ত্রণ জানান এবং বালকদের বাড়িতে কাব-কার্যক্রমে তাঁদের সাহায্য গ্রহণ করুন।

–উলফ কাবস হ্যান্ডবুক

সাফল্যের প্রথম পদক্ষেপ হল আপনার বালকটিকে জানা, কিন্তু দ্বিতীয় পদক্ষেপটি হল তার গৃহ সম্পর্কে জানা।

যেখানে বালকের পিতামাতার সহানুভূতি ও সমর্থন অর্জিত হয়েছে, যেখানে দলের কার্যক্রম ও আন্দোলনের লক্ষ্য সম্পর্কে পূর্ণ আগ্রহ সহকারে পারস্পরিক অংশীদারিত্বে পিতামাতাকে জড়িত করা হয়েছে– সেখানে স্কাউট-শিক্ষকের দায়িত্ব তুলনামূলকভাবে হালকা হয়ে গেছে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

যখন বালকদের পিতামাতার সঙ্গে দেখা করতে যাবেন, তখন তাঁদের ওপর স্কাউটিংয়ের গুরুত্ব চাপিয়ে দেওয়ার ইচ্ছা নিয়ে যাবেন না। বরং বালকদের প্রশিক্ষণ সম্পর্কে তাঁদের ধারণা এবং স্কাউটিংয়ের কাছে তাঁদের চাহিদা কি অথবা কোথায় কি অসুবিধা এসব জানার চেষ্টা করবেন।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## পোশাক

স্কাউট পোশাক মানে এখন থেকে তুমি বিশাল ভ্রাতৃত্বের একজন। সারা দুনিয়া জুড়ে একই রকম।

স্কাউট পোশাক পরিহিত কোন বালককে দেখে লোকে তাকে অনেক বড় বলে মনে করে। কারণ তারা জানে যে, সে কোন সাধারণ বালক নয়। সে পরিচ্ছন্ন, চটপটে, কর্মঠ এবং আদেশ পালনে বা অন্যের উপকার করতে সে যথাসাধ্য চেষ্টা করে।

–উলফ কাবস হ্যান্ডবুক

আমি বলতে পারি, আমি নিজে শীত গ্রীষ্ম সব সময় হাফ প্যান্ট পরেছি এবং কখনই ঠাণ্ডা লাগে নি। তুমি হয়ত তোমার মুখ আর হাত খোলা থাকার জন্য ঠাণ্ডা লাগবে বলে ভাবছ।

–মার্কসম্যানশিপ ফর বয়েজ

আমি প্রায়ই বলেছি, 'একজন স্কাউট যতক্ষণ তার কাজে মনোযোগী থাকে এবং স্কাউট আইন মেনে চলে ততক্ষণ সে স্কাউট পোশাক পরল কিনা সে বিষয়ে আমি সামান্যই গুরুত্ব দিই।' কিন্তু একথা সত্য যে, পোশাক কেনার সামর্থ্য আছে এমন কোন স্কাউটই স্কাউট পোশাক না পরে থাকে না। স্কাউট চেতনা তাকে এই প্রেরণা দেয়।

—এইডস টু স্কাউট মাস্টারশিপ

পোশাকে চটপটে এবং সবকিছুতে সঠিক থাকা হয়ত সামান্য বিষয় বলে মনে হতে পারে। কিন্তু আত্মমর্যাদা বিকাশের জন্য এর মূল্য আছে। আর যারা শুধু চোখে দেখে বিচার করে তেমন বহিরাগতদের কাছে আন্দোলনের খ্যাতির বিষয়ে তা সীমাহীন কাজ করে।

—এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউট পোশাক পরে টুপিহীন মাথায় চলার প্রবণতা আমি লক্ষ করেছি। আমি জানি, তুমি যদি মাথার চুল ভালভাবে দেখানোর জন্য ছাঁটাও বা লম্বা করে ঝুলিয়ে রাখ তাহলে তা দেখানোর জন্য অবশ্যই লোভ হতে পারে। সেই সঙ্গে এটা গরিব ছেলেদের সামনে অহংকার দেখানো—যারা সুন্দর ছাঁট দেখাতে পারে না। এটা স্কাউট পোশাক নয়।

—জাম্বুরি, ১৯২৯

বালকদের কাছে স্কাউট পোশাক হল বড় আকর্ষণ। পোশাকটি বনরক্ষীদের মত। বালকেরা তা পরলে তারা নিজেদের সীমান্তরক্ষীদের মত মনে করে। এই সীমান্তরক্ষীরা বালকদের কাছে বীর হিসেবে বিবেচিত হয়।

এই পোশাক ভ্রাতৃত্ববোধের সৃষ্টি করে। এটা বিশ্ব জোড়া ব্যবহৃত হয়ে জাতি ও দেশের সকল পার্থক্য দূর করে। তাছাড়া স্কাউট পোশাক সাদাসিধা ও স্বাস্থ্যপ্রদ।

—লেসনস ফ্রম দি ভার্সিটি অব লাইফ

আমি স্কাউট পোশাক পছন্দ করি এ কারণে যে, তা দেশের মধ্যে সকল পার্থক্য দূর করে সাম্য আনয়ন করে। কিন্তু এর চেয়ে বড় কথা, এটা দেশ ও জাতির পার্থক্য দূর করে এবং সবাইকে একই বিশ্বভ্রাতৃত্ববোধের সদস্য হিসেবে মনে করায়।

—জাম্বুরি, ১৯৩৮

## পৌরুষ


তুমি যদি একজন প্রকৃত কাজের লোক হিসেবে নিজেকে তৈরি করতে চাও তবে তিনটি জিনিস তোমাকে অবশ্যই আয়ত্ত করার চেষ্টা করতে হবে :

১. একটি শরীর— স্বাস্থ্যবান ও শক্তিশালী।

২. একটি মন—যা দ্রুত চাহিদা বুঝে চতুরতার সঙ্গে কাজ করতে সক্ষম।

৩. একটি চেতনা— যা যে কোন মূল্যে ন্যায় কাজ করতে আগ্রহী।

—এইডস টু স্কাউট মাস্টারশিপ




## প্রকৃতি

প্রকৃতি পাঠের লক্ষ্য স্রষ্টার উপলব্ধি এবং প্রকৃতির সৌন্দর্যের চেতনা অনুভব করা।

–গার্ল গাইডিং

প্রকৃতি পাঠ কখনই বিদ্যালয়ের বাঁধাধরা শ্রেণি-শিক্ষা হওয়া উচিত নয়। তা হবে প্রত্যেক বালিকার বিশেষ পছন্দের বিষয়ে ব্যবহারিক কাজকর্মের মাধ্যমে আগ্রহশীল অনুসরণ।

–গার্ল গাইডিং

প্রকৃতি পাঠ সামঞ্জস্যপূর্ণ পূর্ণতার মধ্যে অসীমত্ব, ঐতিহাসিকতার প্রসঙ্গ আনয়ন করে এবং তাতে মহান স্রষ্টার কাজের ক্ষুদ্র অংশের কথাও আসে। এ সবের মধ্যে যৌনতা ও প্রজনন একটি মর্যাদাপূর্ণ স্থান পায়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

সকল বিস্ময়ের মধ্যে আমার বড় বিস্ময় মনে হয়, কেমন করে কিছু শিক্ষক সহজ ও অব্যর্থ শিক্ষার উপায় এই প্রকৃতি পর্যবেক্ষণ অবজ্ঞা করেন এবং উচ্চচিন্তার জন্য চঞ্চল ও চেতনাসমৃদ্ধ বালক তৈরির উদ্দেশ্যে প্রথম পদক্ষেপ হিসেবে ধর্মীয় শিক্ষা চাপানোর চেষ্টা করে থাকেন।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

মুক্ত অঙ্গন হল স্কাউটিংয়ের প্রকৃত উদ্দেশ্য এবং সফলতার চাবিকাঠি।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

যে লোক প্রকৃতির সৌন্দর্যের ব্যাপারে অন্ধ, সে জীবনের অর্ধেক আনন্দ থেকে বঞ্চিত।

–রোভারিং টু সাকসেস

দিনের শেষে কাঠের ক্ষুদ্র আগুনে নিজের খাবার তৈরির মত আনন্দ আর নেই এবং সে আগুনের গন্ধের মত সুগন্ধিও আর হয় না।

পাহাড়ের ধারে বনের মাঝে তোমার আশ্রয়ের চেয়ে সুন্দর দৃশ্য আর হতে পারে না। সেই খোলা জায়গায় একটি গরম কম্বল বা একটি পুরু কাগজ নিচে দিয়ে তোমার ঘুমের মত ঘুম আর হতে পারে না।

–রোভারিং টু সাকসেস

একজন মহিলা কাব শিক্ষিকা একজন কাব স্কাউটকে প্রকৃতির ইতিহাস শিক্ষা দিতে গিয়ে জিজ্ঞেস করলেন, খরগোশের গায়ে কিসের আচ্ছাদন থাকে–চুল, পশম না আর কিছুর?' বালকটি জবাব দিল, 'হায় বিধাতা, আকেলা, আপনি কি কখনও খরগোশ দেখেন নি?'

–বার্ডস এণ্ড বিষ্টস অব আফ্রিকা

কেন আমি আফ্রিকাকে ভালবাসি? কারণ চলচ্চিত্র ও জাজসঙ্গীত, মোটরবাস ও জনতার ভিড়, পেট্রোলের ধোঁয়ার আচ্ছন্ন কলরবমুখর রাজপথ এবং সেই সব কৃত্রিম জীবন যা আমরা সভ্যতা বলে থাকি-সেসব থেকে মুক্ত থাকা যায় বলে।

না, আমাকে মুক্ত তৃণাচ্ছাদিত প্রান্তর ও উজ্জ্বল সূর্যালোক দাও–যেখানে প্রকৃতি, পাহাড়, জঙ্গল ও সেখানে বসবাসরত বন্য প্রাণীর সঙ্গে মুখোমুখি বাস করা যায়–কেনিযা ও টাঙ্গাইনিকায় আমি যেমন ছিলাম এবং যেখানে আমি আবার ফিরে যেতে চাই।

–আফ্রিকান এডভেঞ্চারস

## প্রতিবন্ধী স্কাউট

স্কাউটিংয়ের মাধ্যমে অসংখ্য পঙ্গু, মূক-বধির ও অন্ধ বালক উন্নততর স্বাস্থ্য, সুখ ও আশা-আকাঙ্ক্ষা লাভ করতে পারছে–যা তারা আগে কখনও পায়নি। এদের অধিকাংশই স্কাউটদের সাধারণ পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি। তাদের জন্য বিশেষ বা বিকল্প পরীক্ষা নেওয়া হয়। এসব বালকের বিস্ময়কর দিক হল, তারা সাধ্যানুযায়ী স্কাউট কর্মে তাদের প্রফুল্লতা ও আগ্রহ দেখিয়ে থাকে। তারা নেহায়েত প্রয়োজনের বাইরে বিশেষ পরীক্ষা বা পরিচর্যা প্রত্যাশা করে না। বিশ্বজুড়ে ভ্রাতৃত্বের সঙ্গে জড়িত করে স্কাউটিং তাদের কিছু করতে ও সামনে দেখতে সাহায্য করে, কঠিন কাজ করার জন্য অপরের কাছে নিজের যোগ্যতা প্রমানের সুযোগ দেয়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## প্রথম শ্রেণির স্কাউট ও গাইড

আসলে প্রথম শ্রেণির স্কাউট না হওয়া পর্যন্ত কোন বালক স্কাউট প্রশিক্ষণের পূর্ণ মূল্য লাভ করতে পারে না।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

যে গাইড কেবল বসে থাকতে এবং দ্বিতীয় শ্রেণির গাইড হতেই সন্তুষ্ট, সে একটি তৃতীয় শ্রেণির বালিকামাত্র।

–গার্ল গাইডিং

## প্রফুল্লতা

হাসির অভাব অর্থ সুস্বাস্থ্যের অভাব। সুতরাং যত পার হাস। এতে তোমার মঙ্গলই হবে। তাই যখন তুমি ভাল রকম হাসার সুযোগ পাও তখন হাসতে থাক। সম্ভব হলে অপর লোকদেরও হাসাও। এতে তাদের কল্যাণ হবে।

যদি তুমি ব্যথায় বা বিপদে পড়, তখন তুমি হেসে তা মোকাবিলা কর। তুমি যদি এ রকম করবে বলে মনে রাখতে পার এবং নিজেকে তা করতে বাধ্য করতে পার তখন তুমি প্রকৃতই দেখবে যে তাতে অবস্থার পরিবর্তন হয়।

–স্কাউটিং ফর বয়েজ

হাসি দিয়ে মোকাবিলা করতে পারলে কোন বিপদই আর বিপদ থাকে না।

–স্কাউটিং ফর বয়েজ

স্কাউটের জীবন তাকে এত বেশি খুশি রাখে যে তার মুখে সব সময় হাসি লেগেই থাকে।

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

আসল বাঘের বাচ্চার দিকে তাকালে দেখা যাবে যে, তার মুখে একটা দাঁত বের করা হাসি লেগে আছে। তেমনি কাব বালকদেরও সব সময় হাসা উচিত। যদি তা কখনও হাসি বলে মনে না হয় অথবা কখনও তা কান্না বলে মনে হলে, মনে রেখো কাবেরা কখনও কাঁদে না। আসলে কাবেরা সব সময় হাসে। তারা বিপদে, ব্যথায়, অসুবিধায় বা সংকটে পড়লে সব সময় দাঁত বের করে হাসে।

–উলফ কাবস হ্যান্ডবুক

কড়া কথা বলে যত কাজ হয় তার চেয়ে দ্বিগুণ কাজ হয় হাসি দিয়ে। কাজের ব্যাপারে খোঁচা দেওয়ার চেয়ে পিঠে হাত বুলালে বেশি উৎসাহের সৃষ্টি করে।

–হেড কোয়ার্টারস গেজেট

কাবদের কাছে স্কাউটদের হাসি খুবই উপভোগ্য। এ হাসি ছোটদের মাঝে খারাপ দিকগুলো প্রতিহত করতে সাহায্য করে এবং খোলা মন ও আনন্দময় সঙ্গ সৃষ্টি করে। যে বালক বেশি হাসে যে আদৌ মিথ্যা বলে না।

–উলফ কাবস হ্যান্ডবুক

গার্ল গাইড হাসতে হাসতে ও গাইতে গাইতে ঘুরে বেড়ায়। এতে সে নিজে আনন্দ পায় এবং বিপদের মাঝে অপরের মনেও আনন্দের সঞ্চার করে। সে সব সময় একই ভাবে নিজেকে হাসিখুশি রাখে।

–গার্ল গাইডিং

হাসিমুখে কাজ কর।

–গার্ল গাইডিং

খুব খারাপ সময়েরও সাধারণত একটা খুশির দিক থাকে।

–হোয়াইট স্কাউটস ক্যান ডু

উত্তম কৌতুক সংক্রামক রোগের মত সহজেই ছড়ায়।

–হোয়াট স্কাউটস ক্যান ডু

এক ঝলক প্রাণখোলা হাসি মনটাকে পরিষ্কার করে ফেলে।

–রোভারিং টু সাকসেস

অতীতে আমার অভিজ্ঞতায় সত্য বলে মনে হয়েছিল যে, একটি লাঠি ও একটু মৃদু হাসি পৃথিবীর যেকোন সংকট কাটাতে সাহায্য করতে পারে। কিন্তু পরবর্তী অভিজ্ঞতা আমাকে শিখিয়েছে যে, লাঠিটা সাধারণত বাড়িতে রেখে আসাই উত্তম।

–লাইফস স্ন্যাগস

যদি কোন বালক হাসিমুখে পথ চলতে থাকে তবে তাকে একটা তাৎপর্যপূর্ণ বিষয় হিসেবে গণ্য করা উচিত। (তবে একটা কথা ভুলে গেলে চলবে না যে, সে তার স্কাউট নেতার দৃষ্টান্ত থেকে তা অর্জন করেছে।) তার এই হাসিমুখ অসংখ্য বিরসবদন পথচারীর মুখে হাসি ফোটাতে প্রেরণা ও আনন্দ দেয়। গোমড়া মুখ ও হাসি মুখ দুটোই সমান সংক্রামক।

–দি স্কাউটার

হাসি হচ্ছে একটি গোপন চাবি–যা অনেক হৃদয়ের দরজা খুলে দেয়।

–এডভেঞ্চারিং টু ম্যানহুড

## প্রশিক্ষণ

স্কাউট শিক্ষক যা করেন তাঁর দলের বালকেরাও তাই করে। স্কাউট শিক্ষক প্রতিফলিত হন স্কাউটদের মধ্যে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আমাদের প্রশিক্ষণ হয় প্রধানত উদাহরণ দিয়ে।

–স্কাউটিং ফর বয়েজ

এতে কোন সন্দেহ নেই যে, বড়রা যা করে বালকের চোখ তাই লক্ষ করে; বড়রা যা বলে তার প্রতি গুরুত্ব দেয় না।

তাই স্কাউট মাস্টারের প্রধানতম দায়িত্ব সঠিক উদ্দেশ্য নিয়ে সঠিক কাজ করা এবং কোন আড়ম্বর না করে বালকের সামনে তা তুলে ধরা।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

ছোট শিবিরেও স্কাউট শিক্ষকের পক্ষে উদাহরণ দিয়ে অনেক কিছু করা যায়। সেখানে আপনি বালকদের সঙ্গে বাস করছেন এবং প্রত্যেকেই আপনাকে লক্ষ করছে, তারা অবচেতনভাবে আপনাকে অনুসরণ করছে। সম্ভবত এসব আপনি লক্ষও করছেন না।

আপনি যদি অলস হন তবে তারাও অলস হবে। পরিচ্ছন্নতা যদি আপনার শখ হয় তবে তারাও তা করবে। যদি আপনি শিবির উপকরণ ব্যবহারে কুশলতা অবলম্বন করেন তবে তারা আপনার প্রতিযোগী উদ্ভাবনকারী হয়ে উঠবে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

বালকেরা ভয়ানক অনুকরণকারী। আমি 'ভয়ানক' কথাটা খারাপ অর্থে ব্যবহার করছি, কারণ আমরা দৃষ্টান্ত স্থাপন করে বালকদের জন্য কী ক্ষতি বা কী ভাল করছি একথা কেউ চিন্তা করলে তার মনে ভীতি সঞ্চার হয়।

তারা তাদের চেয়ে বয়সে বড় সহচরকে, যারা নিজের ব্যক্তিত্ব দিয়ে তাদের প্রশংসা পেয়েছে অথবা কোন ভাল কাজ দেখিয়েছে–তাদেরকে নিজেদের জন্য নায়ক করতে খুব তৎপর।

–রোভারিং টু সাকসেস



## প্রস্তুত থাকা

যে কাজ তুমি শুরু করছ তা অতীতের প্রশিক্ষণ দ্বারা তোমাকে সমাধা করতে হবে বলে নিশ্চিত থাকতে হবে।

আমার সামনে একটি নির্দেশনা ব্যানার আছে, সেখানে এক বৃদ্ধা মহিলার পাঠানো আমাকে সম্বোধন করা একটি খাম রয়েছে। তাতে শুধু বি পি কথাটি লেখা। কিন্তু

আমার কাছে এর একটি গোপন অর্থ আছে। তা হল প্রত্যেক মানুষের কাছে শান্তি বা সংগ্রামে, জীবনে বা মরণে—সকল পরিস্থিতিতে প্রয়োগ করার মত একটি তাগিদ : বি প্রিপেয়ার্ড-সদা প্রস্তুত।

—একটি চিঠি

স্কাউট মূলমন্ত্র হল ঃ সদা প্রস্তুত। তার অর্থ, তুমি তোমার কর্তব্য পালনে সব সময় দেহ ও মনের দিক থেকে তৈরি অবস্থায় রয়েছ। প্রস্তুত থাক মানসিক দিক থেকে প্রত্যেক নির্দেশ সুশৃঙ্খলভাবে পালনের জন্য এবং সম্ভাব্য কোন দুর্ঘটনা বা পরিস্থিতি সম্পর্কে চিন্তা করে রাখ—যাতে তুমি সঠিক সময় সঠিক কাজটি করতে পার এবং তা করার জন্য ইচ্ছুক থাক।

প্রস্তুত থাক শারীরিক দিক থেকে নিজেকে শক্তিমান ও সক্রিয় করে সঠিক সময়ে সঠিক কাজটি করতে সক্ষম হও এবং কাজটি কর।

—স্কাউটিং ফর বয়েজ

যে লোক কেবল নিজের ভালর দিকে দেখে সে মন্দ নাগরিক। আর যে ব্যক্তি তার সম্প্রদায়কে সব সময় সাহায্য করার জন্য হাত বাড়ায় সে হল উত্তম নাগরিক।

আমি যখন বলি 'তৈরি' তখন তাতে শুধু ইচ্ছাই ব্যক্ত হয় না। অনেক লোক কাজে ইচ্ছুক থাকে, কিন্তু হঠাৎ যখন কাজটি সামনে এসে পড়ে তখন কীভাবে করতে হয় তা জানে না। তাই তারা হয়ে পড়ে অকাজের।

তাই বড়দের কাজ হল, অপর মানুষের কল্যাণের জন্য কোন জরুরি পরিস্থিতিতে সঠিক কাজটি কীভাবে করতে সমর্থ হবে এবং তার জন্য কীভাবে প্রস্তুত থাকবে তা শিক্ষা করা।

—রোভারিং টু সাকসেস

## প্রাক্তন স্কাউট ও গাইড

বয়স্কদের মধ্যে এমন লক্ষ লক্ষ লোক রয়েছেন যাঁরা আমাদের স্কাউট প্রশিক্ষণের মাধ্যমে কেবল চরিত্র, স্বাস্থ্য, সক্রিয় সাহায্য ও দেশ প্রেমের শিক্ষাই লাভ করেন নি, বরং শ্রেণি, বর্ণ ও দেশ-বিদেশ নির্বিশেষে পরস্পরের মধ্যে বন্ধুত্ব ও ভ্রাতৃত্ববোধের বৃহত্তর চেতনার দীক্ষা পেয়েছেন।

এভাবে প্রত্যেক জাতির নরনারীর মধ্যে পারস্পরিক বন্ধুত্ব ও শান্তির সঠিক লক্ষ্যে এমন একটি প্রভাবের জন্ম নিচ্ছে—যা এখন ক্ষুদ্র মনে হলেও প্রতিদিন ক্রমেই তা বেড়ে চলছে।

—জাম্বুরি, ১৯৩৭

## প্রাথমিক প্রতিবিধান

প্রাথমিক প্রতিবিধান একটি গুরুত্বপূর্ণ ও কঠিন বিষয়। কঠিন এ জন্য যে, এতে দরকার বিশেষ যত্ন ও নিয়মনিষ্ঠা, নির্ভুলতা ও সাধারণ জ্ঞান—যা সবই সাধারণ বালকের প্রকৃতিবিরুদ্ধ।

—উলফ কাবস হ্যান্ডবুক

## প্রার্থনা

প্রার্থনাকে হৃদয়ের ভেতর থেকে আসতে দাও–মুখস্থ থেকে নয়।

আমি ব্যক্তিগতভাবে প্রার্থনায় যে নীতি প্রধান বলে পছন্দ করি তা হল, প্রার্থনা হতে হবে সংক্ষিপ্ত, সহজ ভাষায় তা ব্যক্ত হবে এবং নিচের দুটি ধারনার একটিকে ভিত্তি করে হবে :

–বিধাতার কাছ থেকে পাওয়া আশীর্বাদ অথবা আনন্দের জন্য তাঁকে ধন্যবাদ দেওয়া,

–বিধাতার উদ্দেশে কিছু করার জন্য নৈতিক সমর্থন শক্তি বা নির্দেশনা চাওয়া।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউটদের প্রার্থনা পরিচালনার সময় আমরা যদি মনে রাখি যে, বালকেরা বয়স্ক মানুষ নয় এবং যদি আমরা সমবেত সবেচেয়ে ছোটদের বা সবচেয়ে অশিক্ষিত লোকদের কাছাকাছি যাই, তাহলে বালকদের ওপর গির্জায় যে কোন সেবা কাজের মতই গভীর প্রভাব পড়বে। বিরক্তি কখনও শ্রদ্ধা নয়, তাতে ধর্মবোধ জন্মায় না।

–লাইফস স্ন্যাগস



## বই

বই হচ্ছে মানুষের সবচেয়ে উত্তম প্রত্যাশিত বন্ধু। পছন্দমত তা নির্বাচন কর। সব সময় তাদের ওপর নির্ভর করতে পার। তারা তোমার কাছে, অবসরে ও দুঃখের সময়ে সাহায্য করবে। তোমার ঘরে তুমি সব সময় তাদের দ্বারা পরিবেষ্টিত হয়ে থাকতে চেষ্টা কর।

–উলফ কাবস হ্যান্ডবুক

বই এক বিশাল রত্নভান্ডারের মত–যা অপরিমেয় মূল্যবান রত্নরাজিতে পরিপূর্ণ এবং যাতে সেই সঙ্গে আছে কিছু বাজে জিনিসও। সেই রত্নভাণ্ডারে অভিযান চালানো এবং কোনটা নিজের জন্য দামি, কোনটা মূল্যহীন, কোনটা সঞ্চয় করতে হবে, কোনটা হবে না-তা বাছাই করা অপরিসীম আনন্দের কাজ।

–রোভারিং টু সাকসেস

## বখশিশ

কোন স্কাউট নিজের কাজের পারিশ্রমিক ছাড়া কখনই বখশিশ গ্রহণ করে না। তবে বখশিশ যখন দেওয়া হয় তখন তা প্রত্যাখ্যান করা কঠিন হয়ে পড়ে। কিন্তু স্কাউটের কাছে তা সহজ। তাকে শুধু বলতে হবে, 'আপনাকে ধন্যবাদ, কিন্তু আমি একজন স্কাউট, আমাদের আইনে কোন ভাল কাজ করার বিনিময়ে কোন কিছু গ্রহণ করার অনুমতি নেই।'

–স্কাউটিং ফর বয়েজ

বখশিশ হল দয়ার বিপরীত। যে বখশিশ দেয় এবং যে তা গ্রহণ করে উভয়ের জন্য তা খারাপ।

–লাইফস স্ন্যাগস

## বদভ্যাস

বদভ্যাস হচ্ছে নষ্ট দাঁতের মত–যা উপড়ে ফেলাই উত্তম।

–লাইফস স্ন্যাগস

## বন্ধুত্ব

যে সব লোকের সঙ্গে তুমি মিশে থাক তাদের প্রতি যদি তোমার ভয় বা অপছন্দ না থাকে তবে তারাও অনুরূপভাবে তোমার প্রতি ভয় বা সন্দেহ রাখবে না। তারা তোমার প্রতি ঝুঁকবে এবং তোমার বন্ধু হয়ে উঠবে।

–পেডল ইউর ওন ক্যানো

## বিশ্ব ভ্রাতৃত্ব

কিমকে ভারতীয়েরা বলত 'সারা বিশ্বের ছোট্ট বন্ধু।' প্রত্যেক স্কাউটের নিজের জন্য এই নামটি অর্জন করা উচিত।

–স্কাউটিং ফর বয়েজ

চেতনাটাই আসল। আমাদের স্কাউট আইন ও প্রতিজ্ঞা যখন আমরা যথার্থই অনুশীলন করি, তখন জাতিতে জাতিতে যুদ্ধ ও বিরোধের সকল আশঙ্কা ভুলে যাও।

–স্কাউটিং ফর বয়েজ

সারা বিশ্ব জুড়ে যেখানেই স্কাউটেরা সমবেত হয় সেখানেই তারা ভাই। তারা তাদের গোপন চিহ্ন দিয়ে পরস্পরকে চিনে এবং তারা সবার জন্য সাহায্যকারী ও অতিথিপরায়ণ। স্কাউট তোমাকে তার সর্বোত্তম খাবার ও বাসস্থান দিবে। কিন্তু সে তোমার কাছে তার মুখের দিকে প্রসন্ন হয়ে তাকানো ছাড়া বেশি কিছু আশা করবে না। একজন স্কাউট তার সঙ্গী বা কোন অজানা লোককেও বাঁচানোর জন্য জীবন উৎসর্গ করবে–বিশেষত সে অজানা লোক যদি মহিলা বা শিশু হয়।

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

স্কাউটিং হল ভ্রাতৃত্ববোধ–এটা এমন একটি পরিকল্পনা যা বাস্তব অনুশীলনে বিধাতার অব্যক্ত চেতনার মাধ্যমে শ্রণি, জাতি, দেশ ও বর্ণের ভেদাভেদকে ঘৃণা করে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউট ভাইয়েরা, আমি তোমাদের একটি মহৎ পছন্দ ঠিক করতে বলি। বিশ্বের মানুষের মধ্যে ভাষা ও চেহারার পার্থক্যের মতই চিন্তা ও চেতনার পার্থক্য রয়েছে। যুদ্ধ আমাদের শিখিয়েছে যে, যদি কোন জাতি অপর জাতির ওপর বিশেষ ইচ্ছা চাপিয়ে দিতে চায় তাহলে নিষ্ঠুর প্রতিক্রিয়া ঘটতে বাধ্য। জাম্বুরি আমাদের শিখিয়েছে, আমরা আমাদের পারস্পরিক সহনশীলতা ও আদান-প্রদানের চর্চা করি তাহলে সহানুভূতি ও সাম্যের সৃষ্টি হবে। এটাই যদি তোমাদের ইচ্ছা হয়, তাহলে চল, এখান থেকেই আমরা পুরাপুরি সংকল্প নিই যে, আমরা আমাদের নিজেদের মধ্যে ও আমাদের বালকদের মধ্যে বিশ্বজোড়া স্কাউট ভ্রাতৃত্বের চেতনার মাধ্যমে বন্ধুত্ব গড়ে তুলব–যাতে আমরা বিশ্বের মধ্যে শান্তি ও সুখ এবং মানুষের মধ্যে শুভেচ্ছা গড়ে তুলতে সাহায্য করতে পারি।

স্কাউট ভাইয়েরা, আমাকে জবাব দাও। তোমরা কি উদ্যোগে যোগদান করবে?

–প্রথম বিশ্ব জাম্বুরির সমাপনী ভাষণ, ১৯২০

মানব পরিবারের মধ্যে ভ্রাতৃত্ববোধের বৃহত্তর বন্ধনকে অবহেলা করে আমরা ধর্ম, রাজনীতি, দেশপ্রেম বা জাতির ছদ্মবেশে মানুষের মধ্যেই যে তুচ্ছ পার্থক্য সৃষ্টি করি তার জন্য বিধাতা নিশ্চয়ই হাসেন।

–জাম্বুরি, ১৯২১

আমরা চাই পরবর্তী প্রজন্ম উদার দৃষ্টিতে দেখুক এবং সারা বিশ্বজুড়ে ধর্ম, বর্ণ, দেশ বা জাতি–যাই থাকুক না কেন তারা যেন মানবসন্তান হিসেবে পরস্পরকে ভাই বলে দেখে।

–জাম্বুরি, ১৯২১

শুভেচ্ছা ও সহযোগিতা আগমনের সঙ্গে সঙ্গে জাতিগত পার্থক্যের তুচ্ছ কারণ দূর হয়ে যাবে। তখন শ্রেণি ও ধর্ম ভ্রাতৃত্বের মধ্যে শত্রুর ভাব আনবে না এবং গৃহের মধ্যে বিভক্তির সৃষ্টি করবে না।

শুভেচ্ছা ও সহযোগতিার ফলে এক জাতি অপর জাতিকে সহানুভূতি প্রদর্শন করবে এবং রাজনীতিবিদরা বন্ধুত্বের বন্ধনে আবদ্ধ জনগণকে আর যুদ্ধে নিয়োজিত করতে পারবে না। তারা জনগণের ইচ্ছাকেই গুরুত্ব দিবে।

–ভাষণ, ১৯২৬

## বিশ্ব ভ্রাতৃত্ববোধ বনাম দেশাত্ববোধ

জাতীয় আশা-আকাঙ্ক্ষার উন্নয়নে সবসময় অন্য জাতির সংকীর্ণমনা ও ঈর্ষাপরায়ণ হওয়ার আশঙ্কা থাকে। সৌভাগ্যবশত স্কাউট আন্দোলনের প্রেক্ষিতে বিশ্বের প্রায় সব সভ্য দেশেই আমাদের অনুরূপ স্কাউট সংগঠন রয়েছে এবং আমরা ইতিমধ্যে বিশ্বভ্রাতৃত্ববোধের বাস্তব প্রাণকেন্দ্র গঠন করে ফেলেছি।

এর শক্তি আরও বৃদ্ধি পেয়েছে গার্ল গাইড নামে সহযোগিতামূলক আন্দোলনের ব্যাপক উন্নয়নে।

–স্কাউটিং ফর বয়েজ

বিশ্বব্যাপী যুদ্ধের ধ্বংসলীলা আমাদের সবাইকে ভয়ংকরভাবে নাড়া দিয়েছে এবং নতুন ব্যবস্থা সম্পর্কে আমাদের সচেতন করেছে। এখন আমাদের জাতি আর অন্য জাতির চেয়ে ভাল নয়। যুদ্ধ আমাদের সাবধান করে দিয়েছে যে, বস্তুতান্ত্রিক ও বুদ্ধিবৃত্তিক উন্নয়নের বর্তমান অবস্থায় আমাদের নিজেদের পুনর্গঠন করতে হবে এবং সভ্যতার আশীর্বাদকে উৎকর্ষপূর্ণ ব্যবহার করতে হবে। নইলে পরিণতিতে বর্বর শাস্তি আমাদের ধ্বংস করে দিবে–যার স্বাদ আমরা একবার পেয়েছি।

–জাম্বুরি, ১৯২১

কেউ যদি তার নিজের দিগন্তের বাইরে না তাকায় এবং অন্য জাতির ভাল দিকগুলো না দেখে বা প্রশংসা না করে, তাহলে তার স্বদেশপ্রেম শুধু সংকীর্ণই নয়, ক্ষতিকরও।

–ভাষণ, ১৯২৬

আমাদের ছেলেমেয়েদের মধ্যে দেশাত্ববোধ সঞ্চারে যত্নশীল হওয়া উচিত। এই দেশাত্মবোধ হবে নিজের দেশে সীমাবদ্ধ সংকীর্ণ অনুভূতির উর্ধ্বে–যে অনুভূতি অন্যদের প্রতি ঈর্ষা ও শত্রুতার প্রেরণা দেয়। আমাদের দেশাত্মবোধ হওয়া উচিত উদার ও মহৎ-যা অন্যের ন্যায়বিচার ও যুক্তিপূর্ণতার স্বীকৃতি দেয় এবং তা আমাদের দেশকে বিশ্বের অন্যান্য দেশের বন্ধুত্বের দিকে নিয়ে যাবে আর অন্য জাতির স্বীকৃতি আনবে।

–স্কাউটিং এন্ড ইয়ুথ মুভমেন্ট

## বিয়ে

স্বামী ও স্ত্রীকে যথাক্রমে বুটজুতা ও পাপোশ বলে বর্ণনা করা হয়েছে এবং এ থেকে অনুমান করা হয়েছে যে একজনকে অপর জন কর্তৃক পরাজয় বরণ করতে হয়। কিন্তু এর একটা ভিন্ন দিকও আছে। সেখানে পুরুষ ও রমণী অন্তরঙ্গ সঙ্গী। বিয়েকে এ দৃষ্টিতে

দেখাই সঙ্গত এবং এতেই উভয় পক্ষের কাছে সবচেয়ে বেশি সুখ আগমন করে। এ সুখ জগতের সব সুখের চেয়ে বেশি। স্বামী ও স্ত্রী আনন্দে বন্ধু এবং বিষাদে সহচর হলে আনন্দ হয় দ্বিগুণ এবং বিষাদের হয় ভাগাভাগি।

কিন্তু এ ধরনের সঙ্গী হতে হলে নারীকে নিজের কাজ জানতে হবে। তার সঙ্গীর বিপদে সহানুভূতি প্রকাশ করে এবং বিপদে কাজে লাগার সম্পূর্ণ যোগ্য হওয়ার জন্য তাকে অবশ্যই ব্যর্থতার বিরুদ্ধে সংগ্রাম করে এগিয়ে যেতে হবে, সফলতার আনন্দ উপভোগ করতে হবে।

–গার্ল গাইডিং

আমাকে বলা হয়েছিল যে আমি পঞ্চাশ শব্দের মধ্যে জীবনে করণীয় শ্রেষ্ঠ কাজ সম্পর্কে আমার ধারণা ব্যক্ত করতে পারি কি না।

আমি জবাব দিলাম যে, আমি তা পারি মাত্র তিনটি শব্দে–'সুখের বিয়ে কর'। এ থেকে আমি এ কথা বরতে চাই না যে, মাত্র কয়েক সপ্তাহ বা মাস আনন্দময় মধুচন্দ্রিমা যাপন কর এবং পরে পারস্পরিক সহনশীলতার পরিচয় দাও–বরং বলতে চাই বহু বহু বছর ধরে মধুচন্দ্রিমা উপভোগ কর।

–লেসনস ফ্রম দি ভার্সিটি অব লাইফ

## বিশ্রাম

রবিবার হল বিশ্রামের দিন। তবে অলসভাবে সময় কাটানো বিশ্রাম নয়।

–স্কাউটিং ফর বয়েজ

বিশ্রাম বলতে আমি আলস্য বুঝি না, বরং কাজের পরিবর্তন বুঝি।

–রোভারিং টু সাকসেস



## ব্যক্তি বনাম সমাজ

ব্যক্তিত্বের অতিরিক্ত উন্নয়ন অর্থ নিজেকে শিথিল করে দেওয়া–যা আমরা চাই তার ঠিক বিপরীত। চরিত্রবান ব্যক্তিত্ব ভিন্ন জিনিস। তার অর্থ আত্মশৃঙ্খলা, শক্তি-সামর্থ্য, বীরত্ব, আনুগত্য ও অন্যান্য গুণ সম্পন্ন মানুষ-যা ভাল মানুষ তৈরি করে। যখন এসব গুণ সমাজসেবার সঙ্গে জড়িত হয় তখন সে কেবল ভাল মানুষই নয়–সে একজন উত্তম নাগরিকও।

–রোভারিং টু সাকসেস

ব্যক্তির স্বাধীনতা সামগ্রিকভাবে সমাজের মঙ্গলে হস্তক্ষেপ না করা পর্যন্ত ঠিকই থাকে। প্রত্যেক লোকই তার নিজের মতামত প্রকাশ করতে পারে, তবে কোথাও একটা সীমা থাকা চাই। প্রায় প্রত্যেক দেশে বর্তমান সভ্যতায় মানুষের মধ্যে বিরাজমান দুঃখ-দুর্দশা দূরীকরণের লক্ষ্যে সঠিক সমাজতন্ত্রের সঙ্গে আমরা চুক্তিবদ্ধ। সেখানে মানুষ নিজেদের কোন দোষ ছাড়াই খারাপ সংগঠন ও ত্রুটিপূর্ণ অবস্থার জন্য দুঃখ ও দারিদ্র্যের সঙ্গে বসবাস করতে বাধ্য হয়। আমরা নিশ্চিত করতে চাই যে, বিধাতা যেসব মানুষকে এ বিশ্বে পাঠিয়েছেন তাদের প্রত্রেকের প্রথম থেকে মানবসৃষ্ট দারিদ্র্যে পঙ্গু না হয়ে সর্বোত্তম জীবন যাপন ও উপভোগের চমৎকার সুযোগ থাকা দরকার।

–রোভারিং টু সাকসেস

## ব্যায়াম

শারীরিক ভারসাম্য মানসিক ভারসাম্য গঠনে সহায়তা করে।

–গার্ল গাইডিং

## ভদ্রতা

সত্যিকারের মানুষ ভদ্র হয়ে থাকে। তার অর্থ এই যে, তিনি সকলকে শ্রদ্ধা, মানুষের প্রতি সহানুভূতি এবং নির্মল রসবোধের পরিচয় দিয়ে থাকেন।

–রোভারিং টু সাকসেস

## ভাগ্য

সাধারণভাবে যাকে ভাগ্য বলা হয় আসলে তাহল–তোমার সুযোগ চিহ্নিত করা এবং তার ওপর লাফিয়ে পড়ে তাকে বন্দী করার ক্ষমতা। অনেকেই বসে থাকে এবং ভাগ্যের আগমনের অপেক্ষা করে। কিন্তু পরে অভিযোগ করে যে তাদের ভাগ্য আসেনি।

–রোভারিং টু সাকসেস

## ভালবাসা বনাম ভয়

আপনার শিশুদের গড়ে তুলুন ভীতিতে নয়–ভালবাসার মাধ্যমে।

–রোভারিং টু সাকসেস

পিতার প্রতি ভয় তাঁর প্রতি সন্তানের শ্রদ্ধা প্রমাণ করে না।

বেত সাধারণত শিশুকে ভীত ও মিথ্যাবাদী করে তোলে।

–রোভারিং টু সাকসেস

## ভ্রমণ

আমি প্রধানমন্ত্রী হলে এই মর্মে আইন করতাম যে, কোন লোককে সংসদে নির্বাচিত হওয়ার আগে বাধ্যতামূলকভাবে কমপক্ষে একবার সারা পৃথিবী ভ্রমণ করে আসতে হবে।

–রোভারিং টু সাকসেস

জীবন সংক্ষিপ্ত। এর পরেও বেশির ভাগ লোক উদ্ভিদের মত অচল থেকে জীবন নষ্ট করে। সে উদ্ভিদও সন্তোষজনক নয়। এই বিস্ময়কর বিশ্বে যখন মানুষ বাস করে তখন এর কিছুটা অংশ ভ্রমণ করলে তাদের প্রসারিত দৃষ্টি ও উদার সহানুভূতি দান করে। এতে লোকের মন বড় হয় এবং বিশ্বের জন্য শুভেচ্ছা ও শান্তির বিকাশ ঘটে।

–আফ্রিকান এডভেঞ্চারস

## মদ্যপান

যে লোক মদ পান করে স্কাউটিংয়ে তার কোন কাজ নেই। অন্য কিছুতেও তাকে দিয়ে কোন কাজ হবে না।

–স্কাউটিং ফর বয়েজ

মদ্যপায়ী লোকের স্কাউট হওয়া অসম্ভব।

–স্কাউটিং ফর বয়েজ

যার মদ খাওয়ার দোষ আছে সে নিজের স্বাস্থ্য সুখ নষ্ট করে এবং তার পরিবার ধ্বংস করে। প্রাচীন প্রবাদে আছে, মদ্যপান মানুষকে দুর্বল করে।

–স্কাউটিং ফর বয়েজ

## মনের স্বাধীনতা

স্কাউটের যদি একাদশ আইন থাকত তবে তা হত এ রকম : –স্কাউট বোকা নয়।' সে নিজের কোন বিষয় সম্পর্কে ভাবতে পারে, কোন বিষয়ের এপীঠ-ওপীঠ দেখতে সে দৃঢ়তা বজায় রাখে।

–হোয়াট স্কাউটস ক্যান ডু

নিজের ডোঙা নিজেই বাও।

–হোয়াট স্কাউটস ক্যান ডু

তোমরা অনেকেই তোমাদের পিতা বা বন্ধুদের প্রিয় রাজনৈতিক দলের সঙ্গে জড়িত হতে আগ্রহশীল হতে পার। কিন্তু আমি যদি তুমি হতাম তবে তা করতাম না। প্রত্যেক দল কী বলে তা আমার শোনা উচিত। তুমি যদি কেবল একটি দলের কথা শোন, তখন তুমি নিশ্চয়ই মনে করবে যে সেটাই ঠিক, অন্যেরা সব ভ্রান্ত। কিন্তু তুমি যদি অন্য

কোন দলের কাছে গিয়ে তার কথা শোন, তখন তুমি দেখবে যে হয়ত পরেরটি ঠিক এবং আগেরটি সঠিক নয়।

–স্কাউটিং ফর বয়েজ

এটা একটা উত্তম অভ্যাস যে, যখন তুমি কোন জনতার মধ্যে থাক তখন অন্যেরা যা করে সেরকম তুমি করো না, বরং তুমি যা দেখ সে সম্পর্কে নিজের মনোভাব গড়ে তোল এবং সেভাবে কাজ করো।

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

বিচার-বিবেচনার জন্য ব্যক্তিগত ক্ষমতা থাকা অত্যাবশ্যক। আমরা মানুষকে মানুষ হতে বলি–ভেড়া হতে নয়।

–হেড কোয়ার্টারস গেজেট

জনতা অনেক সময় গর্দভের মত হয়ে পড়ে। তারা নিজের জন্যও ভাবে না, তারা সমস্যার এপীঠ ও ওপীঠ সম্পর্কেও ভাবে না।

–রোভারিং টু সাকসেস

গায়ের কোট হল প্রশ্নের মত–যার দুটি দিক আছে। তা গায়ে দিতে হলে দুদিকেই হাত গলাতে হয়।

–রোভারিং টু সাকসেস

গণতন্ত্রের ভয়ের দিক হল সেই মানুষ যে নিজের সম্পর্কে ভাবে না এবং সোজা হাঁটার মত সোজা চিন্তা করতে শিখে।

–রোভারিং টু সাকসেস

## মা

এমন কাজ করতে চেষ্টা কর যাতে তোমার মা গৌরব বোধ করেন। এমন কাজ করো না যাতে তাঁকে দুঃখিত বা লজ্জিত হতে হয়। তিনি তোমার জন্য অনেক করেছেন। তুমিও তাঁর জন্য কিছু কর।

–উলফ কাবস হ্যান্ডবুক

বিশ্বের খ্যাতিমান লোকদের অধিকাংশই চরিত্রগঠন ও সফলতার জন্য তাঁদের মায়ের সর্বাধিক প্রভাবের কথা স্বীকার করেছেন।

এটাই স্বাভাবিক। কারণ মা-ই শিশুকাল থেকে তাঁকে লালন পালন করেছেন। তিনি সন্তানের জন্য সর্বাধিক ত্যাগ স্বীকার করেছেন।

মানুষ তার মায়ের কাছে এমনভাবে ঋণী যা সম্পূর্ণ পরিশোধ করা যায় না। তবে এ ব্যাপারে তার উত্তম করণীয় হল কৃতজ্ঞতা দেখানো এবং মায়ের আকাঙ্ক্ষার সফলতা আনয়নের জন্য নিজেকে যোগ্য প্রমাণ করা।

–রোভারিং টু সাকসেস

## যথাসাধ্য চেষ্টা

কাবদের মহাগর্জনের অর্থ হচ্ছে, তুমি তোমার দুহাত দিয়ে যথাসাধ্য চেষ্টা করবে। তবে যে সব বালক কেবল ডান হাত দিয়ে কাজ করে তাদের মত নয়। তোমার নিজের সাধ্যমত কাজ হবে সাধারণ বালকের দ্বিগুণ কাজ। কাবদের মূলমন্ত্র হচ্ছে 'সাধ্যমত কাজ করা।'

–উলফ কাবস হ্যান্ডবুক

দুনিয়াকে যেমন পেয়েছ তার চেয়ে শ্রেষ্ঠতর করে রেখে যেতে চেষ্টা কর। তোমার মৃত্যুর পালা যখন আসবে, তখন তুমি আনন্দে এই অনুভূতি নিয়ে সুখে মৃত্যুবরণ করতে পারবে যে, তুমি অন্তত তোমার জীবনের সময় নষ্ট কর নি, তার যথাসাধ্য সদ্ব্যবহার করেছ।

–স্কাউটিং ফর বয়েজ



## যশ

দুর্নাম যশ নয়।

–রোভারিং টু সাকসেস

## যুদ্ধ

আমি মনে করি যদি প্রত্যেক মানুষ তার নিজের শরীর ও তা কী করে কাজ করে সে বিষয়ে একটু চিন্তা করে তাহলে স্রষ্টার রহস্যময় কাজ সম্পর্কে নতুন ধারণা লাভ করতে পারবে। এতে সে দেহ ও মনে স্রষ্টা কীভাবে সক্রিয় রয়েছেন তা বুঝতে পারবে।

যখন তুমি দেখবে যে, তোমাদের কেউ কেউ যা করেছে, স্রষ্টার সেই বিস্ময়কর শরীরগুলো তার সকল জটিলতা নিয়ে এবং তার সৌন্দর্যমণ্ডিত স্থাপন-কৌশল ধ্বংস করে ধূলিসাৎ করে দেয় বা পঙ্গু করে মানব সৃষ্ট দুর্মতিতে মানব সৃষ্ট যুদ্ধে মানুষের তৈরি বোমা ও শেল নিক্ষেপের মাধ্যমে, তখন তুমি বুঝবে যে যুদ্ধের ব্যাপারে কিছু পাপ ও অপবিত্রতা রয়েছে।

–রোভারিং টু সাকসেস

## যোগ্যতা

'যোগ্যতা' কথাটি দিয়ে আমি শুধু অর্থকরী কুশলতা বোঝাই না, বরং এতে স্বাধীন, সমৃদ্ধিশালী ও সুখী জীবন যাপনের জন্য সাধারণ বুদ্ধিমত্তা ও সামর্থ্য বুঝিয়ে থাকি।

–উলফ কাবস হ্যান্ডবুক

তুমি নিজেকে এমন যোগ্য করে তোল যাতে তুমি নিজের ওপর নির্ভর করতে পার। নিজের জীবন গঠনের জন্য অথবা তোমার কাজের জন্য তুমি নিজেই উপায় বের করবে।

অপরের সাহায্যের আশা করো না–নিজেই কাজ কর। তোমার কাজের প্রশংসার জন্য উদ্বিগ্ন হয়ো না। যদি তুমি সঠিক কাজ কর তবে তা থেকেই প্রচুর সন্তুষ্টি লাভ করবে। এ থেকেই তোমার পুরস্কার পাবে। যে বিষয়ে তোমাকে সচেতন হতে হবে তা হল, তোমার যথাসাধ্য করা এবং তোমার কর্তব্য করা।

–এডভেঞ্চারিং টু মুভমেন্ট

## যৌনতা

যৌনতা সব ধরনের জীবনে সর্বজনীন বৈশিষ্ট্য। যৌনতার মধ্যে কোন পাপ নেই। যৌনতাকে অপব্যবহার করা হলেই পাপ দেখা দেয়।

–রোভারিং টু সাকসেস

বালকদের শিক্ষার সকল বিষয়ের মধ্যে সবচেয়ে কঠিন ও অন্যতম সর্বাধিক গুরুত্বপূর্ণ হল যৌনস্বাস্থ্য। এ ব্যাপারে দেহে, মন, আত্মা, স্বাস্থ্য, নৈতিকতা ও চরিত্র সবই জড়িত। বিষয়টি এমন যে, স্কাউট মাস্টারের পক্ষে অত্যন্ত কৌশলে প্রত্যেক বালকের ব্যক্তিগত চরিত্রের প্রেক্ষিতে আলোচনা করতে হবে। শিক্ষা কর্তৃপক্ষ বিষয়টি নিয়ে এখনও যথেষ্ট আলোচনা করে নি। কিন্তু বিষয়টি এমন যে, মেয়েদের বেলায় কিছুটা কম হলেও ছেলেদের শিক্ষায় তা উপেক্ষা করা যায় না। অবশ্য এটা প্রাথমিকভাবে পিতামাতার দায়িত্ব যে, তাঁদের ছেলেমেয়েরা এ ব্যাপারে যথাযথ জ্ঞান লাভ করে। কিন্তু তাঁদের মধ্যে বহু সংখ্যক লোক দায়িত্ব এড়িয়ে যান এবং পরে এমন করার জন্য কৈফিয়ৎ দাঁড় করান। এই অবহেলা এক ধরনের ছোটখাট অপরাধ।

স্কাউট মাষ্টারের প্রধান কাজ হল প্রথম পদক্ষেপ হিসেবে বালকের পূর্ণ আস্থা অর্জন করা এবং তার সঙ্গে বড় ভাইয়ের সম্পর্ক গড়ে তোলা। তখন তারা দুজনেই খোলাখুলি ভাবে আলাপ করতে পারবেন।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## রসবোধ

যুবক হিসেবে নিজেকে সচেতন করতে হলে প্রথম পদক্ষেপে হয়ে যাবে মাত্রাজ্ঞানহীন ব্যক্তি। তখন রসিকতাবোধ তোমাকে এ বিপদ ও অনেক দুঃসময় পার করে নিয়ে যাবে।

–রোভারিং টু সাকসেস

প্রত্যেক জিনিসের মধ্যে যেহেতু কমপক্ষে পাঁচ ভাগ ভাল দিক আছে, সেজন্য সেখানে আরও পাঁচ ভাগ আছে কৌতুক।

–রোভারিং টু সাকসেস

রসিকতাবোধ বিপদজনক বা বিরূপ পরিবেশেও কৌতুককর দিক দেখতে পায় বলে কোন মানুষের কাছে জীবন যাপনের জন্য তা সবচেয়ে বেশি মূল্যবান।

–পেডল ইউর ওন ক্যানো

## রাজনীতি

স্কাউট আন্দোলনে আমরা দলীয় রাজনীতির দিক থেকে অরাজনৈতিক। আমরা যার জন্য বালকদের তৈরি করতে চাই তাহল দক্ষ শাসকের গুণ,–দলীয় রাজনীতি নয়।

–হেড কোয়ার্টারস গেজেট

## রোভারিং

রোভারিং কথাটি দিয়ে আমি উদ্দেশ্যহীন পরিভ্রমণ বোঝাই না; আমি বোঝাই নির্দিষ্ট লক্ষ্যের দিকে আনন্দময় পদ্ধতিতে পথের সন্ধান করা এবং জীবন পথে মোকাবিলা করতে হবে এমন সম্ভাব্য অসুবিধা ও বিপদাপদ সম্পর্কে ধারণা লাভ করা।

–রোভারিং টু সাকসেস

রোভারেরা মুক্তাঙ্গন ও সেবার ভ্রাতৃত্বে আবদ্ধ। তারা শুধু ভ্রাতৃত্বই নয়, বরং সারা দুনিয়া জুড়ে শিবির জীবনের বন্ধুদের সঙ্গে, এর পোশাক এবং এর 'ডেন' বা সভাকক্ষে আনন্দময় ভ্রাতৃত্ববোধ উপভোগ করে।

এটা পরিভ্রমণের ভ্রাতৃত্ববোধ বলে এর সদস্য হিসেবে তুমি বিদেশ ভ্রমণ করতে পার এবং সেখানকার বিভিন্ন জাতির রোভার ভাইদের সঙ্গে বন্ধুত্ব গড়ে তুলতে পার।

আমাদের আন্দোলনের এই দিকটি কেবল আকর্ষণীয় ও শিক্ষাপ্রদই নয়, বরং পারস্পরিক শুভেচ্ছার মাধ্যমে বিশ্বের ভবিষ্যৎ শান্তি নিশ্চিত করার প্রকৃত পদক্ষেপ হিসেবে তৈরি করছে।

–রোভারিং টু সাকসেস

## শখ

শখ হল শয়তানের ছোট ছোট খেলার প্রতিষেধক।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

যার কোন শখ আছে তার নষ্ট করার মত সময় থাকে না।

–রোভারিং টু সাকসেস

## শিক্ষা

স্কাউটেরা 'ভাল হওয়ার' চেয়ে, 'ভাল কাজ-করায়' বেশি তৎপর।

–রোভারিং টু সাকসেস

'ভাল হওয়া' ভাল কথা, কিন্তু 'ভাল করা' অনেক বেশি ভাল।

–রোভারিং টু সাকসেস

ভাল হতে শিশু আগ্রহী, কিন্তু ভাল করা ভিন্ন জিনিস।

বালকেরা কথা শোনার চেয়ে কাজ করতে বেশি তৈরি।

–গার্ল গাইডিং

কষ্টার্জিত জ্ঞান স্থায়ী হয়ে থাকে, সহজলভ্য জ্ঞান বেশি স্থায়ী হয় না।

–হেড কোয়ার্টারস গেজেট

বালক আদেশে নয়, অনুশীলনের মাধ্যমে শিখে। কোন কিছুর প্রতি অনুরাগ বালকের কাছে মনের ব্যাপার মাত্র, কিন্তু কোন সেবা কাজের মাধ্যমে তার প্রকাশ তাকে কাজ করতে দেয় এবং তা ভিন্ন ব্যাপার।

যতদূর সম্ভব তরুণদের মনে ধর্মীয় চেতনাকে কাজে রূপ দিতে হবে। এ জন্য স্কাউট আইন ও প্রতিজ্ঞায় 'স্রষ্টাকে ভালবাস' একথা না বলে বলা হয় 'স্রষ্টার প্রতি কর্তব্য' পালন কর। তেমনি 'প্রতিবেশীকে ভালবাস' এই কথা না বলে বলা হয় 'সব সময়ে অপরকে সাহায্য কর'।

–একটি প্রবন্ধ

তুমি সুখী হবে যদি তোমার লক্ষ্য থাকে যে, যে পৃথিবতে তুমি বাস করছ তাকে কিছুটা উন্নত করে রেখে যেতে পার। এক্ষেত্রে পিতা হিসেবে তোমার পদক্ষেপ হবে যদি তোমার সন্তানকে তোমার চেয়ে আরও ভাল মানুষ হিসেবে গড়ে তুলতে পার।

–রোভারিং টু সাকসেস

নির্দেশনা বিশেষত কোন আদেশ বালকদের ওপর বিপরীত প্রতিক্রিয়ার সৃষ্টি করে। কোন বালককে 'ধূমপান করো না' বলে আদেশ করলে সে তখনই অভিযাত্রা হিসেবে ধূমপান করতে প্রলুব্ধ হবে। কিন্তু তাকে উদাহরণ দিয়ে দেখাও, যে কোন নির্বোধই ধূমপান করতে পারে, কিন্তু বিবেচক ব্যক্তি তা কখনই করে না–তখন ব্যাপারটা তার কাছে ভিন্ন মনে হবে।

–হেড কোয়ার্টারস গেজেট

'এটা করো না'–এ ধরনের কোন আদেশ মন্দ কাজে উৎসাহিত করে। বরং মনে সঠিক চেতনা সঞ্চার কর। বারুদ না হলে যেমন গুলি ছোঁড়া যায় না, তেমনি সঠিক চেতনা ছাড়া কোন কর্মপ্রেরণা সৃষ্টি করা চলে না।

–উলফ কাবস হ্যান্ডবুক

শিক্ষাকে অবশ্যই নেতিবাচক না হয়ে ইতিবাচক হতে হবে–নিষ্ক্রিয় না হয়ে হতে হবে সক্রিয়। উদাহরণ স্বরূপ বলা যায় যে, স্কাউট আইনে বিস্তারিতভাবে বলা হয় যে–একজন স্কাউট এটা করবে, ওটা করবে ইত্যাদি।

কর্তৃপক্ষ স্কাউট আইনের উন্নয়ন করতে গিয়ে এর সক্রিয় দিকটি বিবেচনা না করে উল্টাভাবে বদলিয়ে অনেকগুলো 'করো না' শব্দ যুক্ত করেন। এই 'করো না' পুরানো আমলের দমননীতির বৈশিষ্ট্য ও মুলমন্ত্র। এটা বালকদের কাছে খুবই অপছন্দনীয়। এটা তাকে খারাপ কাজ করতে প্ররোচনা যোগায়।

–হেড কোয়ার্টারস গেজেট

যেখানে পুলিশ ও কারাগারের মাধ্যমে মন্দ নাগরিকদের শাস্তি প্রদানের ব্যয় শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানের মাধ্যমে উত্তম নাগরিক তৈরির ব্যয়কে ছাড়িয়ে যায়, সেখানে সমাজের আয়ব্যয়ের সন্তোষজনক হিসাব নিরীক্ষা করা চলে না।

–জানুয়ারি, ১৯২১

বিদ্যালয় ত্যাগের সময় পরীক্ষায় বালক কী জানল তার মধ্যে নয়, বরং দশ বছর পর সে কী করছে তার মধ্যে শিক্ষার সফলতার মাপকাঠি নিহিত।

–হেড কোয়ার্টারস গেজেট

স্বশিক্ষা–যা বালক নিজে থেকে অর্জন করে এবং যা সে অবলম্বন করে জীবন পরিচালিত করে–তা শিক্ষকের দেওয়া শিক্ষার মাধ্যমে ওপর থেকে চাপানো জ্ঞানের চেয়ে অনেক বেশি গরুত্বপূর্ণ।

–স্কাউটিং ফর বয়েজ

গতানুগতিক পদ্ধতিতে বাইরে থেকে আরোপ করা শিক্ষার পরিবর্তে শিক্ষার্থীর নিজের আগ্রহে লব্দ জ্ঞানের মধ্যেই সুষ্ঠু শিক্ষার গোপন চাবিকাঠি নিহিত।

–হে কোয়ার্টারস গেজেট

আমাদের তরুণদের উত্তম নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় দিকগুলো হল :

১. চরিত্র

২. বিদ্যা।

গুরুত্ব বিবেচনা করে এগুলো উল্লেখ করা হয়েছে।

দ্বিতীয়টি বিদ্যালয়ে শিক্ষা দেওয়া হয়। প্রথমটি শিক্ষার্থীদের বিদ্যালয়ের সময়ের বাইরে পরিবেশ থেকে গড়ে তোলার ব্যবস্থা আছে। স্কাউট আন্দোলন প্রথমটির ব্যাপারে উদ্যোগ নেয়।

প্রশিক্ষণের দুটি প্রধান পদ্ধতি হল :

১. শিক্ষার মাধ্যমে : ব্যক্তিগতভাবে বালকদের তৈরি করা এবং নিজের শিক্ষা লাভের জন্য উচ্চাকাঙ্ক্ষা ও আগ্রহের সৃষ্টি করা।

২. নির্দেশনার মাধ্যমে : বালকের ওপর চাপ দিয়ে এবং ঢাক বাজিয়ে জ্ঞান দান করা।

এগুলোর মধ্যে এখনও দ্বিতীয়টিই প্রাধান্য লাভ করে। আমরা স্কাউট আন্দোলনে প্রথমটির প্রয়োগ করি।

–হেড কোয়ার্টারস গেজেট

লোকের কাছে প্রশিক্ষণকে আগ্রহশীল করে তোলায় আমি বিশ্বাসী–যাতে তারা নিজেদের আগ্রহ থেকে নিজেরাই শিখতে উৎসাহ বোধ করে। এভাবে শিক্ষার কাজটি তাদের কাছে চাপিয়ে দেওয়া নির্দেশনার শুকনো বিষয়ে বদলে এক ধরনের স্বশিক্ষা বলে বিবেচিত হয়।

–কুইক ট্রেনিং ফর ওয়ার

প্রত্যক্ষ নৈতিক শিক্ষা কুচকাওয়াজের মত সুখকর আবরণ তৈরি করে। কিন্তু এর নিচে যদি সুদৃঢ় চরিত্র না থোকে তবে তা কোন কাজে আসবে না।

–উলফ কাবস হ্যান্ডবুক

ক্যাডেট ও স্কাউট আন্দোলন উভয়ই বালকদের কল্যাণের জন্য। উভয়ের প্রশিক্ষণ পদ্ধতির মধ্যে প্রধান পার্থক্য হল আদর্শগত–একটি কাজ করে ছাপ দেওয়ার মাধ্যমে, অপরটির মত প্রকাশের মাধ্যমে। ক্যাডেটদের প্রশিক্ষণ বাইরে থেকে বালকদের ওপর সমষ্টিগত নির্দেশনা। অপরদিকে স্কাউট আন্দোলন ভিতর থেকে ব্যক্তির আত্ম-উন্নয়নে উৎসাহিত করে। সামরিক কুচকাওয়াজ তাকে যন্ত্রের অংশের মত অনুমোদিত মানে গঠন করে। অপরদিকে স্কাউটিংয়ের লক্ষ্য প্রথম পদক্ষেপ হিসেবে তার ব্যক্তিগত চরিত্র ও উদ্যোগের উন্নয়ন সাধন।

–দি টাইমস, ১৯১৪

গার্ল গাইডের হৃদয় জ্ঞানে আলোকিত–অর্থাৎ ভিতর থেকে আত্মবিকশিত। বাইরে থেকে কেতাবি নির্দেশনা ও নিয়ম প্রয়োগ করে কৃত্রিমভাবে তার উন্নয়ন হতে পারে না।

–গার্ল গাইডিং

স্কাউট মাস্টার পুলিশি পদ্ধতির দমননীতি দ্বারা সুশৃঙ্খল করার পরিবর্তে বালকদের আত্মবিকাশে উৎসাহ দিয়ে শিক্ষা দেন।

–দি স্কাউটার

বিদ্যালয়ের শিক্ষার ওপর সব সময় নির্ভর করা তোমার উচিত নয়। শিক্ষক তোমাকে সব কিছু শিখাতে পারেন না। কিন্তু তিনি যখন তোমাকে প্রয়োজনীয় জ্ঞান অর্জনের পথ দেখান তখন তোমার কাজ হবে সে পথে এগিয়ে যাওয়া এবং নিজে নিজে শিক্ষা লাভ করা।

যারা নিজেই শিখে তারা জীবনে উন্নতি করে। তাই নিজেই শিক্ষা লাভ কর, অপরের দেওয়া শিক্ষার অপেক্ষায় থেকো না।

–পেডল ইউর ওন ক্যানো

সকলের (আন্তর্জাতিক শান্তির লক্ষ্যে) প্রথম পদক্ষেপ হল প্রত্যেক জাতির উঠতি বংশধরদের সকল বিষয়ে সম্পূর্ণ ন্যায়বিচারবোধ শিক্ষা দেওয়া। মানুষ যখন জীবনের সকল আচরণে কোন বিষয়ের একদিক না দেখে ভালমন্দ উভয় দিক নিরপেক্ষভাবে বিবেচনার দৃষ্টিভঙ্গি অর্জন করে তখন দুটি জাতির বিরোধে তারা স্বাভাবিকভাবে ন্যায়বিচারকেই স্বীকৃতি দেবে এবং শান্তিপূর্ণ সমাধানে উপনীত হবে। যুদ্ধ করে সমাধান লাভের মানসিকতায় তা সম্ভব নয়।

–হেড কোয়ার্টারস গেজেট

জনগণের মনে ও ইচ্ছায় শান্তির চেতনা না থাকলে বাণিজ্যিক স্বার্থ, সামরিক জোট, সার্বিক নিরস্ত্রীকরণ অথবা পারস্পরিক চুক্তি দ্বারা সম্পূর্ণভাবে শান্তি অর্জিত হতে পারে না। এটা শিক্ষার ব্যাপার।

–হেড কোয়ার্টারস গেজেট

সেনাবাহিনী বিলোপ করলেই যে আর যুদ্ধ হবে না এমন নয়। পুলিশ বিলোপ করলেই অপরাধ দূর হয়ে যাবে না। আমাদের যুদ্ধের কারণ দূর করতে হবে। সেনাবাহিনী হল ভয় ও যুদ্ধচেতনার ফল। শান্তির এ প্রচেষ্টা শিক্ষার বিষয়বস্তু।

–জানুয়ারি, ১৯৩৩

শান্তি কোন রূপে আসবে তা কেউ জানে না। এ ব্যাপারে যুক্তরাষ্ট্রীয় সমিতি, অর্থনীতি, জাতিপুঞ্জের পুনর্জাগরণ, ইউরোপীয় যুক্তরাষ্ট্র বা এ ধরনের অনেক কিছুর সুপারিশ করা হয়। কিন্তু সার্বিক ও স্থায়ী শান্তির জন্য যে জিনিসটির প্রয়োজন তা হল জনগণের চেতনার সামগ্রিক পরিবর্তন। এ পরিবর্তন সমঝোতা বৃদ্ধির জন্য, জাতীয় সংস্কার বশীভূত করার জন্য এবং অপরের বন্ধুসুলভ সহানুভূতির দৃষ্টি পড়ার যোগ্যতার জন্য।

–দি স্কাউটার

গাইডার অবশ্যই তাঁর অধীন প্রত্যেকের সঙ্গে সহানুভূতিপূর্ণ আচরণ করবেন। কারণ তাদের প্রত্যেকের মন ভিন্ন এবং যোগ্যতাও ভিন্ন।

–গার্ল গাইডিং

ব্যক্তিগত শিক্ষার অর্থ হল শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে ঘনিষ্ট আস্থা। এ আস্থা বড় ভাই ও ছোট ভাইয়ের সম্পর্কভিত্তিক। শিক্ষার্থীর মেজাজ, বয়স ও চরিত্র সম্পর্কে ব্যক্তিগত জ্ঞানের মাধ্যমে প্রত্যেকের সঙ্গে পৃথক পৃথক আচরণ দেখাতে হবে।

–দি টাইমস, ১৯১৮

ব্যক্তিগত প্রশিক্ষণ সম্পর্কে উদ্বিগ্ন কেন? কারণ এটাই একমাত্র উপায় যার মাধ্যমে শিক্ষা দিতে পারেন। আপনার উচ্চ কণ্ঠস্বর ও শৃঙ্খলার কার্যকর পদ্ধতি জানা থাকলে আপনি এক সঙ্গে এক হাজার বালকের একটি দলকে নির্দেশনা দিতে পারেন। কিন্তু তা শিক্ষা নয়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

একত্রে কোন বিরাট স্কাউট দলকে স্কাউট আইন শিক্ষা দেওয়া অথবা আদেশ হিসেবে প্রদান করায় সামান্যতম উপকারিতা নেই। প্রত্যেকটি মনের দরকার সেসবের বিশেষ ব্যাখ্যা এবং সেসব বাস্তবায়নের আকাঙ্ক্ষা। এখানেই স্কাউট মাস্টারের ব্যক্তিত্ব ও যোগ্যতার কথা আসে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ



## শিক্ষার অগ্রগতি

অনেক তরুণ তাদের বাইশ বছর বয়সেই মনে করে যে, তাদের যা জানার তা তারা আসলে জেনে ফেলেছে। তারা চায় তারা যে জানে তা যেন অন্যেরাও জানে।

যখন তারা বত্রিশ বছর বয়সে পড়ে তখন তারা দেখে যে তাদের আরও দুএকটা বিষয় শেখার আছে। বিয়াল্লিশ বছর বয়সে তারা কঠোর পরিশ্রমে শিখে থাকে। (আমি তিয়াত্তর বছর বয়সে তেমনি করছি।)

–রোভারিং টু সাকসেস

## শিবিরবাস

শিবিরবাস স্কাউটিংয়ে এমন একটি গুরুত্বপূর্ণ বিষয়–যা বালকদের আকৃষ্ট করে এবং স্বাস্থ্য রক্ষার সুযোগ ছাড়াও তাদের আত্মনির্ভরশীলতা ও জ্ঞানার্জনে সহায়তা করে।

শিবিরে সব বালকের জন্যই জায়গা আছে। কিন্তু যে বালক অবশ্যকরণীয় কতগুলো ছোটখাট অপ্রিয় কাজে অংশগ্রহণ করতে চায় না তার জন্য এতে কোন জায়গা নেই। সেখানে ফাঁকিবাজ বা অনিচ্ছুক বালকের কোন স্থান নেই।

কচিকদম শিবিরবাসকে কষ্টকর বলে থাকে। কিন্তু শিবিরবাস উপভোগ করতে জানে এমন বয় স্কাউটের কাছে তা মোটেই কষ্টকর নয়।

–স্কাউটিং ফর বয়েজ

শিবিরবাসের উদ্দেশ্য হল (ক) স্কাউটিংয়ের মুক্তাঙ্গনে জীবন উপভোগের জন্য বালকদের ইচ্ছা পূরণ করা এবং (খ) ব্যক্তিগত চরিত্র গঠনের প্রশিক্ষণ এবং শারীরিক ও নৈতিক উন্নয়ন সাধনের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের জন্য তাদের স্কাউট মাস্টারের হাতে অর্পণ করা।

–হেড কোয়ার্টারস গেজেট

প্রত্যেক স্কাউটই জানে যে, যখন শিবিরবাস শেষ হয় তখন দুটি জিনিস পেছনে রেখে যাওয়া উচিত ঃ

১. কিছুই না,

২. ভাল সময় কাটানোর জন্য স্রষ্টাকে এবং শিবিরবাসের জমি ব্যবহারের সুযোগ দেওয়ার জন্য মালিককে তোমার ধন্যবাদ।

–পেডল ইউর ওন ক্যানো

যদি কোন শিবিরকে কেবল বাজে সময় কাটানো এবং ঢিলেমির উপায় হিসেবে ব্যবহার করা হয় তাহলে তাকে কোন শিবিরবাস বলা চলে না।

–হেড কোয়ার্টারস গেজেট

শিবিরবাসে থাকলেই কেবল প্রকৃতিকে যথাযথভাবে জানা যায়। কারণ এখানে দিনরাত সারাক্ষণ প্রকৃতির মুখোমুখি থাকা হয়।

–গার্ল গাইডিং

যে শিবিরে সবাই হাসিখুশি ও কর্মব্যস্ত থাকে, যেখানে সব পরিস্থিতিতে উপদল ঠিকঠাক থাকে এবং যেখানে প্রত্যেক উপদল নেতা ও স্কাউট শিবিরাসে ও গেজেট তৈরিতে সত্যিকারের গৌরববোধ করে, আমার মতে সেটাই আদর্শ শিবির।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

মনে রাখা দরকার যে, শিবিরবাসে বা পরিভ্রমণে বয় স্কাউটদের কাছ থেকে অনেক কিছু আশা করা যায়। স্কাউট আন্দোলনের সুনাম অক্ষুণ্ন রাখা একান্ত দরকার।

–এডভেঞ্চারিং টু ম্যানহুড

বয় স্কাউটদের মত কাব স্কাউটদের শিবিরবাস অত্যাবশ্যক নয় এবং সবরকম প্রয়োজনীয় সুযোগসুবিধা ও অভিজ্ঞতা না থাকলে শিবিরবাসে যোগদানের চেষ্টা না করাই উত্তম। কাবদের কাছে ভাল শিবিরবাসের স্থায়ী মূল্য থাকতে পারে। কিন্তু খারাপ শিবিরবাস তোমার ওপর, তোমার কাবদের ওপর, এমনকি সমগ্র আন্দোলনের ওপর সুদূর প্রসারী প্রভাব সৃষ্টি করতে পারে। শিবিরবাসকে ঝুঁকিপূর্ণ করে তোলে না, এমন কম আকর্ষণীয় ও ধীর পদ্ধতিতে বালকদের প্রশিক্ষণ দেওয়াই উত্তম।

–উলফ কাবস হ্যান্ডবুক

কাবদের জানার জন্য কাব শিবির সবচেয়ে ভাল সুযোগ। সেখানে কয়েক দিনের মধ্যে তাদের সম্পর্কে অনেক কিছু জানা যায়–যা সাধারণ দল-সভায় অনেক মাসেও হয় না। এতে চরিত্র, পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য সম্পর্কে এমন প্রভাব বিস্তার করা যায় যা স্থায়ী অভ্যাসে পরিণত হয়।

–উলফ কাবস হ্যান্ডবুক

## শুনে নেওয়া

যখন কোন স্কাউট মাস্টার তাঁর বালকদের আগ্রহ ও চরিত্র সম্পর্কে অজ্ঞ থাকেন, তখন তিনি তাদের কথা শুনে শুনে অকেটা বুঝতে পারেন।

সাধারণত বলা হয়, আপনার স্কাউটেরা যখন আপনার ধারণা মত কাজ করতে পারছে না মনে করেন, তখন আপনি তাদের ওপর নিজের ধারণা চাপিয়ে দিবেন না। তাদের কাছ থেকে শুনে বা তাদের প্রশ্ন করে জেনে নিন কোন কাজ তাদের কাছে সবচেয়ে আকর্ষণীয় এবং দেখুন বালকদের কল্যাণে যেটুকু লাগতে পারে তা বাস্তবায়নে আপনি কী করতে পারেন।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## শৃঙ্খলা

কোন জাহাজ কখনও স্বর্গ হতে পারে, কখনও নরকও হতে পারে। এটা সম্পূর্ণ তার আরোহীদের ওপর নির্ভর করে। যদি তারা বদমেজাজি হয়ে কাজে অনিচ্ছা ও নোংরা মনোভাব দেখায় তবে তারা হবে জাহাজের অসুখী সহযাত্রী। তারা যদি স্কাউটের মত হয়ে আনন্দের সঙ্গে সবকিছু সুন্দরভাবে করতে চায়, পরস্পর আদান প্রদান করে এবং তাদের জায়গা যদি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে পারে তাহলে তারা একটি চমৎকার পরিবার হিসেবে বিবেচিত হবে এবং তারা সমুদ্রযাত্রা ঠিকমত উপভোগ করতে পারবে।

–স্কাউটিং ফর বয়েজ

যখন কোন স্কাউট বা গাইডকে কোন নির্দেশ দেওয়া হয় তখন ধীরে বা অনিচ্ছাকৃতভাবে না করে আনন্দ ও তৎপরতার সঙ্গে তা পালন করা উচিত।

–স্কাউটিং ফর বয়েজ

শৃঙ্খলা সবখানেই দরকার। কিন্তু তা শিখতে হবে ছোটবেলায় ছোটখাট কাজের মাধ্যমে। এর ফলে বড় হয়ে কঠিন কাজ করার সময় এলে অথবা বিপদের মোকাবিলা করতে হলে তখন তা আর কঠিন মনে হবে না। সে সময়ে তা করতে হলে প্রথমত নিজেকে পরিচালিত করার যোগ্যতা অর্জন করতে হবে।

–ইয়ং নাইটস অব দি এম্পায়ার

শৃঙ্খলা দু ধরনের : একটি হল কাজের মাধ্যমে আনুগত্য প্রকাশ করা এবং অপরটি হল শাস্তির ভয়ে নির্দেশ পালন করা।

–হেড কোয়ার্টারস গেজেট

অপরের আনুগত্য পেতে হলে জানতে হবে কী করে নিজেকে অনুগত হতে হয়। কেবল নিজে আত্মশৃঙ্খলার অভ্যাস করার মাধ্যমেই অপরের মধ্যে তা গড়ে তোলা যায়।

–গার্ল গাইডিং

উন্নতি করতে হলে জাতিকে অবশ্যই সুশৃঙ্খল হতে হবে। প্রতিটি ব্যক্তিকে সুশৃঙ্খল করলেই জনগণ সুশৃঙ্খল হবে। শৃঙ্খলা বলতে কর্তৃপক্ষের প্রতি আনুগত্য এবং কর্তব্যের অন্যান্য নির্দেশ পালন বোঝায়। দমননীতির মাধ্যমে তা অর্জন করা যায় না। উৎসাহ দিয়ে এবং বালকদের মাঝে আত্ম-শৃঙ্খলা শিক্ষার মাধ্যমে ও স্বার্থত্যাগ করে পরোপকারে আনন্দ লাভের সাহায্যে তা অর্জন করা চলে। এ শিক্ষা বিশেষ ফলপ্রসূ হয় দৃষ্টান্তের মাধ্যমে বালকদের ওপর দায়িত্ব অর্পণ করে এবং তাদের কাছ থেকে বিশ্বাস প্রত্যাশা করে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউট নেতার শৃঙ্খলা ও আনুগত্যের প্রতি জোর দেওয়া উচিত। বালকদের হৈহল্লা করার অনুমতি দিন। মাঝে মাঝে এমন করা ভাল।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আমাদের আইন আইনই, কোন বিধি নয়। এগুলো ফুটবল বা ক্রিকেট খেলার আইনের মত সুষ্ঠু ও নিরপেক্ষ খেলা পরিচালনার জন্য দরকার। কোন কাজ সুষ্ঠু গতিতে এগিয়ে নেওয়ার জন্যই এসব আইনের সৃষ্টি–এটা কাজ আটকে রাখার জন্য লাল ফিতের দৌরাত্ম নয়।

বস্তুত স্কাউট আন্দোলনের সকল শৃঙ্খলা আসে স্বাধীনতা থেকে–যেখানে প্রত্যেকের দলগত স্বার্থ বজায় রাখার ইচ্ছা নিহিত থাকে।

–রোভারিং টু সাকসেস

## সময়ানুবর্তিতা

সময়ানুবর্তিতা (কোন দলের সভায়) বালকদের পক্ষে কোন উত্তম কিছু হারানোর ভয়ের ব্যাপারে আগ্রহের চেয়ে তাদের আনুগত্যের কোন পরীক্ষা নয়। সময়ানুবর্তিতা আপনার জন্যও বেশি দরকার।

–উলফ কাবস হ্যান্ডবুক

## সফলতা

কোন কিছুতে লেগে থাকুন এবং নিজেকে অপরিহার্য করে তুলুন।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

সফলতা ব্যক্তির নিজের ওপর নির্ভর করে, ভাগ্যের দয়ায় নয়, এমন কি ক্ষমতাবান বন্ধুদের আগ্রহের ওপরও নির্ভর করে না।

–লেসনস ফ্রম দি ভার্সিটি অব লাইফ



## সম্ভাবনা

একজন প্রবীণ স্কাউট সম্পদে পরিপূর্ণ। তিনি যে কোন বিপদ বা অসুবিধা থেকে উদ্ধারের পথ বের করতে পারেন।

–স্কাউটিং ফর বয়েজ

যা তোমার দরকার তার সবটুকু তোমার হাতে না থাকলেও আশা ছেড়ে দিও না। তোমার যা আছে তাই নিয়ে কাজ কর। তোমার বুদ্ধি কাজে লাগাও। তাতে সবকিছুই করা যাবে।

–এডভেঞ্চারিং টু ম্যানহুড

## সম্মানবোধ

স্কাউট তার সম্মানকে অন্য সবকিছু থেকে বেশি মূল্য দেয়।

–স্কাউটিং ফর বয়েজ

যখন কোন গাইড বলে 'এটা এ রকম'–তখন প্রত্যেকেই জানে যে তা এমন সত্য যেন পবিত্র শপথ নিয়ে বলেছে। যখন কোন গাইডকে তার আত্মসম্মানের ওপর বিশ্বাস করে কোন আদেশ পালন করতে বা কোন বিশেষ কাজ করতে দায়িত্ব দেওয়া হয়, তখন সে কাজ যত কঠিনই হোক না কেন সে তার সাধ্যানুযায়ী তা করতে বাধ্য থাকে।

যখন কোন গাইড মিথ্যা কথা বলে, তখন সে তার সম্মান বিনষ্ট করে এবং তা সহ-গাইডদের সম্মানও নষ্ট করে।

–গার্ল গাইডিং

প্রথম আইন 'স্কাউটের আত্মর্যাদা বিশ্বাসযোগ্য' এমন একটি কথা যার ওপর স্কাউটের ভবিষ্যৎ আচরণ ও শৃঙ্খলা নির্ভরশীল। স্কাউট সরল হবে এমন আশা করা হয়।

বিশ্বাস আমাদের সকল নৈতিক শিক্ষার ভিত্তি হওয়া উচিত।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## সরলতা

তুমি যা লিখিত দিতে পার না, তা কখনও মুখে বলো না।

–হোয়াট স্কাউটস ক্যান ডু

## সহনশীলতা

একটি স্কাউট প্রবচন হল : 'মরার আগে কখনও মরার কথা বলো না।' এভাবে যদি কাজ কর তবে অনেক খারাপ অবস্থা থেকে রেহাই পাবে। এটাই সাহস, ধৈর্য ও শক্তির সংমিশ্রণ-যাকে বলতে পারি সহনশীলতা।

–স্কাউটিং ফর বয়েজ

যখন কোন বিষয় কঠিন মনে হয় তখন হাস এবং নিজে নিজেই পাখির মত গেয়ে চল : 'লেগে থাক, লেগে থাক, লেগে থাক।' দেখবে শেষে সব ঠিক হয়ে গেছে।

সফলতার সবচেয়ে বড় পদক্ষেপ হল নিরাশাকে মোকাবিলা করা।

–স্কাউটিং ফর বয়েজ

প্রকৃত স্কাউট সব সময় বড়দের মত ধৈর্যশীল থাকে। সফল না হলেও সে নিরাশ হয় না। ছোট হোক বড় হোক সকল কাজে সে ধৈর্য ধরে এবং শেষে সফল না হওয়া পর্যন্ত শান্তভাবে দৃঢ়তা সহকারে সে কাজ করে।

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

'সব গাছই একদা বীজ ছিল।'

জীবনের সফলতার ব্যাপারে শুরুতেই যদি তুমি নিরাশা অনুভব কর, তখন স্মরণ করো সুবিশাল গাছ একদিন একটি ছোট বীজ হিসেবে মাটিতে পড়ে ছিল।

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

মরার আগে মরার কথা বলো না–যে কোন বাধা বা বিপদের বিরুদ্ধে সংগ্রাম করে চল, দেখবে শেষে তুমি সফলতা অর্জন করতে পেরেছ।

–ইয়ং নাইটস অব দি এম্পায়ার

দৃঢ় ইচ্ছাশক্তি সম্পন্ন লোকের কাছে বাধা বলে কিছু নেই। যদি ইচ্ছা কর যে সেখানে যাবে, তবে তুমি সেখানে যাবেই–কোন কিছুই তোমার পথে বাধা হতে পারবে না।

–লাইফস স্ন্যাগস

বুদাপেস্টের সমাবেশ ময়দানে আমার উপস্থিতির সঙ্গে সঙ্গে প্রচুর বর্ষণ শুরু হলে আমি বৃষ্টি নিয়ে এসেছি বলে সবাই উল্লাস করে উঠল।

আমি বালকদের কাছে ব্যাখ্যা করে বললাম যে, আমি উদ্দেশ্যমূলকভাবে বৃষ্টি নিয়ে এসেছি যাতে তাদের গুণাবলি ভালভাবে পরীক্ষা করা যায়। কারণ আমি তাদের শুধু ভাল আবহাওয়ার স্কাউট হিসেবে দেখতে চাই না।

–জাম্বুরি, ১৯২৮

সহনশীলতা সম্পর্কে একটি কথা। আমরা সবাই পরস্পর আলাদা। তাতে অবশ্যই ভাব না যে, অন্য লোককে আমাদের চেয়ে নিকৃষ্ট মনে করে তাদের অবজ্ঞা করব। যেমন একটি উদাহরণ, তুমি হয়ত ভাল খেলোয়াড় এবং স্মিথ হয়ত এ ব্যাপারে খুবই অপারগ, কিন্তু সে পড়ায় খুব ভাল। তাকে অবজ্ঞা করো না, বরং 'নিজে বাঁচ এবং অপরকে বাঁচতে দাও।'

–রোভারিং টু সাকসেস

## সহযোগিতা

ফুটবল খেলার সময় যদি কেউ নিজের আয়ত্তে বল পায় তবে বেশিক্ষণ নিজের কাছে তা ধরে রাখা ঠিক নয়। তখন মনে হতে পারে যে বেশিক্ষণ বল ধরে রাখাই বাহাদুরি। এমন স্বার্থপর খেলা না খেলে সবচেয়ে ভাল তাড়াতাড়ি তা পাঠিয়ে দেওয়া।

যে কোন কাজের বেলাও এ কথা প্রযোজ্য। নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করে সহযোগিতার মাধ্যমে সবটুকু কাজ অপরের সঙ্গে ভাগাভাগি করে শেষ করতে হবে।

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

কোন বিশাল আন্দোলনে বড় লক্ষ্য অর্জনের জন্য ক্ষুদ্র ব্যক্তিগত প্রচেষ্টার কোন স্থান নেই। সমগ্র কাজটি ভালভাবে করার জন্য ছোটখাট ধারণা ভুলে গিয়ে সকলের সঙ্গে হাত মিলাতে হবে।

আমরা যদি সফলতা লাভ করতে চাই তবে সহযোগিতাই একমাত্র পথ।

–হেড কোয়ার্টারস গেজেট

দক্ষিণ সাগরে অসংখ্য ছোট কীট এক সঙ্গে কাজ করে ক্রমে প্রবাল পাহাড়ের সৃষ্টি করে এবং তা পরে একটি বিশাল দ্বীপে পরিণত হয়।

এ থেকে ধারণা করা যায় যে, বহু সংখ্যক লোক একত্রিত হয়ে একটা বিরাট কাজ সম্পন্ন করতে পারে। এভাবে স্কাউটেরা পরস্পরের প্রতি বন্ধুত্ব ও শুভেচ্ছার অনুশীলন করলে এক সময় দেখা যাবে যে সারা বিশ্বের সকল জাতি পরস্পর বন্ধু হয়ে গেছে।

–মোর স্কেচেস অব কেনিয়া



## সহশিক্ষা

বয় স্কাউট আন্দোলনের সংগঠন ও প্রশিক্ষণের একই পদ্ধতি গার্ল গাইড আন্দোলনে মেয়েদের জন্য প্রয়োগ করা হয়। পরিবার ও জনসেবার উভয় ক্ষেত্রে এক শাখা অপর শাখাকে সাহায্য করে। শিক্ষার্থীদের একই স্বার্থে কাজ করলে তাতে তাদের পারস্পরিক সহযোগিতা উন্নততর সহশিক্ষার নিদর্শন ফুটিয়ে তোলে।

–স্কাউটিং এন্ড ইয়ুথ মুভমেন্ট

## সৎকাজ

'ভাল করা' বলতে আমি বুঝি নিজেকে উপকারী করে তৈরি করা এবং বন্ধু বা অপরিচিত সবার ছোটখাট উপকার করা। এটা কোন কঠিন কাজ নয়। এমন করার সবেচেয়ে ভাল উপায় হল প্রতিদিন কারও জন্য কমপক্ষে একটি সৎকাজ করা। এতে অচিরেই তোমার সব সময় সৎকাজ করার অভ্যাস হয়ে যাবে। সৎকাজ যত ছোটই হোক না কেন তাতে কিছু আসে যায় না। এটা কোন মহিলাকে রাস্তা পার হতে সাহায্য করা অথবা যাকে খুব বকা হয়েছে তার কাছে গিয়ে একটা ভাল কথা বলা হতে পারে। আসল কাজ হল একটা কিছু করা।

–একটি চিঠি, ১৯০১

স্কাউট প্রতিজ্ঞা অনুসারে তোমার আত্মমর্যাদার জন্য প্রতিদিন কারও না কারও উপকার করতে হবে। কিন্তু মনে করো না যে, স্কাউটদের একদিনে কেবল একটি কাজ করাই দরকার। তাদের অবশ্যই একটি কাজ করতে হবে। কিন্তু যদি তারা পঞ্চাশটি কাজ করতে পারে তবে তেমন বেশি করাই উত্তম।

—স্কাউটিং ফর বয়েজ

তুমি কেবল তোমার বন্ধু বা অপরিচিতের উপকারই করবে না—তোমার শত্রুর উপকারও করবে।

—স্কাউটিং ফর বয়েজ

ভাল কাজ করার জন্য বালকের একটি স্বাভাবিক প্রবণতা আছে-যদি তা রূপায়ণের উপায় থাকে। তাই ভাল কাজ করা এই প্রবণতা বাড়ায় এবং এভাবে বেড়ে তা প্রতিবেশীদের প্রতি খ্রিস্টান সম্প্রসায়ের দয়া দাক্ষিণ্যের চেতনার সৃষ্টির করে।

—এইডস টু স্কাউট মাস্টারশিপ

আমি শুনেছিলাম যে, একজন কাব স্কাউটকে সেদিন সে কি সৎকাজ করেছে জিজ্ঞেস করা হলে সে জানাল, সে খুব ছোট থাকার জন্য কিছুই করতে সমর্থ হয় নি। সে বাজে কথা বলেছে। কারণ কেউ ছোটখাট কাজ করার জন্য খুব ছোট নয়। কেউ যদি অপরের প্রতি তাকিয়ে একটুখানি হেসে তাকে খুশি করতে পারে তাহলেই যথেষ্ট।

—আফ্রিকান এডভেঞ্চার

## সাঁতার

যে স্কাউট সাঁতার জানে না এবং পানিতে কীভাবে জীবন রক্ষা করতে হয় জানে না, সে নিজেকে পরিপূর্ণ স্কাউট মনে করতে পারে না।

—এইডস টু স্কাউট মাস্টারশিপ

প্রত্যেক মানুষকে সাঁতার জানতে হবে। মানসিকভাবে তা বালককে দেয় আত্মবিশ্বাস ও সাহসের নতুন অনুভূতি। নৈতিকভাবে তা অপরকে বিপদে সাহায্য করতে এবং অপরের জন্য যে কোন সময়ে নিজের জীবনের ঝুঁকি নেওয়ার দায়িত্ব অর্পণ করে। আর দৈহিক দিক থেকে তা শ্বাস-প্রশ্বাস ও অঙ্গপ্রত্যঙ্গের উন্নয়নের জন্য এক চমৎকার ব্যায়াম।

—হেড কোয়ার্টারস গেজেট

## সাধারণ বুদ্ধি

চরিত্রে যা কিছু থাকে তার মধ্যে সাধারণ বুদ্ধি সবেচেয়ে প্রয়োজনীয় ও মূল্যবান জিনিস।

—পেডল ইউর ওন ক্যানো

## সামরিক প্রশিক্ষণ

কুচকাওয়াজের প্রবণতায় আসে ব্যক্তিত্বের বিনাশ। আমাদের অন্যতম প্রধান উদ্দেশ্য হল ব্যক্তিগত চরিত্রের উন্নতিসাধন। আমাদের লক্ষ্য স্কাউটদের শান্ত মানুষ তৈরি করা—নকল সৈনিক তৈরি করা নয়।

—স্কাউটিং ফর বয়েজ

আমাদের আন্দোলনের কোন সামরিক লক্ষ্য বা রীতি নেই।

—স্কাউটিং ফর বয়েজ


বাইরে থেকে চাপানো শৃঙ্খলা প্রতিক্রিয়ার দিকে নিয়ে যায়, কিন্তু ভিতর থেকে সৃষ্ট শৃঙ্খলায় তা নেই।

আধুনিক নাগরিক জীবনের সর্বোত্তম প্রস্তুতি হিসেবে সামরিক প্রশিক্ষণকে বিশ্বাস করো না।

—হেড কোয়ার্টারস গেজেট

আমরা স্কাউট আন্দোলনে যা করতে চাই তার প্রেক্ষিতে সামরিক প্রশিক্ষণ ও শৃঙ্খলা একেবারে বিপরীত জিনিস।

—জাম্বুরি, ১৯২৫



## সাহস

(সামরিক) স্কাউটিংয়ে খুব বেশি সাহসের প্রয়োজন।

–এইডস টু স্কাউটিং

সামনে বিপদ দেখা দিলে থেমে তার প্রতি মনোযোগ দেওয়া ঠিক নয়। তাকে আমল না দিয়ে সাহসের সঙ্গে মোকাবিলা করতে হবে। তখন বিপদ আর তত ভয়াবহ মনে হবে না।

–স্কাউটিং ফর বয়েজ

কোন কোন লোক সাহসী হয়েই জন্মগ্রহণ করে। কারও কারও মধ্যে সাহস সঞ্চার করতে হয়। কিন্তু বেশির ভাগ লোককে সাহসী হওয়ার অনুশীলন করতে হয়।

–কুইক ট্রেনিং ফর ওয়ার

যার মধ্যে সাহসিকতা নেই সে মোটেই পুরুষ নয়।

–রোভারিং টু সাকসেস

## সুখ

সুখই হল সত্যিকারের সফলতা।

–রোভারিং টু সাকসেস

সুখের চাবি দুটি :

– কোন বিষয়কেই খুব গুরুতর বলে গ্রহণ করো না, কিন্তু যা পাও তার সর্বোত্তম রূপ দাও। জীবনকে খেলা এবং জগতকে খেলার মাঠ মনে করবে।

– তোমার সকল কাজ ও চিন্তা-ভাবনাকে ভালবাসা দ্বারা পরিচারিত হতে দাও।

–রোভারিং টু সাকসেস

সত্যিকারের সুখ হল রেডিয়ামের মত। এটা এক ধরনের ভালবাসা–যা বের হওয়ার পরিমাণের অনুপাতে বিচ্ছুরিত হয়ে বেড়েই চলে।

–রোভারিং টু সাকসেস

তোমার [শিবিরে] যাওয়ার আগে এবং সে সময়টা বাইরে থাকে তার আগে তুমি নিজে নিজেই বলবে, 'আমি এই শিবিরকে সবচেয়ে বেশি উপভোগ করতে যাচ্ছি-যা কোন কাব স্কাউট কখনই করতে পারে নি।'

–উলফ কাবস হ্যান্ডবুক

বসে থাকলে বা অপেক্ষায় থাকলে কখনই সুখ আসে না।

–লাইফস স্ন্যাগস

মনে রেখো, তুমি সম্পদে বা স্বাস্থ্যে যতই খারাপ হও না কেন তাতে কিছু যায় আসে না। তুমি অপরের জীবনে হাসির আলো ছড়িয়ে দিতে পার। এ রকম করে তুমি তোমার নিজের জীবনে সবচেয়ে বেশি সুখ আনতে পার।

–জাম্বুরি, ১৯৩৯

আমি বিশ্বাস করি যে, বিধাতা এই আনন্দময় বিশ্বে আমাদের পাঠিয়েছেন জীবনকে উপভোগ করে সুখী হতে। সুখ লাভের আসল উপায় হল অপরকে সুখ দেওয়া।

–স্কাউটিং ফর বয়েজ

কেবল ধনী হলে বা জীবনে সাফল্য লাভ করলে কিংবা ইন্দ্রিয় সেবা দিয়ে সুখ লাভ হয় না। সুখ লাভের একটি উপায় হল বাল্যকালে নিজেকে সুস্থ ও সবল করে গড়ে তোলা–যাতে পরিণত বয়সে তুমি কর্মক্ষম হয়ে পরোপকার করতে এবং জীবনকে উপভোগ করতে পার।

–স্কাউটিং ফর বয়েজ

তুমি যা পেয়েছ তা নিয়ে সন্তুষ্ট থাক এবং তাকে সর্বোত্তম কাজে লাগাও।

–স্কাউটিং ফর বয়েজ

## সুনাম

সুনাম বিধাতার ইচ্ছা।

–রোভারিং টু সাকসেস

## সেবা

সেবা বলতে আমি বুঝি কোন প্রতিদান বা পুরস্কারের আশা না করে অন্যকে সাহায্য করার ইচ্ছার কাছে নিজেকে সমর্পণ করা।

–জাম্বুরি- ১৯২৪

স্কাউটদের অন্যতম প্রধান কর্তব্য তার পক্ষে সম্ভাব্য যে কোন উপায়ে দুর্গত লোকদের সাহায্য করা।

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

প্রতিবেশীর প্রতি কর্তব্য কেবল দান খয়রাত করার মধ্যেই সীমাবদ্ধ নয়; এর প্রয়োজন আরও বেশি–তা কার্যকরভাবে করার জন্য অনেক সময় আত্মত্যাগের প্রয়োজন।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

সেবা শিক্ষা কেবল তাত্ত্বিক শিক্ষা নয়, বরং দুটি সুস্পষ্ট স্তরে তার বিকাশ ঘটেঃ শুভেচ্ছা–চেতনা জন্মান এবং তা বাস্তবে চর্চা করার সুযোগের ব্যবস্থা।

এই শিক্ষা প্রধানত হবে উদাহরণের মাধ্যমে এবং স্কাউট মাস্টার বালকদের সেবার জন্য দেশাত্মবোধের শিক্ষা দিয়ে সঠিক পথে নেতৃত্ব দিবেন। এটা হবে কোন বৈষয়িক চিন্তা ছাড়া সম্পূর্ণভাবে কাজ করার আনন্দের জন্য।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আত্মদমন ও পরের জন্য ভালবাসা ও সেবার উন্নয়নে আছে বিধাতার ইচ্ছা, তা ব্যক্তি হৃদয়ে পরিবর্তন আনে এবং তা সত্যিকার স্বর্গের দীপ্তিতে উদ্ভাসিত করে। এটা তাকে ভিন্ন মানুষ করে তোলে। তার জন্য 'কী আমি পেতে পারি'–তা নয়, বরং 'আমি জীবনে কী দিতে পারি'–সে প্রশ্ন আসে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আমি জোর দিব রোভার স্কাউটদের জীবনের সাধারণ পরিবেশে 'সেবার' সম্ভাবনা ও প্রয়োজনীয়তার ওপর। আর দেখাব যে, সে অবশ্যই সবার আগে তার সাধারণ জীবনে আদর্শ প্রয়োগ করার চেষ্টা করবে।

–রোভারিং টু সাকসেস

বালকদের (সেবা) শিক্ষা দেওয়া শুরু হয় কাবদের পক্ষে মায়ের প্রাথমিক উপকার করার মাধ্যমে, স্কাউটদের পক্ষে প্রতিদিন পরোপকার করা ও জীবন গড়ার প্রস্তুতির মাধ্যমে এবং রোভারদের পক্ষে অপরের জন্য সেবার নিয়মিত অনুশীল পর্যন্ত।

–দি স্কাউটার

প্রত্যেক মানুষের সামনে দুটি পথ খোলা আছে। একটি নিজের স্বার্থ এবং অপরটি সেবা। কোনটি তার আসল উদ্দেশ্য হবে তা তাকে পছন্দ করতে হবে। নিজের স্বার্থ বেশি সুবিধাজনক; সেবার জন্য দরকার ত্যাগ। কোন লোক যদি ত্যাগে সমর্থ না হয়, তাহলে তার নিজেকে মানুষ বলা উচিত নয়। কিন্তু ভালবাসা প্রকাশের জন্য সে যদি ত্যাগের অনুশীলন করে তাহলে তাকে নিশ্চিত বলা যায় যে, তার কাছে জীবন হবে খুবই বাস্তব ও সুখের অধিকারী।

–লাইফস স্ন্যাগস

প্রকৃত ভালবাসার চেতনার ভাল স্বভাবই যথেষ্ট নয়। এটা একেবারেই অসার। কোন লোক নিজে স্বার্থপর হয়েও ভাল স্বভাবের হতে পারে।

আমরা আমাদের বালকদের নিষ্ক্রিয় গির্জাগামী না করে, সক্রিয় মানুষ করতে চাই।

আমাদের লক্ষ্য হওয়া উচিত অপরের সেবার মাধ্যমে ভালবাসার উন্নয়ন করা যা আত্মসেবার সমতার ওপরে উঠবে।

–প্রবন্ধ, ১৯২৮

রোভারদের মূলমন্ত্র সেবা। রোভারদের কাছে প্রত্যাশা যে তারা পরের সেবার চর্চা করবে–যার জন্য তারা কাব ও স্কাউট হিসেবে নিজেদের তৈরি করেছে।

–স্কাউটিং এন্ড ইয়ুথ মুভমেন্ট

## সেলাই

সেলাইয়ের কাজ আমাদের সবার জন্যই উত্তম। এ কাজ মনকে বিশ্রাম দেয় ও শান্ত করে। সেলাই করার সময় তুমি সারা দুনিয়ার সব ঝামেলা সম্পর্কে চিন্তা করতে পার। সেলাই সকল জটিল সমস্যার সমাধান করে।

–গার্ল গাইডিং

## সৌন্দর্য

গার্ল গাইডের লক্ষ্য হবে সব কিছুতেই সৌন্দর্যের খোঁজ করা-যাতে যেকোন বিশ্রী বিষয় শোনা ও অংশগ্রহণ পরিহার করতে নিজের মনকে শক্তভাবে তৈরি করতে পারে।

–গার্ল গাইডিং

যে সৌন্দর্যের প্রশংসা করতে পারে না তার জীবন সূর্যের আলোহীন দিনের মত নিরানন্দ।

–দি স্কাউটার



## স্কাউট আইন

স্কাউট আইন হল সকল স্কাউট প্রশিক্ষণের ভিত্তি।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউট আইন আমাদের বন্ধনের শৃঙ্খলা-শক্তি। বালকদের পরিচালনা করার সময় 'করো না' বলা হয় না, বলা হয় 'কর'।

স্কাউট আইন বালকদের কাজের নির্দেশক হিসেবে তৈরি করা হয়েছে, তার ত্রুটিকে চাপা দেওয়ার জন্য নয়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

বালকদের স্কাউট আইন ও তার আনুষঙ্গিক বিষয়াদি অনুসরণ করতে হলে স্কাউটদের সুকৌশলে তাঁর পেশায় বিস্তারিতভাবে তা রূপায়িত করতে হবে। তাঁর নির্দেশের কথা খুব কমই বালকেরা অনুসরন করবে।

–এইডস টু স্কাউট মাস্টারিশপ

একজন রোভার হিসেবে তোমাকে মনে রাখতে হবে যে, বাল্যকাল থেকে বয়স্ক হয়ে ওঠার সময়ে তুমি স্কাউট আইন মানার জন্য আর শিক্ষা গ্রহণ করবে না, বরং জীবন যাপনে নির্দেশনার জন্য তা প্রয়োগ করবে।

–রোভারিং টু সাকসেস

আমি আন্তরিকভাবে বিশ্বাস করি যে, কোন স্কাউট শুধু বাল্যকালেই নয় বরং পরবর্তী সময়ে যখন সে বয়স্ক মানুষ হয়ে ওঠে, তখন যদি সমগ্র স্কাউট আইন তার দৈনন্দিন কাজে ও খেলায় অনুসরণ করে তাহলে তার জীবন অবশ্যই সফল হবে।

–এডভেঞ্চারিং টু ম্যানহুড

## স্কাউট আন্দোলন

স্কাউট আন্দোলন হচ্ছে আনন্দময় ভ্রাতৃত্ব।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউট আন্দোলন পরিচালনায় দুটি বৈশিষ্ট্য বিদ্যমান : এক. এ আন্দোলন খুবই স্থিতিস্থাপক। যদি কোন স্কাউট নেতা আন্দোলনের লক্ষ্য পছন্দ না করেন তবে তাঁর চলে যাওয়ার স্বাধীনতা রয়েছে এবং তিনি অন্য যে কোন সংগঠনে জড়িত হতে পারেন। দুই. এ আন্দোলনে জড়িত লোকদের মধ্যে আছে ভ্রাতৃত্ববোধ, আছে আনন্দের চেতনা এবং সবাই নিজ নিজ জায়গায় থাকে কর্মরত। আমি এই চেতনাকে খুব উচ্চ প্রশংসা করি না, কারণ আমাদের আন্দোলন সফল করার জন্য এরই প্রয়োজন খুব বেশি।

–একটি ভাষাণ, ১৯১৪

নিজেদের অনুশীলনের মাধ্যমে আত্মত্যাগ ও শৃঙ্খলা শিক্ষাদানের দায়িত্ব প্রাপ্ত স্কাউট-নেতাগণকে অবশ্যই নিজেদের সংকীর্ণ ব্যক্তিগত অনুভূতির উর্ধ্বে উঠতে হবে এবং উচ্চতর নীতি নির্ধারণে ব্যক্তিগত ধ্যান ধারণা প্রয়োগের জন্য উদার মানসিকতা সম্পন্ন হতে হবে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউট আন্দোলনের আছে স্বতঃস্ফূর্ত বিকাশ, এটি কোন পরিকল্পিত সংগঠন নয়। যুব সমাজের স্বাভাবিক আগ্রহ থেকে এর উৎপত্তি এবং তাতে পাঠ্যসূচীর মত কিছু চাপিয়ে দেওয়া হয় নি।

–জাম্বুরি, ১৯২১

স্কাউটিং হচ্ছে একটি আন্দোলন তা কোন সংগঠন নয়।

আমরা কাজ করি ভালবাসা ও নিয়মের মাধ্যমে।

–হেড কোয়ার্টারস গেজেট

আমরা যদি কোন মঙ্গল করতে চাই তাহলে বালকদের কাছে এবং নিজেদের মধ্যে হতে হবে ভাইয়ের মত। এই আন্দোলনের মধ্যে শুধু আমরা উত্তম প্রকৃতির সহনশীলতাই চাই না, বরং দরকার পরস্পরকে সাহায্য করার জন্য সচেতন সহানুভূতি ও প্রস্তুতি।

–দি স্কাউটার

কোন কিছুর লক্ষ্য সম্পর্কে উপলব্ধি করতে পারলে মানুষ অধিকতর আন্তরিকতার সঙ্গে সুপারিশ বাস্তবায়িত করে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ


আমাদের লক্ষ্য লাল ফিতার দৌরাত্ম কমানোর জন্য প্রশাসন যথাসম্ভব বিকেন্দ্রীকরণ এবং যতদূর সম্ভব স্থানীয়ভাবে গণতান্ত্রিক স্বায়ত্ত শাসন প্রদান।

–দি স্কাউটার

আমাদের কোন সংগঠন নেই, আছে ভ্রাতৃত্ব– যাতে মুদ্রিত আইনকানুনের চেয়ে অলিখিত আনুগত্যের আইন পালনের চেতনা বিদ্যমান।

–দি স্কাউটার

প্রথমে আমার একটি ধারণা ছিল, পরে আমি একটি আদর্শ দেখলাম। এখন আমাদের আছে একটি আন্দোলন। এখন আপনাদের কেউ যদি পর্যবেক্ষণ করে কিছু অভিনবত্ব না আনেন তবে আমরা কেবল সংগঠনের মধ্যেই শেষ হয়ে যাব।



## স্কাউট পদ্ধতি

আমাদের প্রশিক্ষণের পদ্ধতি হল ভিতর থেকে শিক্ষা দেওয়া, বাইরে থেকে নির্দেশ দেওয়া নয়। এর খেলাধুলা ও কার্যকলাপ যদি বালকদের কাছে আকর্ষণীয় হয়, তাহলে তা নৈতিক, মানসিক ও শারীরকভাবে শিক্ষিত করে তুলবে।

–উলফ কাবস হ্যান্ডবুক

স্কাউটিং বিভিন্ন উপাদানে তৈরি একটি ঔষধ। ব্যবস্থাপত্র অনুযায়ী তা সঠিকভাবে মিশ্রিত না হলে তা যদি রোগীর ওপর বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে তাহলে চিকিৎসককে অবশ্যই দোষারোপ করা যাবে না।

–জাম্বুরি, ১৯২২

স্কাউট প্রশিক্ষণ থেকে সর্বোত্তম ফল লাভের জন্য বালককে ধারাবাহিকভাবে কাব, বয় স্কাউট, সিনিয়র স্কাউট ও রোভার স্তর অতিক্রম করতে হবে।

–স্কাউটিং ফর বয়েজ

কোন বালকের চরিত্র এগার বা বার বছর বয়সে সুগঠিত হয় না। কাব মাস্টারকে অবশ্যই বুঝতে হবে যে, কাবদলের কাজ যদি বালকদের স্কাউট দলে উন্নীত না করে তাহলে তাঁর বালকেরা অনেকাংশে ব্যর্থ হবে। কাব হিসেবে ভাল যা করেছে তা যদি ভাল মন্দ যাচাই করার জন্য বেশি বয়স পর্যন্ত নিয়ে না যেতে পারে তাহলে খুব কম সময়ের মধ্যেই তা বালকেরা হারিয়ে ফেলবে। কাবমাষ্টার প্রত্যেক নবাগত বালক ও তাদের পিতামাতার কাছে পরিষ্কার করে রাখবেন যে, কাবদল হল স্কাউট দলের পূর্বকক্ষ মাত্র। তাঁর সব সময় কাবদের সামনে 'উন্নততর স্কাউটের' আদর্শ তুলে ধরা উচিত।

–উলফ কাবস হ্যান্ডবুক

যদিও আমাদের বয়সের সীমা আট থেকে আশি পর্যন্ত ছড়ানো এবং যদিও একই চার নীতি–চরিত্র, দক্ষতা, স্বাস্থ্য সেবা–এগুলো সব বয়সের জন্য প্রযোজ্য, তবুও বালকদের অগ্রগতির বিভিন্ন স্তরে প্রশিক্ষণের বিষয়ে পার্থক্য থাকে।

–স্কাউটিং এন্ড ইয়ুথ মুভমেন্ট

## স্কাউটারের ভূমিকা

যখন আমি দেখি যে, স্কাউট দলের শরীরচর্চা বেশ ভাল কিন্তু কোন পরীক্ষা বা নিজের খাবার রান্নায় অপারগ, তখন আমি দলের স্কাউট মাস্টারকে তেমন ভাল বলে বিবেচনা করি না। গতানুগতিক বা কল্পনাশক্তিহীন স্কাউটার সবসময় শরীরচর্চাকে গুরুত্ব দিয়ে তার পেছনে লেগে থাকেন।

–স্কাউটিং ফর বয়েজ

স্কাউটারের আচরণ সবচেয়ে গুরুত্বপূর্ণ। কারণ বালকেরা তাঁকে অনুকরণ করেই তাদের চরিত্র গঠন করে। তাই তাঁর দায়িত্ব নিজ পদকে ব্যক্তিগত মনে না করে প্রসারিত দৃষ্টিতে দেখা এবং সবার কল্যাণের জন্য নিজের চেতনাকে লোপ করতে তৈরি থাকা। এটাই সত্যিকারের শৃঙ্খলা।

–স্কাউটিং ফর বয়েজ

মন্টেসরি পদ্ধতির গোপন কথা হল, শিক্ষক শুধু কাজের আয়োজন করেন, লক্ষ্য ঠিক করার পরামর্শ দেন এবং সেখানে লক্ষ্যের বিষয় গ্রহণে আছে শিশুর পূর্ণ স্বাধীনতা। সুপরিচালিত লক্ষ্য ছাড়া স্বাধীনতা হয়ে পড়ে বিশৃঙ্খল। এ কারণে সন্দেহ নেই যে, স্কাউটিং বালকদের জন্য মন্টেসরি পদ্ধতির ধারাবাহিক অনুসরণ।

–হেড কোয়ার্টারস গেজেট

কাব মাস্টারের কাজ হল বালককে সঠিক পথের দিকে কৌতূহলী করে তোলা।

–উলফ কাবস হ্যান্ডবুক

কোন লোক কাবদের প্রশিক্ষক হিসেবে যথার্থ সাফল্য আশা করতে পারেন যদি তিনি তাদের 'বড় ভাই' হতে পারেন। কমান্ডিং অফিসার কোন কাজের নয় এবং 'স্কুল মাষ্টারের' ব্যর্থতাই নিয়তি। 'বড় ভাই' বলতে বোঝাই সেই লোককে যিনি বালকদের

মধ্যে বন্ধু হিসেবে স্থান করে নিতে পারেন। তিনি নিজে তাদের খেলা ও আমোদের মধ্যে ঢুকে তাদের আস্থা অর্জন করেন। এভাবে শিক্ষার জন্য প্রয়োজনীয় অবস্থানে নিজেকে নিয়ে যান। তিনি তাঁর উদাহরণ দিয়ে বালকদের সঠিক দিকে পরিচালিত করেন। তিনি পথ দেখানোর জন্য মাথার ওপর দিয়ে আঙুলে নির্দেশ দেন না। কিন্তু আমাকে ভুল বুঝবেন না এবং মনে করবেন না যে আমি কাব মাস্টারকে 'নরম' ও 'অভিমানী ছেলেমানুষ' হতে বলছি। বরং বন্ধুত্বকে যদি অক্ষুণ্ন রাখা মূল্যবান মনে করা হয় তাহলে দরকার দৃঢ়তা ও সরলতা।

–উলফ কাবস হ্যান্ডবুক

আমি চাই না কাব মাস্টারেরা ঐতিহ্য, নিয়ম ও পাঠক্রমের বেড়িতে আটকে আছে মনে করুন।

তাঁদের নিজের অভিজ্ঞতা ও কল্পনা, নিজের বালকসুলভতা ও বালকদের স্বভাবের প্রতি সহানুভূতি তাঁদের সর্বোত্তম নির্দেশক হবে।

–উলফ কাবস হ্যান্ডবুক

সফল গাইডার কখনও চালান না–তিনি পথ দেখান।

–গার্ল গাইডিং



## স্কাউটিং

আমি স্কাউটিংকে বালকদের জন্য একটি উত্তম জিনিস হিসেবে গ্রহণ করতে পরামর্শ দিয়েছি। কারণ আমি যখন বালক ছিলাম তখন তা শুরু করেছিলাম। আমি জানি তুমি যদি জীবন উপভোগ করতে চাও, তাহলে ছোট বেলা থেকেই স্কাউটিং শেখা হবে সেই লক্ষ্যে একটা বেশ বড় পদক্ষেপ।

–দি স্কাউটার

সেনা বা শহুরে ব্যবসায়ী যে জীবনই তুমি গ্রহণ কর না কেন, স্কাউটিং তাতে খুবই কাজে আসে।

–স্কাউটিং ফর বয়েজ

## স্কাউটিং ও গাইডিং

[স্কাউট ও গাইডদের] উভয়ের নীতি একই ধরনের। শুধু বিশদ বর্ণনায় তার পার্থক্য।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## স্কাউটিংয়ের চেতনা

চেতনাই সবকিছু। একবার তার বিকাশ ঘটলে সবকিছুই সহজ হয়ে আসে। চেতনা ছাড়া বালকদের প্রশিক্ষণে সফলতা আসলেই অসম্ভব।

–হেড কোয়ার্টারস গেজেট

আন্দোলনের চেতনা খুলে দেওয়ার চাবি হল বনকলা ও প্রকৃতি পাঠের রোমান্স।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউটিং এমন জিনিস নয় যা জনসভায় বক্তৃতার ভাষায় বা ছাপানো সংজ্ঞায় শিক্ষা দেওয়া যায় না। এর সফল প্রয়োগ পুরাপুরি নির্ভর করে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী উভয়ের স্কাউট চেতনা উপলব্ধি করার মধ্যে।

–হেড কোয়ার্টারস গেজেট

নতুন স্কাউট কার্যক্রম সম্পর্কে একটি রসিকতা আছে যে, তা হল বাড়িতে বাচ্চার জন্য বাবার আনা একটি খেলনার মত; বাবা প্রথমে নিজেই খেলনাটি নিয়ে খেলা শুরু করেন। স্কাউটিংয়ে ঠিক এটাই হওয়া উচিত।

–হেড কোযার্টারস গেজেট

## স্কাউটিংয়ের লক্ষ্য

স্কাউটিংয়ের সামগ্রিক লক্ষ্য হচ্ছে বালকদের চরিত্রে গভীর আগ্রহের সৃষ্টি করে তা যথাযথভাবে বিকশিত করা এবং তার ব্যক্তিত্বের বিকাশ সাধন ও উৎসাহিত করা–যাতে বালকেরা উত্তম মানুষ ও দেশের জন্য সুযোগ্য নাগরিক হিসেবে নিজেকে শিক্ষিত করে তুলতে পারে।

–স্কাউটিং ফর বয়েজ

গাইডিংয়ের লক্ষ্য হচ্ছে, আমাদের মেয়েদের যে কোন পরিবেশে সুস্থ ও আনন্দময় কার্যাবলির মাধ্যমে উৎসাহিত করে তোলা যাতে বিদ্যালয়ে তাদেরকে নিচের চারটি বিষয়ে শিক্ষা প্রদান করা যায় :

- চরিত্র ও বুদ্ধিমত্তা
- কলাকৌশল ও দক্ষতা
- শারীরিক স্বাস্থ্য ও স্বাস্থ্যবিজ্ঞান
- অপরের সেবা ও বন্ধুত্ব।

–গার্ল গাইডিং

গার্ল গাইড আন্দোলনের লক্ষ্য হচ্ছে, পিতামাতা, শিক্ষক ও ধর্মযাজকদের জন্য বিদ্যালয়ের বাইরে সুন্দর পরিবেশ ও উত্তম কার্যাবলির ব্যবস্থা করা।

–গার্ল গাইডিং

স্কাউট প্রশিক্ষণের লক্ষ্য হচ্ছে আমাদের ভবিষ্যৎ নাগরিকদের চরিত্র ও স্বাস্থ্যের মান উন্নয়ন সাধন, তাদের নিজেদেরকে সেবায় নিয়োজিত করা, নৈতিক শারীরিক দিক থেকে ব্যক্তিগতভাবে দক্ষ করে তোলা–যার ফলে সমাজের সেবায় তারা সে দক্ষতা কাজে লাগাতে পারে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

আন্দোলনে আমাদের লক্ষ্য যুব সমাজের দৈনন্দিন জীবনে নিঃস্বার্থ সদিচ্ছা ও সহযোগতিা চর্চার মাধ্যমে চেতনার সৃষ্টি করে বিশ্বের বুকে স্রষ্টার রাজ্য স্থাপনে সাহায্য করা।

–ভাষণ, ১৯২৬

বয় স্কাউট ও গার্ল গাইড আন্দোলনের লক্ষ্য হচ্ছে নারী ও পুরুষকে স্বাস্থ্য, সুখ ও উপকারী–এই তিনটি গুণের সমাবেশে নাগরিক হিসেবে গড়ে তোলা।

–লেসনস ফ্রম দি ভার্সিটি অব লাইফ

আমাদের লক্ষ্য আমাদের পরবর্তী বংশধরকে আগের চেয়ে বেশি উদার দৃষ্টিভঙ্গিসহ উপকারী নাগরিক হিসেবে গড়ে তোলা এবং এভাবে বন্ধুত্ব ও সহযোগিতার মাধ্যমে বর্তমানে শ্রেণিতে শ্রেণিতে, বর্ণে বর্ণে ও দেশে দেশে যুদ্ধ ও অশান্তিসৃষ্টিকারী বিরাজমান বিরোধিতার জায়গায় শুভেচ্ছা ও শান্তি প্রতিষ্ঠা করা। আমরা সকল মানুষকে পরস্পর ভাই হিসেবে, একই আদি পিতার সন্তান হিসেবে বিবেচনা করি। কেবল পারস্পরিক সহমর্মিতা ও শুভেচ্ছা তথা ভালবাসার মাধ্যমেই তাদের মধ্যে সুখ আনা যাবে।

–জাম্বুরি, ১৯২২

আমাদের প্রকৃত লক্ষ নিজ দেশের জন্য পৌরুষদীপ্ত মানুষ সৃষ্টি করা–যারা দেহ, মন ও চেতনায় শক্তিশালী, যারা বিশ্বাসযোগ্য, কঠিন কাজ ও সময়ের মোকাবিলায় প্রস্তুত, যারা জনতার আবেগে পরিচালিত না হয়ে নিজে সিদ্ধান্ত গ্রহণে সক্ষম যারা জাতির বৃহত্তম স্বার্থে নিজের স্বার্থ বিসর্জন করতে পারে।

স্কাউটদের দেশ প্রেম কখনও সংকীর্ণ হবে না। তবে তারা উদার দৃষ্টিতে সহানুভূতি-শীলতার সঙ্গে অন্যান্য দেশের দেশপ্রেমিকদের উচ্চ আকাঙ্ক্ষাও প্রত্যক্ষ করবে।

–ভাষণ, ১৯২৭

নীতিকে কারিগরি মাপকাঠিতে পরিমাপ করো না। মুক্তাঙ্গনে দক্ষতা, বনকলা, শিবিরবাস, পরিভ্রমণ, পরোপকার, জাম্বুরির বন্ধুত্ব- এসবই হচ্ছে এক একটি উপায়–চূড়ান্ত কিছু নয়। চূড়ান্ত হচ্ছে–বিশেষ লক্ষ্য সম্বলিত চরিত্র।

–দি স্কাউটার

চূড়ান্ত লক্ষ্য হচ্ছে অসুস্থ বিশ্বে পরবর্তী কালের জন্য সুস্থ বংশধর সৃষ্টি করা এবং স্রষ্টা ও প্রতিবেশীর প্রতি ভালবাসা ও কর্তব্যের মাধ্যমে সেবা করা।

–স্কাউটিং ফর বয়েজ

## স্কাউটিংয়ের সংজ্ঞা

'স্কাউটিং' শব্দের অর্থ বনকলাবিদ, অনুসন্ধানী, শিকারি, নাবিক, বৈমানিক, অভিযাত্রী ও সীমান্তরক্ষীর কাজ ও গুণাবলি।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউটিং হচ্ছে বনকলার মাধ্যমে নাগরিকত্ব শিক্ষার বিদ্যালয়।

–স্কাউটিং ফর বয়েজ

স্কাউটিং হচ্ছে বহিরাঙ্গণে বিনোদনমূলক কার্যাবলির সুপারিশ–যাতে শিক্ষার জন্য বাস্তব সহায়তার সুযোগ লক্ষ করা যায়।

–স্কাউটিং ফর বয়েজ

স্কাউটিং নয় এমন কতগুলো বিষয় হচ্ছে :

–এটি গরিব শিশুদের কল্যাণের জন্য পরিচালিত সমাজের মানুষের কোন দাতব্য সংগঠন নয়।

–এটি নির্দিষ্ট পাঠ্যসূচি ও পরীক্ষার মান সম্বলিত কোন বিদ্যালয় নয়।

–এটি ছেলেমেয়েদের মধ্যে সাহসিকতা সঞ্চারের জন্য কর্মকর্তাগণের কোন সংগঠন নয়।

–এটি জনগণের সুবিধার্থে কোন সংবাদবাহক প্রতিনিধি নয়।

–এটি এমন কোন প্রদর্শনী নয়-যেখানে মেধাব্যাজ, পদক ইত্যাদি প্রদান করে বাইরের ফলাফল লাভ করা যায়।

–এসব কিছু বাইরে থেকে আসে। কিন্তু স্কাউট প্রশিক্ষণ আসে ভিতর থেকে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউটিং বালকদের নেতৃত্বে বালকদের জন্য খেলা। এতে বড় ভাইয়েরা ছোট ভাইদের জন্য সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করতে এবং ভাল কাজের জন্য উৎসাহ দিতে পারে। এ ভাবে তারা সুনাগরিক হতে সাহায্য করে।

–এইডস টু স্কাউট মাষ্টারশিপ

স্কাউটিং মনোযোগ দিয়ে পড়ার কোন বিজ্ঞান নয়, কোন মতবাদের সংগ্রহও নয়, বালকদের মধ্যে শৃঙ্খলা সৃষ্টির জন্য কোন সামরিক অনুশাসনও নয়। বরং এটি হচ্ছে বহিরাঙ্গণে বিনোদনমূলক খেলা, যেখানে বয়স্ক লোক ও বালকেরা ভ্রাতৃত্বের মনোভাব নিয়ে স্বাস্থ্য ও আনন্দ, কুশলতা ও উপকারের জন্য অভিযাত্রী হতে পারে।

–দি স্কাউটার

সমস্ত আন্দোলনকে সংক্ষেপে সেবার জন্য সর্বজনীন ভ্রাতৃত্ব বলে অভিহিত করা যায়।

–ভাষণ, ১৯২২

স্কাউটিং হচ্ছে খেলা। কিন্তু কখনও বিস্মিত হই যে হয়ত আইনকানুনে, কাগজ পত্রে, প্রশিক্ষণ কালে আমরা তাকে অত্যন্ত গুরুতর খেলা হিসেবে নির্দেশ করি।

–দি স্কাউটার

স্কাউটিং যা তাকে তা বলেই অভিহিত করতে হবে। যদি একে আমরা নৈতিক গুণাবলি অর্জনের সমিতি বলি তবে বালকেরা এর দিকে কখনই ছুটে আসবে না। কিন্তু একে যদি স্কাউটিং বলি এবং তাকে নতুন স্কাউট হওয়ার সুযোগ দেওয়া হয় তবে সে একে একটি আনন্দের উৎস বলে মনে করবে।

–লেসনস ফ্রম দি ভার্সিটি অব লাইফ



## স্থানীয় পরিবেশ

অনেক স্কাউট-শিক্ষক সম্ভবত আশা করেন যে, তাঁদের সবকিছুই বিস্তারিতভাবে আমার বলে দেওয়া উচিত। কিন্তু বাস্তবে তা অসম্ভব। কারণ যা কোন বিশেষ জায়গার কোন বিশেষ দল বা বিশেষ ধরনের বালকের জন্য উপযোগী, তা মাইল খানেক দূরের জন্যও উপযোগী হতে পারে না–সারা বিশ্বে ছড়ানো এবং সম্পূর্ণ ভিন্ন পরিবেশের ক্ষেত্রে তো নয়ই।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## স্বর্গ

জ্ঞানী ব্যক্তি কখনই আবছা ভবিষ্যতের শূন্য স্বর্গের সম্ভাবনার ওপর নির্ভর করে থাকেন না। তিনি উপলব্ধি করেন যে, তিনি এই জগতে এখনই নিজের স্বর্গ তৈরি করে নিতে পারেন।

স্বর্গ আসলে কোথাও কোন মিথ্যা বস্তু নয়, স্বর্গ এই জগতে নিজের হৃদয়ে এবং পরিবেশের মধ্যেই বিরাজমান।

–রোভারিং টু সাকসেস

## স্রষ্টার প্রতি কর্তব্য

স্রষ্টার প্রতি কর্তব্য পালনের বেলায় তাঁর প্রতি কৃতজ্ঞ থাক। আনন্দ বা ভাল খেলা উপভোগের সময় অথবা কোন ভাল কাজে সফলতা অর্জন করার ফলে দু এক কথা উচ্চারণ করে হলেও তাঁকে ধন্যবাদ জানাও।

–স্কাউটিং ফর বয়েজ

স্রষ্টার প্রতি অনুগত হওয়ার অর্থ তাঁকে ভুলে যাওয়া নয়, বরং সকল কাজে তাঁকে স্মরণ করা বোঝায়। যদি তুমি কখনও তাঁকে না ভোলো, তাহলে তুমি কখনই কোন অন্যায় কাজ করবে না। আর যদি তুমি কখনও অন্যায় কিছু কর এবং যদি তখন হঠাৎ স্রষ্টার কথা মনে হয় তবে তুমি সে কাজ করা থেকে বিরত হবে।

স্রষ্টা তোমার প্রতি সদয় রয়েছেন। তাই প্রতিদানে তাঁর প্রতি কিছু করা তোমার উচিত। সেটাই হবে স্রষ্টার প্রতি তোমার কর্তব্য।

–গার্ল গাইডিং

স্রষ্টার প্রতি কোন বালকের কর্তব্যের অংশ হচ্ছে, জীবনপথে চলার জন্য বিধাতা তাকে যেসব গুণ দিয়েছেন সেসবের প্রতি যত্ন নেওয়া, তার উন্নয়ন সাধন করা, তার পবিত্র দায়িত্ব সম্পর্কে সচেতন হওয়া, দেহের স্বাস্থ্য, শক্তি ও কর্মক্ষমতা স্রষ্টার সেবায় নিয়োজিত করা; মনের ভালমন্দ বিবেচনা শক্তি, স্মৃতিশক্তি ও প্রশংসার ক্ষমতা-যা মানুষকে অপরাপর প্রাণী জগৎ থেকে উচ্চাসনে বসিয়েছে–সেসব দিক এবং স্রষ্টার গুণাবলি সম্পন্ন আত্মা-যা সবিরাম প্রকাশ ও অনুশীলনের মাধ্যমে উন্নয়ন সাধন করে শক্তিশালী করা যেতে পারে। এভাবে আমরা তাকে শিক্ষা দিই যে, স্রষ্টার প্রতি কর্তব্য পালন অর্থ এই নয় যে, কেবল তাঁর দয়ার ওপরই নির্ভরশীল হতে হবে। বরং প্রতিবেশীর প্রতি ভালবাসা প্রদর্শন করে স্রষ্টার ইচ্ছা রূপায়িত করতে হবে।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

## স্বার্থপরতা

আমাকে যদি জিজ্ঞেস করা হত যে, দুনিয়াতে বিরাজমান পাপ কোনটি, তাহলে বলতাম–স্বার্থপরতা।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

দশ ভাগের নয় ভাগ লোকেরই প্রথম লক্ষ্য হল 'নিজ'–যা তথাকথিত প্রত্যেক 'দেশপ্রেমিক জাতির' মধ্যে দেখা যায়। 'নিজ'-এর উন্নতির অর্থ পরিণতিতে যুদ্ধ। এটা দুনিয়াতে শয়তানের রাজত্ব। এর বিরুদ্ধে স্বার্থহীন ভালবাসা ও সেবা দুনিয়াতে স্রষ্টার শাসন কায়েম করে। ধর্ম স্রষ্টার শাসন ছড়িয়ে দেয়।

–ভাষণ, ১৯২৬

স্বার্থপরতা কখনই জাতি গঠন করে না।

–লাইফস স্ন্যাগস

## স্বাস্থ্য

আমাদের লক্ষ্য হওয়া উচিত প্রত্যেক বালককে ব্যক্তিগতভাবে তার নিজের যত্ন এবং নিজের স্বাস্থ্য ও শক্তির জন্য তার দায়িত্ব সম্পর্কে বোঝানো। এটা তার নিজের প্রতি, জাতির প্রতি এবং তার স্রষ্টার প্রতি কর্তব্য।

–স্কাউটিং ফর বয়েজ

তরুণ নাগরিকদের তাদের নিজের উন্নয়ন ও স্বাস্থ্যের ব্যাপারে দায়িত্ব উপলব্দি করানোর শিক্ষাদানে প্রধান গুরুত্ব বিদ্যমান।

–গার্ল গাইডিং

শারীরিক শিক্ষা শরীরচর্চার মত একরকম নয়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

চমৎকার দেহের ধারণা বালকদের মধ্যে জাগিয়ে তুলতে হবে–যে দেহ তাকে স্রষ্টার নিজের হাতের কাজ ও মন্দিরের মত রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য দেওয়া হয়েছে। কেউ যদি শারীরিক ভাবে উত্তম ও সাহসী কাজ করার যোগ্য হয়ে কর্তব্যবোধ ও বীরত্ব দ্বারা পরিচালিত হতে পারে তবে তা হবে উচ্চ নৈতিকবোধ সমৃদ্ধ।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

বিধাতা তোমাকে একটি শরীর দান করেছেন–না, তিনি তা তোমাকে ধার দিয়েছেন তার সর্বোত্তম ব্যবহারের জন্য। মদে ডোবানোর জন্য নয়, ভোগ লালসার মাধ্যমে থলথলে ও দুর্বল করার জন্য নয়,–বরং একজন পুরুষ হওয়া এবং সন্তানের জনক হওয়ার জন্য যথার্থ শক্তিমান সুন্দর দেহ গঠনের যত্ন নিতে হবে।

তুমি যদি চাও তবে তা করতে পার। এটা তোমার ওপর নির্ভর করে। এটা কেমন চমৎকার অভিযাত্রা হতে পারে!

–রোভারিং টু সাকসেস

স্বাস্থ্য সম্পদের চেয়েও মূল্যবান।

–রোভারিং টু সাকসেস

স্কাউটেরা শ্বাস নেয় নাকের মাধ্যমে, মুখের মাধ্যমে নয়।

–স্কাউটিং ফর বয়েজ

খুব কম বালককেই দৌড়াতে সক্ষম দেখে সত্যিই আশ্চর্যান্বিত হতে হয়।

স্বাভাবিক, সহজ হালকা পদক্ষেপ আসে কেবল দৌড়ানোর অভ্যাস থেকে। এটা ছাড়া হতভাগ্য বালক হয় মাটির ঢেলার মত হয়ে ধীর ভারি থপথপ করে হাঁটে, না হয় শহুরে মানুষের অনিয়মিত চলনের অধিকারী হয়।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ

স্কাউট সাধারণত মুখ বন্ধ করে রাখে।

–রোভারিং টু সাকসেস

সকল স্কাউটেরই খুব ভোরে ওঠার অভ্যাস করা উচিত। এটা সময় বাঁচানোর সবচেয়ে সহজ সম্ভাব্য উপায়।

–রোভারিং টু সাকসেস

আমি শীত গ্রীষ্ম সব সময়েই ঘরের বাইরে ঘুমাই। আমি ঘরের ভিতরে যদি বেশি থাকি তবে অসুস্থ অনুভব করি। ঘরে ঘুমালে আমার ঠাণ্ডা লাগে।

–রোভারিং টু সাকসেস

## হাঁটা

আমি যখন হাঁটার কথা বলি, তখন তার অর্থ করি সোজা হয়ে হাঁটা–ভিজা জবুথবু হয়ে চলা নয়।

–রোভারিং টু সাকসেস

## হাতে কলমে শেখা

প্রত্যেক স্কাউটই কচি কদম হিসেবে কাজ শুরু করে এবং প্রথমে তাকে কিছু ভুল করতে হয়। নেপোলিয়ন বলেছেন, 'যে লোক কখনও ভুল করে না, সে কখনও কিছু করতে পারে না।'

–ইয়ার্ন ফর বয় স্কাউটস

শিশুরা কিছু করতে চায়। তাই তাদের সঠিকভাবে কাজ করার জন্য উৎসাহিত কর এবং তাকে নিজের পথে করতে দাও। তাকে ভুল করতে দাও, এতে সে অভিজ্ঞতা থেকে শিখতে পারবে।

–হেড কোয়ার্টারস গেজেট

পুডিংয়ের প্রমাণ তা খাওয়ার মধ্যে।

–হোয়াট স্কাউটস ক্যান ডু

বালকদের নিজে নিজে যা করতে পারা উচিত তার সবটাই আপনি নিজে করে ফেলবেন না। তারা তা করছে কিনা তা দেখুন। 'আপনি যদি কোন কাজ করাতে চান তবে তা নিজে করবেন না।'–এটাই ঠিক কথা।

–এইডস টু স্কাউট মাস্টারশিপ



## হীনতা

স্কাউট অবশ্য কখনও হীন হয় না। এক ধরনের লোক তার চেয়ে গরিব লোকদের হীন বলে দেখে, অথবা কেউ তার চেয়ে ধনী হলে সে নিজেকে গরিব ও ক্ষুব্ধ বলে ভাবে। স্কাউট অন্য মানুষকে যেমন দেখে তেমনি ভাবে গ্রহণ করে এবং তার যা ভাল করা সম্ভব তা-ই করে।

–স্কাউটিং ফর বয়েজ

## শেষকথা

যাঁরা বীজ বপন করেন তাঁদের অধিকাংশই ফসল দেখার জন্য প্রকৃতির নিয়মে এ জগতে বেঁচে থাকেন না; কিন্তু আমরা প্রকৃত উল্লসিত হয়ে কৃতজ্ঞবোধ করতে পারি যে, আমাদের ফসল ইতিমধ্যেই অনেকটা উন্নত রূপ লাভ করেছে।

–দি স্কাউটার

